

ইংরেজী উচ্চারণের গাইড বই

বোধগম্য ইংরেজী উচ্চারণ শেখার একটি প্র্যাক্টিক্যাল গাইড বই

বইটি কার জন্য?

স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী, পেশাদার ব্যক্তি, বিভিন্ন ধরনের কর্মচারী, ভ্রমণকারী, আন্তর্জাতিক ব্যবসায়ী, এবং অন্যান্যরা- যারা বোধগম্য ইংরেজী উচ্চারণ শিখতে চান ও ইংরেজী ভাষায় দেশী ও বিদেশীদের সাথে কথা বলতে চান, এই self-study গাইড বই তাঁদের জন্য

এতে কী সম্বন্ধে আলোচনা আছে?

- সংলাপের ধ্বনি লিপিকরণ
- Bengali Phonetic Alphabet (BPA)-এর সাথে প্রাথমিক পরিচয়
- নূতন ইংরেজী ব্যঞ্জনধ্বনি প্রত্যয়ীকরণ - /f, v, z, ʒ, w/
- নূতন ইংরেজী স্বরধ্বনি প্রত্যয়ীকরণ - /ə, ʌ/
- পুরনো ও নূতন ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ - /চ, স, শ, জ, ফ, প, ব, ব/
- যে সকল ইংরেজী ধ্বনি সম্বন্ধে বাঙালিদের সচেতন থাকতে হবে - /ʃ/, /ʒ/, /θ/, /ð/, /ʳw/
- ইংরেজী শব্দে দ্বিগুণিত অক্ষর ও BPA-তে যুক্ত্যক্ষর
- ইংরেজী উচ্চারণে /ক/, /প/ ও /ট/ ধ্বনি মহাপ্রাণতা
- ইংরেজী উচ্চারণের অখণ্ডাত্মক/ছান্দস চরিত্র

আর কী পাবেন?

- ইংরেজী ধ্বনি উচ্চারণ করার সময় উচ্চারণক প্রত্যয়গুলির প্রাথমিক অবস্থানের ছবি
- ইংরেজী ধ্বনি উচ্চারণ শেখার জন্য vocal exercises
- ইংরেজী ধ্বনি উচ্চারণ প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী এবং audio/video clips (DVD 1)
- নূতন ইংরেজী ধ্বনি শেখার জন্য audio/video clips (DVD 2)
- ইংরেজী উচ্চারণের অখণ্ডাত্মক/ছান্দস চরিত্র শেখার জন্য audio/video clips (DVD 2)

ISBN 978 984 34 0223 3



9 789843 402233

ইংরেজী উচ্চারণের গাইড বই

আমিন রহমান

ENGLISH
PRONUNCIATION
GUIDE BOOK FOR
NATIVE BENGALI
SPEAKERS

Amin Rahman

In this self-study English Pronunciation Guide Book for Native Bengali Speakers (NBS) a **Bengali Phonetic Alphabet (BPA)** has been used to transcribe the pronunciations of English words.

English has some sounds, both consonants and vowels, which are not present in the Bengali language. So when NBS English learners, with no prior training in English pronunciation, speak English, they may use Bengali or regional Bengali sounds in place of some English sounds.

Of the 24 English consonant sounds, 19 are already present in the Bengali language and of the 20 English vowel sounds only two are missing in the Bengali language. This means that there are only seven English sounds which a Bangali has to learn. These seven new English sounds are represented in BPA by seven new symbols and the common sounds are represented by corresponding characters from the Bengali Alphabet.

This guide book takes the users through all the new English sounds and their corresponding transcription symbols, one by one. It also discusses other pronunciation problems of Bangalis and shows how to overcome them.

BDT 600 | USD 20 | BP 15 | AUD 25

ইংরেজী উচ্চারণের গাইড বই

আমিন রহমান

ZAMOSC mobile schools

First printed and published in Dhaka, Bangladesh in 2016

Edited by Husne Jahan

Translation (English to Bangla) by Md. Anisur Rahman

Proof reading by Dilruba Shahana

Cover design by Niaz Ahmad Aungshu

Layout & Illustration by Md. Shahidul Islam (M 01712 527035)

Printed by Color Line (M 01715 812345)

Published by Zobeda & Amin Rahman

© Zobeda & Amin Rahman

No unauthorised photocopying

All rights reserved. No part of this publication may be reproduced or transmitted in any form or by any means, electronically or mechanically, including photocopying, recording or any information storage or retrieval system, without obtaining prior written permission from the copyright holders.

You must not circulate this work in any other form and you must impose the same condition on any acquirer.

The advice and information in this guide book are believed to be true and accurate according to the author. Neither the author nor the publishers can accept any legal responsibility or liability for any errors or omissions.

ISBN: 978 984 34 0223 3

RRP: BDT 600 | USD 20 | BP 15 | AUD 25

To
Kishwar Rahman
and
Ziad Rahman

সূচীপত্র

Acknowledgements xi

Foreword xv

- ১ ভূমিকা ১
 - ১.১ পটভূমি ১
 - ১.২ BPA পদ্ধতি কেন? ২
 - ১.৩ উচ্চারণের জন্য গাইড বই কেন? ৩
 - ১.৪ গাইড বইয়ের কাঠামো ৪
 - ১.৫ ইংরেজী উচ্চারণের স্বীকৃত মান ৫
 - ১.৬ EPGB ব্যবহার ৬
 - ১.৭ কাল্পনিক কর্মশালা এবং ঈঙ্গিত ফলাফল ৭
- ২ সংলাপের ধ্বনি লিপিকরণ ৯
 - ২.১ বর্ণ ও ধ্বনি ৯
 - ২.২ চিহ্নলিপির ব্যাখ্যা ১০
- ৩ BPA-র সাথে প্রাথমিক পরিচয় ১১
 - ৩.১ যেসব ব্যঞ্জনধ্বনি দুটি ভাষাতেই আছে ১১
 - ৩.২ যেসব স্বরধ্বনি দুটি ভাষাতেই আছে ১২
 - ৩.২.১ ইংরেজী স্বরধ্বনির মান ১৩
 - ৩.২.২ ইংরেজী স্বরধ্বনির পরিমান ১৫
 - ৩.৩ BPA-তে ইংরেজী শব্দের উচ্চারণ প্রতিলিপি ১৮
- ৪ নূতন ইংরেজী ব্যঞ্জনধ্বনি প্রত্যয়ীকরণ ২১
 - ৪.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি যেগুলি বাংলা ভাষাতে নেই ২১
 - ৪.১.১ বাক যন্ত্র ২২
 - ৪.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি যেগুলি বাঙালিদের প্রত্যয়িত করতে হবে - /f, v, z, ʒ, w/ ৩২

- ৪.২.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /f/ ৩২
- ৪.২.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /v/ ৩৫
- ৪.২.৩ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /z/ ৩৮
- ৪.২.৪ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /ʒ/ ৪১
- ৪.২.৫ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /w/ ৪৩

৫ নূতন ইংরেজী স্বরধ্বনি প্রত্যয়ীকরণ - /ə, N/ ৪৬

- ৫.১ ইংরেজী স্বরধ্বনি /ə/ ৪৭
- ৫.২ ইংরেজী স্বরধ্বনি /N/ ৫০

৬ ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ ৫৩

- ৬.১ পুরনো ও নূতন ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ - /চ, স, শ, জ, z/ ৫৩
- ৬.২ Group 1: ব্যঞ্জনধ্বনি - /চ, স, শ/ - পুনরায় প্রত্যয়ীকরণ ৫৩
 - ৬.২.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /চ/ ৫৩
 - ৬.২.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /স/ ৫৫
 - ৬.২.৩ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /শ/ ৫৬
- ৬.৩ Group 2: ব্যঞ্জনধ্বনি - /জ, z/ - পুনরায় প্রত্যয়ীকরণ ৫৯
 - ৬.৩.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /জ/ ৫৯
 - ৬.৩.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /z/ ৬০
 - ৬.৩.৩ ইংরেজী ব্যঞ্জনধ্বনি - /জ, z/ - সারাংশ ৬১
- ৬.৪ Group 3: ব্যঞ্জনধ্বনি - /f, প/ - পুনরায় প্রত্যয়ীকরণ ৬২
 - ৬.৪.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /f/ ৬২
 - ৬.৪.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /প/ ৬২
- ৬.৫ Group 4: ব্যঞ্জনধ্বনি - /v, ব/ - পুনরায় প্রত্যয়ীকরণ ৬৪
 - ৬.৫.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /v/ ৬৫
 - ৬.৫.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /ব/ ৬৫
- ৬.৬ সতর্কীকরণ ৬৭

৭ অন্যান্য ইংরেজী ধ্বনি যেগুলি সম্বন্ধে বাঙালিদের সচেতন থাকতে হবে ৬৮

- ৭.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /য়/ ৬৮
- ৭.২ অতিরিক্ত ছোট পরিমানের ইংরেজী স্বরধ্বনি /ʊ/ ৬৯
- ৭.৩ ইংরেজী ব্যঞ্জনধ্বনি “r” উচ্চারণ ৭০
- ৭.৪ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /ট/ এবং /ড/ ৭১
- ৭.৫ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /ʳw/ ৭৩

৮ ইংরেজী শব্দে দ্বিগুণিত অক্ষর ও BPA-তে যুক্তাক্ষর ৭৫

- ৮.১ ইংরেজী শব্দে দ্বিগুণিত অক্ষর ৭৫
- ৮.২ BPA-তে যুক্তাক্ষর ৭৬

৯ ইংরেজী উচ্চারণে /ক/, /প/ ও /ট/ ধ্বনি মহাপ্রাণতা ৭৮

১০ ইংরেজী উচ্চারণে অখন্ডাত্মক চরিত্র ৮০

- ১০.১ উচ্চারণের অখন্ডাত্মক চরিত্রের সাথে পরিচয় ৮০
- ১০.২ ইংরেজী উচ্চারণের অখন্ডাত্মক চরিত্র শেখার সহজ পথ ৮২
- ১০.৩ ইংরেজী শেখার সার্বিক পদক্ষেপ ৮৫
- ১০.৪ উপসংহার ৮৬

পুস্তক বিবরণী ৮৮

টেবিলের তালিকা

- 3.1 ব্যঞ্জনধ্বনি, যেগুলো ইংরেজী ও বাংলা, দুই ভাষাতেই আছে, সেগুলির BPA-প্রতিলিপি ১১
- 3.2 ইংরেজী স্বরধ্বনির BPA প্রতিলিপি ১২
- 3.3 BPA-তে ইংরেজী শব্দের স্বরধ্বনি ১৪
- 3.4 ইংরেজী শব্দে স্বরধ্বনি পরিমাণ ১৭
- 3.5 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ধ্বনিগুলি ইংরেজী ও বাংলাতে আছে ১৯
- 4.1 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /f/ আছে ৩৪
- 4.2 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /v/ আছে ৩৭
- 4.3 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /z/ আছে ৪০
- 4.4 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /ʒ/ আছে ৪২
- 4.5 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /w/ আছে ৪৪
- 5.1 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী স্বরধ্বনি /ə/ আছে ৪৯
- 5.2 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী স্বরধ্বনি /ʌ/ আছে ৫১
- 6.1 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী /ç, স, শ/ ধ্বনিগুলি আছে ৫৮
- 6.2 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী /z, জ/ ধ্বনিগুলি আছে ৬১
- 6.3 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী /f, প/ ধ্বনিগুলি আছে ৬৪
- 6.4 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী /v, ব/ ধ্বনিগুলি আছে ৬৬
- 7.1 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /য়/ আছে ৬৯
- 7.2 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী স্বরধ্বনি /ʊ/ আছে ৭০
- 7.3 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /র/ আছে ৭১
- 7.4 BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী /ট/ বা /ড/ আছে ৭৩
- 7.5 BPA-তে ইংরেজী শব্দ, যাতে শুরুতে "q" আছে ৭৪
- 8.1 BPA-তে ইংরেজী শব্দ, যাতে duplicate letters আছে ৭৫
- 8.2 BPA-তে ইংরেজী শব্দ, যাতে যুগ্মধ্বনি আছে ৭৭
- 10.1 Beginning level ইংরেজী শিক্ষার্থীর ইংরেজী উচ্চারণের BPA-প্রতিলিপি ৮৩
- 10.2 Medium level ইংরেজী শিক্ষার্থীর ইংরেজী উচ্চারণের BPA-প্রতিলিপি ৮৪
- 10.3 Advanced level ইংরেজী শিক্ষার্থীর ইংরেজী উচ্চারণের BPA-প্রতিলিপি ৮৪

চিত্রের তালিকা

- 4.1 বাক যন্ত্র ২৩
- 4.2 উভয়োষ্ঠ ধ্বনি উচ্চারণের উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ২৫
- 4.3 জিহ্বার বিভিন্ন অংশ ২৬
- 4.4 স্বরযন্ত্রের উপরে অবস্থিত উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলি ২৭
- 4.5 স্বরযন্ত্রের ভিতর স্বরতন্ত্রী ৩০
- 4.6 /f/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৩২
- 4.7 /v/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৩৫
- 4.8 /z/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৩৮
- 4.9 /ʒ/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৪১
- 4.10 /w/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৪৩
- 6.1 /ç/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৫৪
- 6.2 /স/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৫৫
- 6.3 /শ/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৫৭
- 6.4 /জ/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৫৯
- 6.5 /প/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৬৩
- 6.6 /ব/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৬৬
- 7.1 /য়/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৬৮
- 7.2 /ট/ ও /ড/ - উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান ৭২

Acknowledgements

Writing this book was a first for me and I was not sure that I was up to the task. But fortunately, many people, from different places around the globe, coming from different walks of life, who heard about this venture, encouraged me to go on. They are too numerous to mention individually by name. I thank them all and, in particular, express my gratitude to the following:

First of all I thank Zobeda Rahman, my best friend and constant companion for the last forty seven years, who always encouraged me. Whenever I showed any scepticism she remarked, "I know you can do it". She allowed me to sit before my computer, day and night, when I should have been giving her a hand in some household chores. She also did not complain when I discussed with her my ideas and thoughts during our daily meals together, both at home and when we were eating out. She went through the final Bengali translation and suggested changes to words, phrases and sentences to make it more readable and comprehensible.

Obaidur Rahman, currently Head Teacher of Ghorashal Pilot High School, first introduced me to English learners (students, teachers and tradespeople) in rural Bangladesh. I first tried out the Bengali Phonetic Alphabet (BPA) at Janata Jute Mills Bidyapith, which Obaid had arranged, during October/November 2012 in a 20-hour workshop, where 50 senior students (aged 13-16) and a few English teachers participated. They listened to me patiently for two weeks and critiqued me. At the end of the workshop the students produced a mini-BPA dictionary which I presented at a seminar organised by the English department of the University of Liberal Arts in Bangladesh (ULAB). Later, Obaid teamed up with Ranjit Podder, Associate Professor of the Teachers' Training College in Dhaka, and organised the first three-day workshop on BPA and English Pronunciation in which twelve school and college teachers of Bangladesh participated. This was in September 2013.

Subsequently, Ranjit Podder wrote a newspaper article on the workshop and published it in some English dailies in Dhaka. At one point in the article he pleaded to potential sponsors to come forward and organise more such workshops for other English teachers and trainers in Bangladesh. Messrs Anir Chowdhury, Faruque Ahmad and Sujon

Rafiqul Islam of the Department of Access to Information (a2I) of the Prime Ministers' Office (PMO) of the Government of Bangladesh (GoB), contacted me by email. In January 2015, a2I organised three, two-day workshops that I conducted in Dhaka for school and college teachers in Bangladesh, as well as for government officials. They also gave me access to about 75000 school teachers stationed all over Bangladesh through the Govt Teachers' Portal where I was able to introduce to the teachers many of the concepts, tools and techniques that I have presented in this book. Sujon compiled a list of all the pronunciation related contents that I had posted on the portal and put a link to this list on its home page. I take this opportunity to thank these three gentlemen and also all members of this portal who tried out some of my tools and techniques and took part in constructive discussions.

Over the past four years, I have had a lot of email discussions with Ruth Nicholls of the University of New England in NSW, Australia. I benefited from these consultations immensely. She never refuses to review any of my writings that I send her. She meticulously goes through them, irrespective of their size, and always gives her frank and helpful comments and suggestions. Thanks, Ruth.

The other person to whom I will be grateful is a retired engineer, Mushfiqur Rahman, a Foujdarhat Cadet College legend, who happens to be one of my neighbours in Melbourne. When we met socially, I discussed with him the contents of this book with the intention of getting his insightful views on a particular topic. Despite claiming that he did not know BPA and could not comment on the technical parts of the book he went through the entire draft very thoroughly. Based on his own observations and personal experience in speaking English with Native Bengali Speakers around the world, he made some very pertinent suggestions which led me to make additions and give further clarification on some points.

I would also like to thank Dr. Helen Fraser, formerly a faculty of the University of New England, an internationally renowned Pronunciation Expert, who now runs her own consultancy on Cognitive and Forensic Phonetics. I borrowed the term (re)conceptualisation from her writings which she introduced in the teaching of English Pronunciation. I used it extensively to explain the learning of new English sounds and relearning of some sounds which we mix-up. When I approached her she agreed to review my draft, pointed out where my approach differed from hers, and gave me her 'stamp of approval'.

Thanks also to Mehreen Ahmad, a Bangladeshi Applied Linguist and acclaimed author of English novels, currently based in Brisbane in Australia, who reviewed my draft and gave comments.

I am indebted to my elder brother, Md. Anisur Rahman, a Social Scientist and Tagore Exponent, a former professor of Economics at the universities of Dhaka in Bangladesh and Islamabad in Pakistan. Despite his unfamiliarity with the subject matter, he agreed to translate the English text into Bengali and completed the translation beautifully and very promptly. The Bengali version of the guide book is the result of his hard work. As the Bengali version will be more helpful to the majority of English learners in Bangladesh and other Bangalis, I am first publishing the Bengali version.

I also thank my elder sister, Husne Jahan, a former Professor of English at different universities in Pakistan and Bangladesh. She had gone to Bangladesh for holidays and to catch up with friends and relatives when I approached her to edit the English version. She readily agreed, completed the task very quickly and also pointed out some anomalies.

Thanks also to A M M Hamidur Rahman, Professor of English and Dean of Social Science and Humanities at Daffodil International University in Bangladesh. He is an English pronunciation expert and researcher in Bangladesh. He was kind enough to supply me with a list of Bengali terms for Phonetics and Phonology, which I have used liberally in the Bengali version.

My thanks to Professor Jamilur Reza Choudhury, Vice Chancellor of the University of Asia Pacific (UAP), Bangladesh, who thought highly of the BPA concept when I first told him about it. He arranged some honours students of the IT department and their supervisor to work with me developing some tools for my BPA project. He also fixed up the Compositor and Printer for me. I am also grateful to him for writing the foreword to this guide book.

I also thank Professor Imran Rahman, the Vice Chancellor of ULAB for organising a seminar and a workshop on BPA and English Pronunciation at two different times. The seminar was for the English faculty and students. The workshop was for the members of the ULAB Students Business Club.

Thanks to Jamil Majid, former Ambassador to Japan and former Principal of the Foreign Service Academy for having arranged for me to

conduct a workshop at the Academy for trainee Foreign Service officers, the future Ambassadors of Bangladesh.

I would also like to thank John W. Patterson of the Department of Computer Science, University of Glasgow, a wonderful teacher, great researcher who also happens to be a designer of artificial languages. He was my research supervisor during 1969-71. As he did not know the Bengali language he went through the draft with some hesitation. But as I had expected, he gave me some very useful comments and suggestions based on his personal knowledge of pronunciation problems and difficulties of foreigners that he had observed while teaching and guiding foreign students for over five decades.

Thanks to my BUET friend and hostel room-mate, Afzal Hussain Chowdhury, Chairman of the SHEBA Group in Bangladesh, for putting his secretary, Iqbal Hussain, at my disposal for performing tasks like printing document drafts, delivering them to and collecting from my brother and sister, scanning and emailing them to me.

I also thank Dilruba Shahana of Melbourne for agreeing to proof-read the Bangla version of the book although I gave it to her at the very last moment and completing the task in one day, as per my request.

Thanks to our two children, Kishwar Rahman and Ziad Rahman, for putting up with their grumpy father whom they always found sitting before the computer when they visited us. They installed a hammock in our deck and checked regularly with their mother to find out if I spent at least 30 minutes each day on it enjoying the fresh Melbourne air. As a matter of fact the hammock turned out to be a boon as I can solve my difficult problems and get new ideas while relaxing on it. Thanks to Kishwar for doing a few of the sketches in the guide book. I dedicate this book to these two precious gems.

As I do not have any secretarial facility, I had no choice but to type the entire English version of the guide book all by myself. I also typed the final Bengali version, did most of the sketches, as well as prepared all the audio/video clips for the two DVDs included with the guide book. All this drained me out completely and I often felt like giving up. So, despite comments and suggestions from all the reviewers mentioned above and my good intentions, there may still remain some errors and/or omissions in the final product. I take full responsibility for them.

Amin Rahman

Foreword

Recent trends of globalization have led to increasing verbal interaction among people of different nations having different mother tongues. Millions of workers are also moving from one country to another either temporarily or permanently. Native Bengali Speakers are no exception. English is now recognized as the major language of communication in almost all fields. In addition, with the proliferation of Internet, the opportunities of IT-enabled services have increased; these require verbal communication in English with people from other countries. Although Bangla has the advantage over many other languages as a phonetic language, some of the sounds in English do not have Bangla equivalent characters. Consequently, many Native Bengali Speakers find it difficult to correctly pronounce words containing those sounds, which very often result in communication difficulties or misunderstanding. The book "English Pronunciation Guidebook for Bangalis" written by Mr. Amin Rahman is a laudable effort to remove these difficulties.

Although an engineer by profession, Aminur Rahman has devoted, over the last few years, significant amount of his time and effort in developing the Bangla Phonetic Alphabet (BPA) and "English Pronunciation Dictionary for Bangalis". While developing the Bangla Phonetic Alphabet, he has organized workshops in Bangladesh and with the feedback from participants, he has been able to improve it significantly. Based on this experience, he has found that English pronunciation of Native Bengali Speakers may be improved in a short time.

I am confident that the Guidebook would be of great help for those Native Bengali Speakers who would like to pronounce English in the correct way.

Professor Jamilur Reza Choudhury, PhD
Vice Chancellor
University of Asia Pacific
Dhaka, Bangladesh

ভূমিকা

১.১ পটভূমি

এটি ইংরেজী উচ্চারণ শেখার গাইড বই। যে কোনো বাঙালি-স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী, পেশাদার ব্যক্তি, বিভিন্ন ধরনের কর্মচারী, ভ্রমণকারী, আন্তর্জাতিক ব্যবসায়ী, এবং অন্যান্যরা- যারা বোধগম্য ইংরেজী উচ্চারণ শিখতে চান ও ইংরেজী ভাষায় দেশী ও বিদেশীদের সাথে কথা বলতে চান, এই self-study গাইড বই তাঁদের জন্য।

প্রথমে আমি ভেবেছিলাম এর বিষয়বস্তু আমি ইংরেজী উচ্চারণের ওপর বাঙালিদের জন্য যে ডিকশনারি তৈরী করছি, তার মধ্যে দেবো; কিন্তু বাংলাদেশে Bangla Phonetic Alphabet (BPA) পদ্ধতিতে ইংরেজী উচ্চারণ শিখবার ওপর কর্মশালা পরিচালনার সময় আমি দেখলাম যে এরকম কর্মশালায় অংশগ্রহণকারীরা একটা গাইড বইয়ের মতো কিছু চান যাতে সব মূল কথাগুলি থাকবে, যা তাঁরা বরাবরের জন্য সঙ্গে রাখতে পারেন। এটা তাঁদের জন্য দরকার মনে হলো, যাতে কর্মশালায় আমি যা শেখাই সেগুলো তাঁরা revise করতে পারেন, এবং একই সঙ্গে ইংরেজী উচ্চারণের ডিকশনারি দেখবার সময় গাইড বই এ দেয়া ব্যাখ্যা ও উদাহরণগুলি দেখতে পারেন, বিশেষ করে BPA শিখবার প্রথম দিকে। আসলে এরকম কর্মশালার মূল্য খুবই কম যদি কর্মশালা থেকে বার হওয়ার পরে অংশগ্রহণকারীরা আর কারো সাহায্য ছাড়া উচ্চারণের ডিকশনারিটা কার্যকরভাবে ব্যবহার করতে না পারেন। এই জন্যই আমি বাঙালিদের জন্য ইংরেজী উচ্চারণের ওপর যে ডিকশনারিটা “English Pronunciation Dictionary for Bangalis” (EPDB) প্রকাশ করতে যাচ্ছি তার আগে ইংরেজী উচ্চারণের ওপর এই গাইড বইটি “English Pronunciation Guidebook for Bangalis” (EPGB) প্রকাশ করছি।

এই ডিকশনারি (EPDB) এবং গাইড বইয়ে (EPGB) আমি বাংলা ধ্বনি বর্ণমালা BPA ব্যবহার করেছি। ২০১২ সালের নভেম্বর মাস থেকে আমি বাংলাদেশে যে কর্মশালাগুলি দিয়েছি সেগুলিতে আমি পরীক্ষামূলকভাবে BPA ব্যবহার করেছি। এগুলিতে অংশ নিয়েছেন গ্রামীণ স্কুলের ছাত্র-শিক্ষকরা, ঢাকার বেসরকারী ও সরকারী স্কুল-কলেজের ছাত্র-শিক্ষকরা, এবং বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টের কর্মচারীরা। এই ট্রায়ালের ফলাফল

খুবই আশাপ্রদ হয়েছে। এসব কর্মশালায়, এবং যে সমস্ত কনফারেন্স ও সেমিনারে আমি BPA সম্বন্ধে আলোচনা করেছি সে-সবে অংশগ্রহণকারীরা জানতে চেয়েছেন ডিকশনারিটা কবে বের হবে। তাঁদের চাহিদা মেটাবার পথে প্রথম পদক্ষেপ এই গাইড বইটি।

১.২ BPA পদ্ধতি কেন

আমার মতে অন্যান্য পদ্ধতি, যেমন IPA, SCAMPA, ARPAbet, ইত্যাদির সঙ্গে তুলনায় প্রতিলিপিকরণ ভাষা হিসাবে BPA বাঙালিদের জন্য অনেক সহজ ও বেশী কার্যকর। এর কারণ, প্রথমতঃ এর বর্ণগুলি অধিকাংশই বাংলা বর্ণমালা থেকে নেওয়া। এটি শেখা খুব সহজ এবং শিখতে খুব কম সময়ের প্রয়োজন। প্রাইমারী স্কুলের ছাত্র থেকে সিনিয়র ভাষাবিদ, যারা ইংরেজী উচ্চারণ আয়ত্ত করতে চান, তাঁরা সহজেই এই পদ্ধতি শিখে নিতে পারেন।

তবে কিছু বাঙালি থাকতে পারেন যারা আমার কর্মশালায় অংশগ্রহণ করেছেন, এবং এই গাইড বইয়ের কিছু পাঠক থাকতে পারেন যারা বিশ্ববিদ্যালয়ের কোনো কোর্সে IPA শিখেছেন এবং IPA পদ্ধতিতে লেখা ইংরেজী উচ্চারণ পড়তে শিখেছেন। যেহেতু অনেক ডিকশনারিতে ইংরেজী শব্দের RP অথবা GA উচ্চারণ IPA পদ্ধতিতে আছে, তাঁরা জিজ্ঞেস করতে পারেন আমি আর একটা ফনেটিক বর্ণমালা বানাচ্ছি কেন। তাঁরা এও জিজ্ঞেস করতে পারেন BPA প্রতিলিপির পাশাপাশি আমি IPA প্রতিলিপিও দিচ্ছি না কেন? তাঁদের কাছে আমার উত্তর হবে:

- (ক) যারা IPA জানেন শুধু তাঁদের জন্য আমি এই গাইড বই আর EPDB দিচ্ছি না, সমস্ত Native Bengali Speakers (NBS) ইংরেজী শিক্ষার্থী, যারা বাংলা বর্ণমালা জানেন, তাঁদের জন্য দিচ্ছি।
- (খ) এই গাইড বই শুধু পরীক্ষা পাশ করবার জন্য নয়, এটা সমস্ত বাঙালি ইংরেজী শিক্ষার্থী, যারা তাঁদের ইংরেজী উচ্চারণ উন্নত করতে চান, তাঁদের সবার জন্য।
- (গ) EPDB থেকে কোনো ইংরেজী শব্দের সঠিক উচ্চারণ সম্বন্ধে যারা নিশ্চিত হতে পারেন না তাঁরা এই গাইড বই ব্যবহার করে এ সমস্ত শব্দের সঠিক উচ্চারণ পেয়ে যাবেন।
- (ঘ) IPA আয়ত্ত করতে যতখানি সময় লাগে তার চেয়ে অনেক কম সময়ে BPA পদ্ধতিতে ইংরেজী উচ্চারণ আয়ত্ত করা যায়।

- (ঙ) আমি যদি BPA-প্রতিলিপি এর সঙ্গে-সঙ্গে IPA-প্রতিলিপিও দিয়ে দিতাম তা হলে যে-সব শিক্ষার্থী IPA জানেন না তাঁরা মনে করতে পারতেন যে তাঁদের প্রথমে IPA শিখতে হবে। এই গাইড বই এবং ডিকশনারিটি নাড়াচাড়া করে তাঁদের এই ধারণা হতে পারে যে এই গাইড বই এবং ডিকশনারিটি তাঁদের জন্য উপযোগী না।

শেষ পয়েন্টটি (ঙ) সম্বন্ধে আমি হয়তো ভুল চিন্তা করছি। ইংরেজীতে একটা প্রবাদ আছে - The proof of the pudding is in the eating। আপনারা, পাঠকরাই, আমাকে বলবেন এটি আপনারা পছন্দ করলেন কী না।

অবশ্য আপনারা সবাই জানেন যে, যে-কোনো নতুন খাবারের স্বাদ পূর্ণভাবে পেতে হলে ও তাকে পুরোপুরি পছন্দ করতে তা একাধিকবার খেয়ে দেখতে হয়। আশা করি আপনারা BPA পদ্ধতিকেও একটু সুযোগ দেবেন এবং এটাকে কয়েকবার ব্যবহার করবেন, যতক্ষণ না এটা নিয়ে আপনারা স্বাচ্ছন্দ্য বোধ করবেন এবং পরস্পরের সঙ্গে এর দোষ-গুণ সবই আলোচনা করতে পারবেন।

এই গাইড বইতে আমি আপনাদের সঙ্গে অনানুষ্ঠানিকভাবে কথা বলবো। আমি ধরে নেব যে আপনারা একটা কর্মশালায় আমার সামনে বসে আছেন। আমি এটিকে কাল্পনিক কর্মশালা বলবো।

তাহলে চলুন, আমাদের এই কাল্পনিক কর্মশালা এখন শুরু করি।

১.৩ উচ্চারণের জন্য গাইড বই কেন?

বিভিন্ন ভাষা বিভিন্ন sound system ব্যবহার করে। বাংলা ও ইংরেজীর বেলাতেও এই কথা খাটে। ইংরেজীর নেটিভ ইংলিশ স্পীকাররা (NS) এবং নন নেটিভ ইংলিশ স্পীকাররা (NNS), যখন তাঁরা প্রথম বাংলাদেশ, পশ্চিম বাংলা, উড়িষ্যা, আসাম, ইত্যাদি জায়গায় আসেন যেখানে বাংলা ভাষায় কথা বলা হয়, তখন যদি তাঁরা বাংলা ধ্বনিগুলি না শিখে, বিশেষ করে যে ধ্বনিগুলির সঙ্গে তাঁরা পরিচিত না, বাংলায় কথা বলতে যান, তখন তাঁরা নিজেদের ভাষা থেকে সে-সব ধ্বনির কাছাকাছি কোনো ধ্বনি ব্যবহার করেন, এই মনে করে-যে এগুলিই যথাযথ ধ্বনি।

ইংরেজীতেও কিছু ধ্বনি রয়েছে, স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি, দুইয়েরই মধ্যে, যেগুলি বাংলায় নেই। তাই যখন বাঙালি (NBS) শিক্ষার্থীরা ইংরেজী উচ্চারণে কোনো শিক্ষা না নিয়েই ইংরেজী বলতে যান তখন তাঁরা কোনো কোনো শব্দের ক্ষেত্রে ইংরেজী ভাষার যথার্থ উচ্চারণ না করে বাংলা বা আঞ্চলিক বাংলার

উচ্চারণ দিয়ে দেন। ইংরেজী-ভাষী বিদেশীদের অবশ্যই এরকম ইংরেজী কথা বুঝতে অসুবিধা হয়।

১.৪ গাইড বইয়ের কাঠামো

আমি EPGB বইটা দশটা অধ্যায়ে সাজিয়েছি। প্রত্যেক অধ্যায়ে তার section ও sub-section রয়েছে।

প্রথম অধ্যায়ে রয়েছে ভূমিকা ও পটভূমি।

দ্বিতীয় অধ্যায়ে, আমি ইংরেজী কথা বলবার ধ্বনি এবং এগুলি কী প্রতীক দিয়ে লেখা যায় তার আলোচনা করেছি।

তৃতীয় অধ্যায়ে, আমি আপনাদেরকে BPA-র সঙ্গে পরিচয় করিয়ে দেই। এখানে আমি আপনাদের দেখাই যে আপনারা কি ভাবে নতুন কিছু না শিখেই BPA-তে বহু ইংরেজী শব্দ লিখতে পারেন, যে শব্দগুলোতে কেবল ওই ধ্বনি সকল ব্যবহার করা হয়েছে যা, ইংরেজী ও বাংলা, দুই ভাষাতেই আছে।

চতুর্থ অধ্যায়ে, পাঁচটি ইংরেজী ব্যঞ্জনধ্বনি, /f, v, z, ʒ, w/, যার উচ্চারণ বাংলা ভাষাতে নেই, এটা সম্বন্ধে আলোচনা করেছি। এই আলোচনায় আমি প্রথমে কিছু সময় ব্যয় করেছি আমাদের শব্দ তৈরী করবার যন্ত্রের বিভিন্ন অংশের সঙ্গে আপনাদের পরিচয় করিয়ে দিতে, যে-অংশগুলি দিয়ে আপনারা কথা বলবার ধ্বনিগুলি বার করেন। এরপর আমি আলোচনা করেছি কী করে আপনারা এই নতুন পাঁচটি ধ্বনি শিখবেন, এবং এই ধ্বনিগুলির প্রত্যয়গত চরিত্র কী (Fraser, 2006)।

এর পরে, পঞ্চম অধ্যায়ে, দুইটি ইংরেজী স্বরধ্বনি, /ə, ʌ/, যেগুলি বাংলা ভাষাতে নেই, তা সম্বন্ধে আলোচনা করেছি।

ষষ্ঠ অধ্যায়ে, আমি আঞ্চলিক উচ্চারণগত পার্থক্যের জন্য যে ইংরেজী ব্যঞ্জনধ্বনিগুলি বাঙালিরা কখনো কখনো অদলবদল করে থাকেন তা সম্বন্ধে আলোচনা, এবং এগুলি কী করে আলাদা-আলাদা ধ্বনি হিসাবে দেখা যায় তার প্রত্যয়গত আলোচনা করেছি।

সপ্তম অধ্যায়ে, আমি অন্যান্য ইংরেজী ধ্বনি, যেগুলি কোনো কোনো ইংরেজী শব্দের বিভিন্ন জায়গায় থাকলে তাদের উচ্চারণ ভিন্ন হয়, সেগুলি আলোচনা করেছি।

অষ্টম অধ্যায়ে, আমি আলোচনা করেছি - যে ইংরেজী শব্দে একই অক্ষর পাশাপাশি দুবার থাকলে তার উচ্চারণ কী রকম হয়। আরো আলোচনা করেছি

যে ইংরেজী শব্দে যুগ্ম ধ্বনি থাকলে তা কী করে BPAতে লিখে শব্দটির সঠিক উচ্চারণ দেখানো যায়।

নবম অধ্যায়ে, আমি ইংরেজীতে /ক, প, ট/ ধ্বনি উচ্চারণের মহাপ্রাণতা সম্বন্ধে আলোচনা করেছি।

এই কাল্পনিক কর্মশালা শেষ করার আগে, দশম অধ্যায়ে, ইংরেজী উচ্চারণের আর একটি খুব গুরুত্বপূর্ণ ব্যবহার আলোচনা করেছি। এটাকে মার্কিন ভাষায় উচ্চারণের অখণ্ডাত্মক চরিত্র (suprasgmental features) (Roach, 2009) ও ব্রিটিশ ভাষায় ছান্দস চরিত্র (prosody) (Roach, 2009) বলা হয়। আগের অধ্যায়গুলিতে আমি স্বরধ্বনির চরিত্র, মান ও পরিমান, একাধিক সিলেবলবিশিষ্ট শব্দাবলীতে সিলেবলগুলি ভাগ করা, ধ্বনি পরিবর্তন, শব্দে কোথায় মূল ঝাঁক দেয়া হয়, এবং বিশেষ বিশেষ ধ্বনির মহাপ্রাণতা (aspiration) সম্বন্ধে আলোচনা করেছি। এই আলোচনা ইংরেজী বলবার ছান্দস চরিত্র শিখবার ভিত্তি হিসাবে কাজ করবে। এই গাইড বইয়ে ইংরেজী উচ্চারণের অখণ্ডাত্মক/ছান্দস চরিত্রগুলি (suprasegmentals) সম্বন্ধে সম্পূর্ণ আলোচনা করা সম্ভব নয়। এ করতে গেলে EPGB-টা অত্যন্ত বড় এবং এর পাঠকদের কাছে ভীতিকর হয়ে যেতে পারে। আমি শুধু ইংরেজী উচ্চারণের ছান্দস চরিত্রগুলি কী করে শেখা যায় সে সম্বন্ধে কিছু সহজ নির্দেশনা ও অনুশীলন, এবং অডিও/ভিডিও যন্ত্র ব্যবহারের জন্য কিছু নির্দেশনা দিয়েছি।

১.৫ ইংরেজী উচ্চারণের স্বীকৃত মান

বিভিন্ন ইংরেজী ভাষার দেশে, যেমন- ইংল্যান্ড, আয়ারল্যান্ড, যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড - ইংরেজী উচ্চারণের ভিন্ন ভিন্ন মান (standard) ব্যবহার করা হয় বলে আপনাদের মনে প্রশ্ন থাকতে পারে আমি এই গাইড বই-এ কোন মান ব্যবহার করেছি। এই প্রশ্নে দুটি মানের দাবী অগ্রাধিকার পেতে পারে- ব্রিটিশ ইংলিশ (BrE) যাকে আগে বলা হ'ত Received Pronunciation (RP), আর ইংরেজীর আমেরিকান মান (General American (GA)। কিন্তু আপনারা জেনে খুশী হবেন-যে BPA ইংরেজী উচ্চারণের যে কোনো মান ব্যবহারেই প্রয়োগ করা যায়। যদি কোনোদিন 'বাংলাদেশের মান' নিজে থেকে জাহির করে, তাতে-ও ব্যবহার করা যাবে।

আমি এই গাইড বইতে অধিকাংশ উদাহরণই BrE-উচ্চারণ অনুসরণ করেছি; মাত্র কয়েকটা ক্ষেত্রে বিশেষ উদাহরণ দিতে GA-র মান ব্যবহার করেছি।

১.৬ EPGB ব্যবহার

আপনারা EPGB-টি একেবারে গোড়া থেকে পড়তে শুরু করবেন, এবং প্রত্যেকটা অধ্যায়, যে-অর্ডারে রয়েছে, সেই অর্ডারে পড়বেন। এভাবে আপনারা পুরানো ও নতুন ইংরেজী ধ্বনি এবং ইংরেজী শব্দতে ও বাক্যে BPA-প্রতিলিপি ব্যবহার করতে শিখতে পারবেন।

এই গাইড বইতে আমি BPA-তে যে-সব মূলধ্বনি চিহ্ন (phonemic symbol) ব্যবহার করবো সেগুলি খুব ধীরে ধীরে এনেছি যাতে আপনারা একসঙ্গে একগাদা উপাদান নিয়ে হিমুশিমু না খান। প্রথমে আমি সেই সব বাংলা অক্ষর বা প্রতীক আলোচনা করেছি যেগুলি বাংলা বর্ণমালাতে-ও রয়েছে এবং ইংরেজী উচ্চারণ লিখতে আপনারা ব্যবহার করতে পারবেন। অর্থাৎ যে-ইংরেজী বর্ণগুলি নিয়েছি সেগুলির BPA-প্রতিলিপি (transcription) পড়তে আপনাদের নতুন কিছু শিখতে হবে না। আপনাদের মনে হবে যে আপনারা BPA তো জানেনই।

পরবর্তী এক-একটা সেকশনে BPA আলোচনায় শুধুমাত্র একটা নতুন BPA-বর্ণের অবতারণা করেছি। সেই বিশেষ ধ্বনিটা কীভাবে উচ্চারণ করা যায় তা ভাষায় আলোচনা করেছি এবং তার audio-visual বর্ণনা দিয়েছি। এছাড়া, আমি সেই সব ইংরেজী ধ্বনির উচ্চারণের BPA প্রতিলিপি দিয়েছি, সেগুলি শুধু ওই সেকশনে বা তার আগের সেকশনে আলোচিত হয়েছে। নতুন ধ্বনিগুলো আয়ত্ত করতে আপনারা এগুলি ব্যবহার করতে পারেন। গাইড বইতে দেয়া disc-এও এগুলি দেয়া আছে।

কোনো নতুন ধ্বনি বোঝাবার জন্য আমি যে-তথ্যগুলি দিয়েছি তা হলো:

- ১। ধ্বনিটির মূল পরিচয়।
- ২। ধ্বনিটি কীভাবে উচ্চারণ করতে হয় - ভাষায় তার আলোচনা।
- ৩। ছবি দিয়ে উচ্চারণগুলি বোঝানো - উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির প্রাথমিক অবস্থান দেখিয়েছি।
- ৪। ধ্বনিটা বার করবার জন্য একটা স্বরসংক্রান্ত অনুশীলন (vocal exercise)।
- ৫। প্র্যাকটিস্ করবার জন্য কয়েকটি ইংরেজী শব্দ এবং তাদের BPA প্রতিলিপি নিয়ে একটি table।

৬। “মনে রাখার জন্য পয়েন্টসমূহ” - এই শিরোনামে প্রত্যেকটি অধ্যায়ের আলোচনার সারাংশ, যাতে আলোচিত ধ্বনিটি সম্বন্ধে মূল পয়েন্টগুলি রয়েছে।

বাংলা ভাষায় যে সব ইংরেজী ধ্বনি আছে, স্বরধ্বনি অথবা ব্যঞ্জনধ্বনি, তাদের প্রত্যেকটি আপনাদের শিখতে হবে। আপনারা এগুলি প্রত্যয়ীকরণ (conceptualisation) পদ্ধতিতে (Fraser, 2006) শিখবেন যা আমি সেকশন ৪.২-এ আলোচনা করেছি। প্রত্যেকটি ক্ষেত্রে কোন কোন উচ্চারণক বাক প্রত্যঙ্গ ব্যবহার হবে এবং কী করে নতুন ধ্বনিটা উচ্চারণ করবেন তা আপনারাদের শিখতে হবে। আপনাদের সম্পূর্ণ আয়ত্ত করতে হবে যাতে আপনারা এগুলিকে অন্যান্য যতো ধ্বনি জানেন তাদের থেকে আলাদা ধ্বনি হিসাবে মনে করেন ও একটা ধ্বনির বদলে অন্য একটা ধ্বনি ব্যবহার না করেন। এর জন্য আমি যে উদাহরণগুলি দিয়েছি সেগুলি নিয়ে আপনাদের বারে বারে প্র্যাকটিস্ করতে হবে। একটি সেকশনে দেয়া নতুন ধ্বনিগুলি সম্পূর্ণ বুঝে ও আয়ত্ত করে, তবেই আপনারা পরের সেকশনে যাবেন। তবে একটি সেকশনে দেয়া ইংরেজী ধ্বনির সঙ্গে যদি আপনি আগে থেকেই পরিচিত থাকেন তাহলে ওই সেকশন ছেড়ে পরের সেকশনে চলে যেতে পারেন।

অখণ্ডাত্মক বা ছান্দস শাস্ত্রের ওপর শেষ অধ্যায়টি আপনি তখন পড়তে পারেন যখন আপনি মনে করেন যে,

- আপনি আগের সেকশনগুলিতে দেয়া সবকটি খণ্ডাত্মক ও প্রাথমিক অখণ্ডাত্মক চরিত্র আয়ত্ত করেছেন;
- আপনি শব্দ ও বাক্যাংশের ওপর যথাযথ গুরুত্ব দিয়ে ইংরেজী বাক্য বলবার জন্য প্রস্তুত হয়েছেন; এবং
- শ্রোতার কাছে আপনার কথা ভালো করে বোধগম্য করবার জন্য আপনি এখন স্বরভঙ্গী (intonation), বিরতি, গতি পরিবর্তন ও আওয়াজ বাড়ানো ও কমানো, ইত্যাদি পদ্ধতি ব্যবহার করতে চান। এর জন্য আপনাকে text, audio ও video-তে দেয়া উদাহরণগুলি বারে বারে অনুশীলন করতে হবে যতক্ষণ না আপনি উদ্দীষ্ট দক্ষতা অর্জন করেছেন বলে নিশ্চিত হতে পারেন।

১.৭ কাল্পনিক কর্মশালা এবং ঈচ্ছিত ফলাফল (desired outcome)

তাহলে, এখন চলুন আমরা BPA আর ইংরেজী উচ্চারণের উপর কাল্পনিক কর্মশালায় যাই। আশা করি এই কর্মশালা শেষ হলে আপনারা যতো ইংরেজী

শব্দ জানেন ও ব্যবহার করেন সে-সমস্ত শব্দ সঠিকভাবে উচ্চারণ করতে পারবেন। যে-সমস্ত শব্দ জানেন না সেগুলির উচ্চারণও আপনারা EPDB থেকে জানতে পারবেন। আমি আন্তরিকভাবে আশা করি যে এই কাল্পনিক কর্মশালা শেষ হলে আপনাদের মধ্যে কেউ কেউ BPA এবং ইংরেজী উচ্চারণে বিশেষজ্ঞ হয়ে যাবেন এবং নিজেরাই এরকম কর্মশালা পরিচালনা করবেন, যে কর্মশালায় আপনারা নিচের কাজগুলি করতে পারবেন:

- (ক) BPA ও ইংরেজী উচ্চারণ শিখাবার প্রশিক্ষণ দেবার প্রশিক্ষক (trainer of trainers) তৈরী করতে পারবেন - যাঁরা এরকম কর্মশালা দিতে পারদর্শী এবং আগ্রহী হবেন ও এরকম কর্মশালা ইংরেজী প্রশিক্ষকদেরকে দিতে পারবেন;
- (খ) BPA ও ইংরেজী উচ্চারণ শিখাবার প্রশিক্ষক (trainer) তৈরী করতে পারবেন যাঁরা নিয়মিতভাবে, যেখানে থাকেন সেখানে এবং সেই জায়গা ছেড়ে অন্যত্র যেয়ে, এরকম কর্মশালা ইংরেজী শিক্ষার্থীদের দিতে পারবেন;
- (গ) নিজের কর্মক্ষেত্রে বিভিন্ন স্তরে ইংরেজী শিক্ষার্থীদের প্রশিক্ষণ দিতে পারবেন;
- (ঘ) ওপরের কাজগুলির জন্য teaching aids - যেমন প্রশিক্ষকদের জন্য গাইড বই, multimedia contents এবং audio/visual tools, যখন যেখানে যেটা দরকার তৈরী করতে পারবেন, যেগুলি বিভিন্ন মাধ্যমে, যেমন জনপ্রিয় বাংলা ও ইংরেজী সংবাদপত্র, বেতার ও টেলিভিশনের শিক্ষা প্রোগ্রামে, স্মার্ট ফোনের মাধ্যমে, এবং জাতীয় পর্যায়ে national ও professional internet portal-এর মাধ্যমে প্রচার করবেন; এবং
- (ঙ) মতামত ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য - বিভিন্ন সমস্যাবলী আলোচনা ও সমাধানের জন্য ক্লাব এবং digital forum প্রতিষ্ঠা করবেন।

এই কাল্পনিক কর্মশালা সম্বন্ধে আপনাদের অভিজ্ঞতা ও মতামত, এর থেকে আপনারা কী অর্জন করলেন এবং এই EPGB থেকে আপনারা কী শিখলেন, কী চিন্তা করছেন, এ সমস্ত যদি আমাকে পাঠান তাহলে আমি খুব খুশী হবো। আমার ইমেইল ঠিকানা হলো aminrahman43@gmail.com।

২

সংলাপের ধ্বনি লিপিকরণ

২.১ বর্ণ ও ধ্বনি

BPA আলোচনার আগে ভাষা লেখার বর্ণ ও ভাষা বলার ধ্বনি, এই দুটির মধ্যে পার্থক্য বোঝা আপনাদের জন্য অত্যন্ত প্রয়োজনীয়। এই গাইড বইতে আপনারা যখন “x” বলে কিছু লেখা দেখবেন তখন জানবেন যে আমি কোনো ভাষার বর্ণমালা নিস্টেমে x বর্ণের কথা বলছি। অপরদিকে যখন /y/- এর মত লেখা দেখবেন তখন বুঝবেন যে আমি একটি কথা বলবার একটা মূলধ্বনি (phoneme) y-এর কথা বলছি যা আমাদের বাক্য দ্বারা উচ্চারণ করতে হবে। /y/-এর y-টা BPA অথবা IPA-তে যে কোনো ধ্বনি হতে পারে। ব্যাপারটা আর একটু তলিয়ে দেখি :

আপনারা সকলেই জানেন যে ইংরেজী বর্ণমালায় ২১টি ব্যঞ্জনবর্ণ আছে। তবে আপনারা জানতেও পারেন অথবা নাও জানতে পারেন- যে ইংরেজী ব্যঞ্জনধ্বনির সংখ্যা মোট ২৪টি। এই দুটো সংখ্যার মধ্যে পার্থক্যের কারণ দুটি:

- (ক) বিভিন্ন ইংরেজী শব্দে, বিভিন্ন ইংরেজী বর্ণের উচ্চারণ ভিন্ন হতে পারে। উদাহরণস্বরূপ, ইংরেজী অক্ষর “c” টি “cat” শব্দে /k/, “cello” শব্দে /tʃ/, “sit” শব্দে /s/, এবং “special” শব্দে /ʃ/ -এই চারটি ভিন্ন ধ্বনি গ্রহণ করে।
- (খ) বিভিন্ন ইংরেজী শব্দে, একই ইংরেজী ধ্বনির জন্য বিভিন্ন ইংরেজী বর্ণ ব্যবহার হয়। যেমন “gist”-এর উচ্চারণ /জিস্ট/, আর “jail” এর উচ্চারণ /জেইল/; এই দুটি শব্দে, “g” আর “j”, এই দুটি বর্ণতেই /জ/ ধ্বনিটি নিয়েছে। এর অর্থ এই যে ইংরেজী বর্ণ ও ধ্বনির মধ্যে একাত্মতা নেই। শুধুমাত্র ২১টি ইংরেজী ব্যঞ্জনবর্ণ দিয়ে ২৪টি ইংরেজী ব্যঞ্জনধ্বনি হয় বলে শুধু বানান থেকে ইংরেজী শব্দের সঠিক উচ্চারণ দেখানো যায় না। তাই একটি মূলধ্বনি (phonemic) বর্ণমালা পদ্ধতি উদ্ভাবন করা প্রয়োজন যাতে একটি উচ্চারণের ধ্বনি কেবলমাত্র একটি চিহ্ন দিয়েই পেশ করা যায়। IPA ও BPA এই উভয় পদ্ধতিতেই এই করা হয়েছে।

২.২ চিহ্নলিপির ব্যাখ্যা

ইংরেজী ভাষার ১৯টি ব্যঞ্জনধ্বনি বাংলা ভাষাতেও রয়েছে। এগুলি হলো:

/ব, ক, ড, ট, গ, হ, জ, ল, ম, ন, প, র, স, ক, শ, থ, দ, য়, ং/

আরো এগুবার আগে আমি EPGB-তে যে convention ব্যবহার করেছি তার সঙ্গে আমরা পরিচিত হয়ে নেই:

“x” x - একটি ভাষার বর্ণ।

“xyz” xyz - কোনো এক ভাষার একটি শব্দ (word)।

/স/ স - একটি মূলধ্বনি।

[শ] শ - একটি সহধ্বনি। উদাহরণস্বরূপ, /স/-মূলধ্বনিটি কথা বলবার সময় [শ] হতে পারে।

/অক সি ডাইZ/ একটি ইংরেজী শব্দ “oxidise”, যাতে /অক/, /সি/ ও /ডাইZ/, তিনটি সিলেবল রয়েছে; এটি BPA-তে শব্দটির প্রতিলিপি। এই প্রতিলিপিতে দুইটা পাশাপাশি সিলেবলকে আলাদা দেখানোর জন্য সিলেবল দুটির মাঝে একটি ফাঁক (space) দেয়া হয়েছে। যে-টি মুখ্য স্বাসাধিত সিলেবল তাকে **bold** করে দেখানো হয়েছে। এরকম শব্দ উচ্চারণ করতে আপনারা এই **bold** সিলেবলটিতে বোঁক দেবেন, যেমন আমাদের উদাহরণে /অক/।

/di'paz.it/ IPA-তে তিনটি সিলেবলবিশিষ্ট ইংরেজী শব্দের উচ্চারণ। IPA-তে সিলেবল ভাগ দেখাবার জন্য যে চিহ্ন ব্যবহার করা হয় তা হলো “.”। এখানে “.” মুখ্য স্বাসাধিত সিলেবল নির্দেশ করে, অর্থাৎ যে সিলেবলটি “.”-এর পরে আসে সেটিতে প্রাথমিক বোঁক দেয়া হয়, যা এক্ষেত্রে /paz/।

/a, b, c, d/ /a/, /b/, /c/ ও /d/ - এই চারটি মূল ধ্বনি দেখাবার একটি পদ্ধতি।

পরবর্তী পাতার table-গুলিতে যেখানে column heading-এ উল্লেখ থাকে যে নিচের cell-গুলিতে BPA প্রতিলিপি, তখন আমি cell গুলির ভেতরের BPA প্রতিলিপিতে দুধারে (//) চিহ্ন বাদ দিয়েছি।

৩

BPA-র সাথে প্রাথমিক পরিচয়

৩.১ যে সব ব্যঞ্জনধ্বনি দুটি ভাষাতেই আছে

২৪টি ইংরেজী ব্যঞ্জনধ্বনির মধ্যে ১৯টি বাংলা ভাষাতেও রয়েছে। এগুলি হলো:

/ব, ক, ড, ট, গ, হ, জ, ল, ম, ন, প, র, স, ক, শ, থ, দ, য়, ং/

অর্থাৎ আপনাদের মাত্র পাঁচটি ইংরেজী ধ্বনি শিখতে হবে যেগুলো আমাদের BPA-তে পাঁচটি নতুন প্রতীক দিয়ে দেখাতে হবে।

উপরোক্ত ১৯টা ধ্বনি, যেগুলি দুটি ভাষাতেই রয়েছে, বাংলা বর্ণ দিয়ে আমরা সেগুলির মূলধ্বনি কিভাবে লিখবো তা দেখিয়ে এই সেকশন শুরু করছি। Table-3.1 এই সব ইংরেজী ধ্বনির BPA প্রতীক দেখানো হয়েছে।

Table 3.1: ব্যঞ্জনধ্বনি, যেগুলো ইংরেজী ও বাংলা, দুই ভাষাতেই আছে, সেগুলির BPA-প্রতিলিপি

Sl.	English sound	BPA	Sl.	English sound	BPA
1	/b/ as in “bad”	ব	2	/k/ as in “king”	ক
3	/d/ as in “dog”	ড	4	/g/ as in “good”	গ
5	/h/ as in “hot”	হ	6	/dʒ/ as in “jug”	জ
7	/l/ as in “lad”	ল	8	/m/ as in “man”	ম
9	/n/ as in “not”	ন	10	/p/ as in “pet”	প
11	/r/ as in “rat”	র	12	/s/ as in “sit”	স
13	/t/ as in “top”	ট	14	/tʃ/ as in “chat”	চ
15	/ʃ/ as in “ship”	শ	16	/θ/ as in “think”	থ
17	/ð/ as in “this”	দ	18	/j/ as in “yet”	য়
19	/ŋ/ as in “sing”	ং			

Bold = ইংরেজী ব্যঞ্জনধ্বনি

৩.২ যে সব স্বরধ্বনি দুটি ভাষাতেই রয়েছে

আমরা জানি যে ইংরেজী বর্ণমালায় পাঁচটি স্বরবর্ণ আছে - (a, e, i, o, u); কিন্তু ইংরেজী বলতে ২০টি ভিন্ন ভিন্ন স্বরধ্বনি ব্যবহার করা হয়।

লক্ষ্য করুন, এখানে আমি পাঁচটি স্বরবর্ণ এবং বিশটি স্বরধ্বনির কথা বলছি। Table 3.2-এ দুটি ভাষাতেই যে ১৫টি স্বরধ্বনি রয়েছে তাদের দিকে লক্ষ্য করুন: প্রথম ৯টি একক স্বরধ্বনি (monophthongs). Table-টাতে দেখবেন যে একটি একক স্বরধ্বনি দ্বারা কেবলমাত্র একটি স্বরধ্বনি হয়। বাকী ৬-টি হলো দ্বৈতধ্বনি, যার উচ্চারণ সম্পূর্ণ হয় দুটো-ভিন্ন স্বরধ্বনি, একটার পর একটা উচ্চারণ করে।

Table 3.2: ইংরেজী স্বরধ্বনির BPA প্রতিলিপি

Sl.	English vowel sounds as in	Vowel BPA of standalone English vowel sounds	BPA of English vowel sounds when combined with the consonant /k/
1	merry	ঈ	কী
2	bit	ই	কি
3	pot	অ	ক
4	mad	অ্যা	ক্যা
5	bet	এ	কে
6	port	ও	কো
7	part	আ	কা
8	put	উ	কু
9	food	উ	কু
10	bake	এই	কেই
11	like	আই	কাই
12	loin	ওই/ঐ	কোই/কৈ
13	cow	আউ	কাউ
14	hoe	ও	কৌ
15	bird	য়ঃ	ক্যঃ

Bold = ইংরেজী স্বরধ্বনি

আমরা BPA-তে এই ১৫টি common স্বরধ্বনির জন্য বাংলায় ব্যবহৃত স্বরবর্ণগুলিই ব্যবহার করবো। বাংলা ভাষায় যখন একটা ব্যঞ্জনধ্বনির সঙ্গে একটা স্বরধ্বনি যোগ করা হয় তখন ব্যঞ্জনবর্ণটির সঙ্গে একটি diacritic (ডাইয়াক্রিটিক) যোগ করা হয়- তার আগে, পরে অথবা তাকে ঘিরে। যে পাঁচটি ইংরেজী ব্যঞ্জনধ্বনি বাংলা ভাষায় নেই, আমরা BPA-তে সেই নতুন ব্যঞ্জনধ্বনির জন্য একইভাবে বাংলার ডাইয়াক্রিটিকগুলো ব্যবহার করবো।

তবে একটি বাংলা স্বরধ্বনি, /অ/, এর ডাইয়াক্রিটিক বাংলা ভাষাতে নেই যেহেতু সব বাংলা ধ্বনির উচ্চারণেই এই স্বরধ্বনিটি রয়েছে। এর অর্থ এই যে- যখন একটি ব্যঞ্জনবর্ণের সঙ্গে কোন ডাইয়াক্রিটিক না থাকে, তখন আমরা বুঝে নিই-যে এই ব্যঞ্জনধ্বনিটা স্বরধ্বনি /অ/ দিয়ে উচ্চারণ করা হয়। পরবর্তী সেকশনগুলিতে দেখানো, যে পাঁচটি নতুন ইংরেজী ব্যঞ্জনবর্ণ আমরা BPA-তে এনেছি সেইগুলির সঙ্গেও আমরা এই প্রথা ব্যবহার করবো।

লক্ষ্য করার জন্য পয়েন্টসমূহ

- বাংলাতে যদিও /ঙ্/ ও /ঙ্/-এর মতো 'লম্বা' স্বরধ্বনি রয়েছে, এগুলি শুধু লিখবার সময়েই ব্যবহৃত হয়। বাংলায় কথা বলবার সময় 'লম্বা' ও 'ছোট' স্বরধ্বনি উচ্চারণের মধ্যে কোন পার্থক্য নেই, যদি না কোনো শব্দ উচ্চারণ করতে বেশী ঝোক দেয়া হয়, যখন স্বরবর্ণটি একটু টেনে উচ্চারণ করা হয়। কিন্তু ইংরেজীতে লম্বা আর ছোট স্বরধ্বনি উচ্চারণের মধ্যে পার্থক্য স্পষ্ট করে দেখাতেই হবে।
- ইংরেজী ভাষায় একটি মধ্য-কেন্দ্রীয় (mid-central) স্বরধ্বনি আছে- /ɜ:/। সেটি বাংলা ভাষাতেও রয়েছে। কিন্তু, সব বাঙালি এটির প্রকৃত ব্যবহার জানেন না।

৩.২.১ ইংরেজী স্বরধ্বনির মান

স্বরধ্বনির মান বলতে আমরা ২০টি ভিন্ন স্বরধ্বনি বোঝাবো। সেকশন ২.২-এ আমরা দেখেছি যে বাংলা ভাষায় একটি স্বরধ্বনির মান দেখাবার দুটি পদ্ধতি আছে। একটি পদ্ধতির ব্যবহার হয় যখন স্বরবর্ণটি কোনো ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত থাকে না (Table 3.2, column 3 দেখুন)। আর একটি পদ্ধতি ব্যবহার হয় যখন কোনো স্বরধ্বনি কোনো ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হয় (Table 3.2, column 4)।

বিভিন্ন ইংরেজ বক্তারা একই ইংরেজী শব্দ উচ্চারণ করতে শব্দটির স্বরধ্বনিগুলি উচ্চারণ বিভিন্নভাবে করে থাকেন, এমন কী একই দেশে,

(Jenner, 2003; Jenkins, 2000; Walker, 2010; Kirkpatrick, 2012) বিভিন্ন অঞ্চলের লোকেরা এক ইংরেজী শব্দকে ভিন্নভাবে উচ্চারণ করেন। যেমন, ইংল্যান্ডের কোনো কোনো অঞ্চলে “bus”কে [বুস] বলে উচ্চারণ করা হয়। আমেরিকানরা সাধারণত “hot”কে [হাঃট] উচ্চারণ করে থাকেন, আর অস্ট্রেলিয়াতে অনেকে “day” শব্দটিকে [ডোআই] উচ্চারণ করেন। কাজেই আপনারা যদি কোনো উচ্চারণের স্ট্যান্ডার্ড অনুসরণ করেন, তবে সেই স্ট্যান্ডার্ড অনুযায়ীই সব স্বরধ্বনি উচ্চারণ করতে চেষ্টা করবেন। এতে যদি অল্পকিছু এদিক-ওদিক হয় তাতে তেমন কিছু আসে যায় না।

Table 3.3-এ RP উচ্চারণে বিভিন্ন ইংরেজী শব্দের স্বরধ্বনি দেখানো হয়েছে।

Table 3.3: BPA-তে ইংরেজী শব্দের স্বরধ্বনি

English word	BPA	Vowel Quality
lot	লট	অ
bee	বী	ঈ
sheep	শীঃপ	ঈঃ
hit	হিট	ই
mad	ম্যাড	অ্যা
bet	বেট	এ
port	পোঃট	ওঃ
part	পাঃট	আঃ
put	পুট	উ
mood	মূঃড	উঃ
bake	বেইক	এই
like	লাইক	আই
loin	লৈন/লৌইন	ঔ/ঔই
cow	কাউ	আউ
hoe	হৌ	ঔ
bird	ব্যাঃড	য়ঃ

Bold = ইংরেজী স্বরধ্বনি

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- ১। “sheep”, “port” ও “part”- এই তিনটি শব্দের BPA অনুলিপিতে, ধ্বনিগুলিতে টেনে উচ্চারণ দেখাবার জন্য /:/ চিহ্নটি দেয়া হয়েছে যা আমরা পরের সেকশনে আলোচনা করবো।
- ২। “loin” শব্দটির /loi/ ধ্বনিটি BPA-তে দুইভাবে লিখা যায় – যথা (ক) “ল”-এর সঙ্গে দ্বৈত স্বরধ্বনির ডাইয়াক্রিটিক “ট” ব্যবহার করা যায়, অথবা (খ) প্রথমে “ল” বর্ণের সঙ্গে “ে” ডাইয়াক্রিটিক ব্যবহার করে /লৌ/ ধ্বনিটি দেখিয়ে তারপরে ইংরেজী /I/ স্বরধ্বনিটি দেবার জন্য standalone “ই” বর্ণ ব্যবহার করা যায়।

৩.২.২ ইংরেজী স্বরধ্বনির পরিমাণ

একটি ইংরেজী স্বরধ্বনির দুটি বৈশিষ্ট্য আছে। একটি হলো স্বরধ্বনির মান (vowel quality) যেটা আমরা এর আগের পরিচ্ছেদে আলোচনা করেছি। আর একটি হলো স্বরধ্বনির পরিমাণ বা মাপ (vowel quantity)।

ইংরেজী বলতে স্বরধ্বনির পরিমাণ সম্বন্ধে বিশেষ সতর্কতা প্রয়োজন। কোনো ইংরেজী শব্দ উচ্চারণ করতে আপনি যদি স্বরধ্বনির সঠিক পরিমাণ না ব্যবহার করেন তাহলে শব্দটির অর্থ বদলে যেতে পারে এবং আপনার শ্রোতা আপনাকে বোঝবার চেষ্টায় হেঁচট খেতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি যদি “ship”কে [শীঃপ] বলে উচ্চারণ করেন এবং কোন অবাঙালিকে বলেন, যে আপনি [শীঃপ]-এ করে ভ্রমনে যেতে চান তাহলে আপনার শ্রোতার প্রতিক্রিয়া কী হবে তা বলা কঠিন।

স্বরধ্বনির পরিমাণ নির্দেশ করে যে একটি ইংরেজী স্বরধ্বনি কতোটা টেনে উচ্চারণ করা উচিত। Table 3.4-এর চতুর্থ column-এ আমি দেখিয়েছি যে এক একটি স্বরধ্বনির পরিমাণ নিচের চার রকমের একটা হবে:

১. ছোট
২. ছোট/লম্বা
৩. লম্বা
৪. বেশ লম্বা

এখানে আমরা স্বরধ্বনির চারটি পরিমাণ নির্দেশ করেছি এবং এদের দৈর্ঘ্য অনুযায়ী সাজিয়েছি (“ছোট” থেকে “লম্বা”)। যথা, একটি “ছোট/লম্বা” স্বরধ্বনি, “ছোট” স্বরধ্বনির চাইতে এক মাপ বেশী লম্বা, আর একটি “লম্বা” স্বরধ্বনি “ছোট” স্বরধ্বনির চাইতে দুই মাপ বেশী লম্বা, ইত্যাদি।

বাংলা ভাষাতে নেই এরকম নতুন ইংরেজী স্বরধ্বনি পরে আমরা যখন আলোচনা করবো তখন আরো দুটো পরিমানের স্বরধ্বনির কথা বলবো। এগুলো হলো:

- (ক) খুব ছোট স্বরধ্বনি, আর
(খ) অতিরিক্ত ছোট স্বরধ্বনি।

“লম্বা” পরিমান স্বরধ্বনি থেকে “বেশ লম্বা” উচ্চারণে যেতে BPA-তে আমরা একটি বিশেষ প্রতীক - /:/ - ব্যবহার করবো।

আমরা একটি ইংরেজী শব্দের স্বরধ্বনির মান বদল করে অন্যভাবে উচ্চারণ করতে পারি যতক্ষণ শব্দটা বোঝা যায়। কিন্তু স্বরধ্বনির পরিমানের ব্যাপারে এরকম লাইসেন্স আমরা নিতে পারি না। কোনো শব্দে স্বরধ্বনির স্বীকৃত পরিমান কেবলমাত্র এক মাপ টেনে বা ছোট করে শব্দটি উচ্চারণ করলে শব্দটি হয়তো বোঝা যেতে পারে। কিন্তু যে কোনো দিকে স্বরধ্বনির পরিমান এক মাপের বেশী বদলালে শব্দটির অর্থ বদলে যেতে পারে। উদাহরণস্বরূপ, “ship” শব্দটির উচ্চারণ হলো [শিপ]। এটির স্বীকৃত স্বরধ্বনির পরিমান হলো “ছোট”। কিন্তু এটির স্বরধ্বনির পরিমান “বেশ লম্বা” করে এটিকে [শী:প] বলে উচ্চারণ করলে এর অর্থ বদলে যাবে।

দুই স্বরধ্বনি একের পর আরেকটা উচ্চারণ করলে দ্বৈত স্বরধ্বনি হয়। /এই/, /ও/, এই রকম দ্বৈত স্বরধ্বনি বদলে আমরা যদি “বেশ লম্বা” করে স্বরধ্বনি উচ্চারণ করি তাহলে যতক্ষণ শব্দটি বোঝা যাবে ততক্ষণ কিছু আসে যায় না। যেমন “bake” এবং “row”কে যথাক্রমে [বে:ক] এবং [রো:] করে উচ্চারণ করলে তা কারো বুঝতে অসুবিধা হওয়া উচিত না।

আগে যা বলেছি, ইংরেজী শব্দের স্বরধ্বনি সঠিক পরিমান দিয়ে উচ্চারণ করতে শেখা খুবই গুরুত্বপূর্ণ। আমি এ-ও লক্ষ্য করেছি যে, কোনো কোনো বাঙালি, ইংরেজী শব্দতে ছোট পরিমানের স্বরধ্বনিকে টেনে “বেশ লম্বা” করে উচ্চারণ করেন। উদাহরণস্বরূপ, আপনাদের মধ্যে কেউ কেউ হয়তো “hit” বা “get”-এর মতো শব্দকে [হী:ট] ও [গে:ট] বলে উচ্চারণ করেন। আপনি যদি এরকম ছোট পরিমানের স্বরধ্বনিকে এভাবে “বেশ লম্বা” করে ফেলেন, তাহলে আপনার ইংরেজী উচ্চারণে সমস্যা আছে যা আপনার শোধরানো প্রয়োজন। এই সমস্যা সম্বন্ধে আপনাকে সচেতন হতে হবে। যখন আপনাকে এক সিলেবলবিশিষ্ট কোনো ইংরেজী শব্দ উচ্চারণ করতে হবে, তখন একটু থেমে চিন্তা করে নিবেন শব্দটির স্বরধ্বনির মাপ সম্বন্ধে, তারপরে শব্দটি উচ্চারণ করবেন স্বরধ্বনিটিকে সঠিক পরিমান দিয়ে।

Table 3.4: ইংরেজী শব্দে স্বরধ্বনি পরিমান

English word	BPA	Vowel Quality	Vowel Quantity
lot	লট	অ	ছোট
bee	বী	ঈ	লম্বা
sheep	শী:প	ঈ:	বেশ লম্বা
hit	হিট	ই	ছোট
mad	ম্যাড	অ্যা	লম্বা
bet	বেট	এ	ছোট
port	পো:ট	ও:	বেশ লম্বা
part	পা:ট	আ:	বেশ লম্বা
put	পুট	উ	ছোট
mood	মু:ড	উ:	বেশ লম্বা
bake	বেইক	এই	দ্বৈত স্বরধ্বনি
like	লাইক	আই	দ্বৈত স্বরধ্বনি
loin	লৈন/লোইন	ঐ/ওই	দ্বৈত স্বরধ্বনি
cow	কাউ	আউ	দ্বৈত স্বরধ্বনি
hoe	হৌ	ঔ	দ্বৈত স্বরধ্বনি
bird	ব্য:ড	্য:	বেশ লম্বা

Bold = ইংরেজী স্বরধ্বনি

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- একটি ইংরেজী শব্দ উচ্চারণ করতে স্বরধ্বনিতে সঠিক পরিমান ব্যবহার করতে খুব যত্ন নিন।

- ২। কোনো ইংরেজী শব্দের স্বরধ্বনির পরিমাণ যে-কোনো দিকে এক ধাপ বদলালে তেমন কিছু আসে যায় না। কিন্তু এক ধাপের বেশী বদলালে শব্দটির অর্থ বদলে যেতে পারে।
- ৩। কোনো ইংরেজী শব্দের স্বরধ্বনি “ছোট” না “লম্বা” করে উচ্চারণ করতে হবে তা শব্দটার উপর নির্ভর করবে। তবে মনে রাখবেন এই ধ্বনিগুলিকে কখনো খুব ছোট (যা আমরা পরে আলোচনা করবো) বা “বেশ লম্বা” করে ফেলবেন না।

৩.৩ BPA-তে ইংরেজী শব্দের উচ্চারণ প্রতিলিপি

একটি সেকশনে দেয়া নতুন ইংরেজী উচ্চারণ শিখতে প্রথমে table-এর প্রথম ও তৃতীয় কলামের ইংরেজী শব্দগুলির BPA-প্রতিলিপি, যা আপনি মনে করেন হওয়া উচিত, একটা কাগজে টুকে রাখুন। আপনার লেখা BPA-প্রতিলিপিতে, সেই সেকশনে ও তার আগে যে নতুন ধ্বনির BPA-বর্ণগুলি শিখেছেন শুধু সেগুলি ব্যবহার করবেন। বাংলাতে আপনি যে ডাইয়াক্রিটিকগুলি ব্যবহার করেন, নতুন ব্যঞ্জনধ্বনির BPA প্রতিলিপি লিখার জন্য সেইগুলিই ব্যবহার করুন। এই কাজটি শেষ করা হলে আপনার প্রতিলিপিগুলির সঙ্গে table-এর দ্বিতীয় ও চতুর্থ কলামে দেয়া প্রতিলিপিগুলি তুলনা করুন।

কোন ইংরেজী ধ্বনি এবং তার BPA প্রতিলিপির সঙ্গে ভালো করে পরিচিত হতে কলাম ১ অথবা ৩-এ দেয়া ইংরেজী শব্দ দেখুন ও মনে মনে পড়ুন; তারপর কলাম ২ অথবা ৪-এ দেয়া তার BPA প্রতিলিপি জোরে-জোরে পড়ুন। যে-সব শব্দে একাধিক সিলেবল রয়েছে তাদের জন্য যা করবেন তা হলো:

প্রথমে, সিলেবলগুলি যে অর্ডারে রয়েছে সেই অর্ডারে, প্রত্যেকটি আলাদা-আলাদা করে, একটার পর একটা সিলেবল পড়ুন; প্রত্যেকটা সিলেবলের পর একটু থামবেন। **Bold** করে লিখা মুখ্য স্বাসাধিত সিলেবলে (primary stressed syllable) একটু স্বরাঘাত করবেন। শব্দটি আবার পড়বেন। এবার কোনো সিলেবলে না থেমে BPA-প্রতিলিপিটি এক নিঃশ্বাসে পড়ুন। প্রত্যেকটা সিলেবলের ওপর স্বরাঘাত না দিয়ে শুধু মুখ্য স্বাসাধিত সিলেবলের ওপর স্বরাঘাত দিয়ে শব্দটি পড়বেন। আপনার উচ্চারণটি আপনি disc-এ দেয়া উচ্চারণের সঙ্গে তুলনা করতে পারবেন।

Table 3.5: BPA-তে ইংরেজী শব্দ যাতে ধ্বনিগুলি ইংরেজী ও বাংলাতে আছে

Word	BPA	Word	BPA
abscess	অ্যাব সেস	acclimate	অ্যাক লি মেইট
add	অ্যাড	at	অ্যাট
bad	ব্যাদ	band	ব্যান্ড
bat	ব্যাট	bomb	বম
brat	ব্র্যাট	brain	ব্রেইন
brake	ব্রেইক	breast	ব্রেস্ট
can	ক্যান	came	কেইম
cash	ক্যাশ	cat	ক্যাট
crash	ক্র্যাশ	crown	ক্রাউন
dad	ড্যাড	day	ডেই
den	ডেন	dig	ডিগ
din	ডিন	dish	ডিশ
dash	ড্যাশ	dry	ড্রাই
egg	এগ	end	এন্ড
gray	গ্রেই	grand	গ্র্যান্ড
hate	হেইট	house	হাউস
jade	জেইড	jail	জেইল
jest	জেস্ট	mad	ম্যাড
nest	নেস্ট	not	নট
rent	রেন্ট	rest	রেস্ট
sing	সিং	yes	য়েস

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- ১। শুধুমাত্র বাংলা বর্ণ আর বাংলা স্বরবর্ণের ডাইয়াক্রিটিক ব্যবহার করা হয়েছে।
- ২। ইংরেজী শব্দ, যেগুলিতে যুক্ত ধ্বনি রয়েছে যেমন “band”, “breast”, “crown”, “dry”, “end”, “grey”, “jest”, “nest”, “rent”, “rest” এবং “grand”-এগুলির BPA-প্রতিলিপিতে বাংলা ভাষার মত যুক্তাক্ষর ব্যবহার করা হয়েছে।
- ৩। যে কোন বাঙালি, যিনি বাংলা পড়তে পারেন, এই BPA প্রতিলিপিগুলি পড়তে পারবেন, এবং এইভাবে table-এ দেয়া শব্দগুলির উচ্চারণ জানতে পারবেন।
- ৪। “yes” শব্দটি BPA-তে প্রতিলিপি করা হয়েছে বাংলা ব্যঞ্জনবর্ণ “য়” ব্যবহার করে। বাংলা ভাষায় শব্দের শুরুতে /য়/ ব্যবহার হয় না। সেইজন্য হয়তো আপনারা “yes”কে [ইএস] করে উচ্চারণ করেন। এতে কোনো ক্ষতি নেই।
- ৫। একাধিক সিলেবল্‌বিশিষ্ট শব্দগুলির সিলেবল্‌গুলি BPA প্রতিলিপিতে আলাদা করা হয়েছে তাদের মধ্যে space দিয়ে। এখানে দেয়া তালিকায় দুটি শব্দ রয়েছে- “abscess” ও “acclimate”- যে-দুটি শব্দেরই দুটি করে সিলেবল্‌ আছে।
- ৬। একাধিক সিলেবল্‌বিশিষ্ট শব্দের উচ্চারণের মুখ্য স্বাসাঘিত সিলেবল্‌টির BPA প্রতিলিপি **bold** দেখানো হয়েছে।

৪

নূতন ইংরেজী ব্যঞ্জনধ্বনি প্রত্যয়ীকরণ

এটা অবশ্যই হতে পারে যে কোনো কোনো সেকশনে আমি যে-বিশেষ ইংরেজী ব্যঞ্জনধ্বনি এনেছি সেটি আপনারা যে-সব ব্যঞ্জনধ্বনির সঙ্গে পরিচিত তাদের কোনো একটা ধ্বনির থেকে যে আলাদা হতে পারে এটা চিন্তা করতে পারেন না। তখন আপনাদের ওই ধ্বনিটিকে প্রত্যয়িত (conceptualise) করতে হবে। ধ্বনির প্রত্যয়ীকরণ, এই কথাটার অর্থ আর একটু স্পষ্ট করবার জন্য এর আরো ব্যাখ্যা দিচ্ছি।

মনে করুন একটি শিশু মাত্র চারটি রং চিনতে শিখেছে – সাদা, কালো, লাল আর নীল। এখন যদি আপনি এই শিশুটিকে সবুজ রংটি দেখান, যেটি সে এখনো একটি আলাদা রং হিসাবে চিনতে শেখেনি, এবং তাকে জিজ্ঞেস করেন এই রংটি কী, সে হয় কিছুই বলবে না, অথবা যে-চারটি রং সে জানে তাদের মধ্যে একটি রং-এর কথা বলবে। আপনি যদি চান, যে সে সবুজ রংটিও ওপরের চারটি রং থেকে আলাদা করে চিনবে এবং এই রং-এর নাম শুদ্ধ করে বলতে পারবে, তাহলে তাকে সবুজ রংটি প্রত্যয়গতভাবে, সে আগে যে চারটি রং শিখেছে তাদের থেকে আলাদা করে বুঝতে ও শিখতে হবে। নতুন শব্দ চেনবার বেলাতেও একই কথা খাটে। তবে এ-ক্ষেত্রে, যেহেতু এই শব্দগুলি কথা বলতে ব্যবহার করা হবে, এই নতুন ধ্বনিগুলির প্রত্যয়িত করবার আলোচনায় এগুলি উচ্চারণ করবার বিষয়টি আনতে হবে।

৪.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি যেগুলি বাংলা ভাষাতে নেই

বাংলা ভাষায় ইংরেজী ভাষার পাঁচটি ব্যঞ্জনধ্বনি নেই। এগুলি হলো:

/f, v, z, ʒ, w/

এই পাঁচটি ধ্বনির মধ্যে প্রথম চারটি, /f, v, z, ʒ/, হলো শিস ধ্বনি (fricative), শেষটি, /w/, একটি নৈকট্য ধ্বনি। যে-কোন ব্যঞ্জনধ্বনি উচ্চারণ করতে, আপনার যে-শক্তিশালী বাক যন্ত্র (Fig. 1) রয়েছে, তার থেকে অন্ততঃ দুটি উচ্চারণক বাক প্রত্যয়ের প্রয়োজন। বিভিন্ন ধ্বনি বার করতে শিখবার জন্য আপনার বাক যন্ত্রের বিভিন্ন অঙ্গের নামের সঙ্গে পরিচিত হওয়া দরকার। আপনি বুঝে ও শিখে নিন যে ইংরেজী ভাষার বিভিন্ন ধ্বনি বার করতে বাক যন্ত্রের কোন অংশ ব্যবহার করবেন এবং তা কীভাবে করবেন।

পরের পাঁচটি সেকশনে, একেকটিতে, এই পাঁচটি ইংরেজী ব্যঞ্জনধ্বনির কেবল একটি ধ্বনি সম্বন্ধে আমি আলোচনা করবো। প্রতিটি ধ্বনি শেখার জন্য আমি textual, audio এবং video বর্ণনা ও demonstration দেব। প্রত্যেকটি সেকশনে আপনি একটি table পাবেন যাতে ওই ধ্বনি উচ্চারণ প্রয়োগ করার জন্য ইংরেজী শব্দ থাকবে, এবং BPA-তে তাদের উচ্চারণ দেয়া থাকবে। প্রত্যেকটি table-এ কেবলমাত্র সেই BPA-বর্ণগুলিই দেয়া হয়েছে যেগুলি আপনারা আগেই শিখেছেন।

৪.১.১ বাক যন্ত্র

আমাদের সকলের একটি প্রক্রিয়া আছে যেটা দিয়ে আমরা কথা বলবার, এবং অন্যান্য প্রয়োজনে, আওয়াজ বার করি। এটিকে আমরা একটি অত্যন্ত বহুমুখী (versatile) এবং শক্তিশালী বাদ্যযন্ত্র মনে করতে পারি। প্রত্যেকটি করে করে এবং নিয়মিত ব্যবহার করে আমরা এই যন্ত্রটা দিয়ে যে কোনো, সঙ্গীতিক ও অন্যান্য অনেক রকম, আওয়াজ বার করতে পারি। কিন্তু সব ভালো সঙ্গীতকারের মতো আমাদের প্রথমে এই সঙ্গীত যন্ত্রটির বিভিন্ন অংশের সঙ্গে পরিচিত হতে হবে, এবং বিভিন্ন রকম ধ্বনি বার করতে তার কোন কোন অংশ ব্যবহার করতে হবে, কখন এবং কীভাবে, তা জানতে হবে। শিশু যখন বড়ো হতে থাকে তখন সে চেষ্টা করে, ভুল করে, এবং বড়দের কাছ থেকে কিছু সাহায্য নিয়ে, বিভিন্ন ধ্বনি উচ্চারণ করতে শেখে যেগুলি সে তার চারপাশে শোনে এবং যেগুলির মধ্যে সে তার মাতৃভাষায় কথা বলবার জন্য যে সব ধ্বনি ব্যবহৃত হয় সেগুলিও থাকে। ক্রমে শিশুটি তার মাতৃভাষায় কথা বলবার জন্য প্রয়োজনীয় সব ধ্বনিই তৈরী করতে শিখে যায়। অন্য কোনো ধ্বনি তৈরী করতে তার শিখতে হয় না যদি না সে কোনো সঙ্গীতযন্ত্রের শব্দ, পশুপাখীর শব্দ অথবা অন্য ভাষায় কথা বলবার ধ্বনি নকল করতে চায়। এভাবে বড়ো হচ্ছে কোনো শিশু অথবা একজন প্রাপ্তবয়স্ক মানুষ বিভিন্ন ধ্বনি তৈরী করতে যে প্রক্রিয়া ব্যবহার করতে হয় তা শিখে উঠতে পারেন।

আমরা যেহেতু অন্য একটি ভাষায় (ইংরেজী) কথা বলবার ধ্বনি শিখতে চেষ্টা করছি, আমাদেরও এর জন্য একইভাবে এগুতে হবে। প্রথমে আমাদের এই সঙ্গীত যন্ত্রটার প্রত্যেকটা অংশের নাম জানতে হবে। Fig.1-এ দেয়া সঙ্গীত/বাক যন্ত্রটি পরীক্ষা করে এই অংশগুলির নাম ও বাক যন্ত্রের বিভিন্ন অংশ কোথায় অবস্থিত তা জানা যায়। তারপর প্রত্যেকটি ধ্বনির জন্য আমাদের যা শিখতে হবে তা হলো:

- (ক) ধ্বনিটির প্রাথমিক চরিত্র। অর্থাৎ এটি ব্যঞ্জনধ্বনি না স্বরধ্বনি, ইত্যাদি।
- (খ) তার secondary চরিত্র। অর্থাৎ এটি একটি স্পর্শ ধ্বনি, নৈকট্য ধ্বনি, শিস ধ্বনি, ঘৃষ্ট ধ্বনি ইত্যাদি।
- (গ) এটির উচ্চারণক বাক প্রত্যঙ্গসমূহ (জিহ্বা, ঠোঁট, দাঁত, তালু, আল-জিহ্বা, চোয়াল, দন্তমূল ইত্যাদি)।

HUMAN VOCAL SYSTEM




Fig. 4.1: বাক যন্ত্র

(ঘ) ধ্বনিটি তৈরী করতে কোন খান দিয়ে বাতাস বেরোবে - ঘোষ (voiced) ধ্বনির জন্য ফুস্ফুস্ এবং অঘোষ (voiceless) ধ্বনির জন্য স্বরযন্ত্রের ওপরকার অংশ থেকে।

(ঙ) শুরু থেকে শেষ পর্যন্ত বিভিন্ন direct ও indirect উচ্চারণক বাক প্রত্যঙ্গের চরিত্র এবং অবস্থান; অর্থাৎ যখন শব্দটি অন্যদের শোনাবার জন্য করা হয়েছে।

বিভিন্ন table-এ দেয়া শব্দগুলি বারে বারে উচ্চারণ করতে প্র্যাকটিস করে করে আপনারা একটি নতুন ধ্বনি সৃষ্টি করা শিখতে পারবেন। নতুন কোনো ধ্বনির উচ্চারণ শিখতে আপনাদের এই ধ্বনি মনোযোগ দিয়ে উচ্চারণ করে যেতে হবে যতক্ষণ না চিন্তা না করেই আপনারা এটি উচ্চারণ করতে পারবেন। এটি পারলে কেবল তখনই আপনারা বলতে পারবেন- যে “আমি এই ধ্বনিটি বার করতে বা প্রত্যয়িত করতে শিখেছি”।

এই গাইড বইতে আমি কয়েকটি নতুন term ব্যবহার করবো যেগুলি নিচে বুঝিয়ে দিচ্ছি:

অখন্ডাঙ্ক (supra segmental) উচ্চারণের সেই সকল চরিত্র যা ধ্বনির বাইরে - যেমন স্বরের ওঠানামা (intonation)।

অঘোষ ধ্বনি (voiceless sound) হলো সেই ধ্বনিগুলি যেগুলি ফুস্ফুস থেকে শুরু হয় না, মুখ থেকে বেরোয়। ইংরেজীতে অঘোষ ধ্বনিগুলি হলো:

/ক, চ, ট, থ, দ, প, ম, র, ল, স, হ, য/।

অল্প প্রাণিত ধ্বনি (unaspirated sound) যখন কোনো মূলধ্বনি উচ্চারণের সময় স্বরাঘাত করা হয় না তাকে অল্প প্রাণিত বা স্বল্প প্রাণিত ধ্বনি বলা হয়।

উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলি (articulators) হলো মানুষের শব্দযন্ত্রের সেই অংশগুলি যেগুলি শব্দ তৈরী করতে ব্যবহৃত হয়। একটি শব্দ করতে অন্ততঃ দুটি উচ্চারণক বাক প্রত্যঙ্গ লাগে। আমাদের বাক যন্ত্রে যে সাতটি উচ্চারণক বাক প্রত্যঙ্গ রয়েছে (Roach, 1998) সেগুলো হলো - (ক) pharynx (অন্নালীর উর্ধ্বাংশস্থিত গহ্বর), (খ) কোমল তালু (velum), (গ) শক্ত তালু (palate-alveolar) (ঘ) দন্তমূলীয় (alveolar ridge), (ঙ) জিহ্বার বিভিন্ন অংশ - যেমন ডগা, ফলক, সামনের অংশ, পেছনের অংশ এবং গোড়া, (চ) দাঁতসমষ্টি এবং (ছ) ঠোঁটদ্বয়।

উভয়ৌষ্ঠ্য (bilabial) ধ্বনি করতে প্রথমে দুটো ঠোঁট পরস্পরকে স্পর্শ করে, তারপর শব্দটি বার করতে নিচের ঠোঁটটি ওপরের ঠোঁট থেকে চট করে আলাদা করা হয়। ইংরেজীতে যে-তিনটি উভয়ৌষ্ঠ্য ধ্বনি আছে তা হলো /প, ব, ম/




Fig. 4.2: উভয়ৌষ্ঠ্য ধ্বনি উচ্চারণের উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান

একক স্বরধ্বনি (monophthong) হলো একটি স্বয়ংসম্পূর্ণ ও বিশুদ্ধ স্বরধ্বনি - যেমন /এ/, /ই/, /ও/, /উ/ - একক স্বরধ্বনি উচ্চারণ করতে বাক প্রত্যঙ্গগুলি আগাগোড়া অপরিবর্তিত থাকে।

কোমল তালু (soft palate) মুখের ভেতরে ও গলার পেছনে একটি নরম অংশ যা উঠানামা করে ও আমরা যাকে আল জিহ্বা বলে থাকি। এটার টেকনিকাল নাম হলো velum।

গৌণ শ্বাসাঘিত সিলেবল (secondary stressed syllable) - একাধিক সিলেবলযুক্ত ইংরেজী শব্দের যেই সিলেবলে উচ্চারণের সময় প্রাথমিক ঝাঁক না দিয়ে অল্প ঝাঁক দেওয়া যেতে পারে।

খন্ডাঙ্ক (suprasegmental) উচ্চারণের ধ্বনি বিষয়ক চরিত্র।

ঘোষ ধ্বনি (voiced sounds) হলো সেই সব ধ্বনি যেগুলি বার করতে বাতাস ফুস্ফুস্ থেকে বার হয়ে স্বর তন্ত্রী দিয়ে ওপরে উঠে যায়। ইংরেজী ভাষায় ঘোষ ধ্বনিগুলি হলো:

/ব, ড, গ, v, দ, z, 3/।

ঘৃষ্ট ধ্বনি (affricate) হলো একটি ব্যঞ্জনধ্বনি যেটি স্পর্শ ধ্বনি হয়ে শুরু হয় এবং তারপরে শিস ধ্বনি হয়। ইংরেজীতে দুটি ঘৃষ্ট ধ্বনি আছে। সেগুলি হলো- /চ/ এবং /জ/। স্পর্শ ধ্বনি বার করতে যে উচ্চারণক বাক প্রত্যঙ্গ গুলি ব্যবহৃত হয় সেগুলি হলো (ক) জিহ্বার আগা এবং (খ) দন্তমূল।

ছান্দস (prosody) অখন্ডাত্মকের ব্রিটিশ নাম। যাতে ইংরেজী কথা বলার ছন্দ, স্বর ওঠানামা, ইত্যাদি পরে।

জিহ্বা (tongue) সব ভাষাতেই কথা বলবার ধ্বনি বার করতে জিহ্বাটিকে একটি উচ্চারণক বাক প্রত্যঙ্গ হিসাবে ব্যবহার করা হয়। জিহ্বার পাঁচটি অংশ আছে, এবং বিভিন্ন রকম আওয়াজ বার করতে এগুলির সবই ব্যবহার করা যায়। এই পাঁচটি অংশ হলো- (ক) apex অথবা জিহ্বার ডগা; (খ) blade বা জিহ্বার ফলা; (গ) জিহ্বার সামনের ভাগ; (ঘ) জিহ্বার পেছনটা; আর (ঙ) জিহ্বার গোড়া।




Fig. 4.3: জিহ্বার বিভিন্ন অংশ

জিহ্বার আগা বা ডগা (apex or tip) - Fig. 4.4 দেখুন।

জিহ্বার ফলক বা ফলা (blade) - Fig. 4.4 দেখুন।

ডায়াক্রিটিক (diacritic) বর্ণ লিপিতে মূল বর্ণগুলির সাথে ব্যবহৃত হয় যখন মূলবর্ণ দিয়ে বর্ণটির যে স্বরধ্বনি (/অ/) বোঝায় তার থেকে ভিন্ন স্বরধ্বনি বুঝানোর জন্য। বাংলাতে একার (ে), আকার (া), উকার (ু) ইত্যাদি।

তালব্য দন্তমূলীয় (Palato-alveolar) ধ্বনি বার করতে জিহ্বার ফলাটি একটি উচ্চারণক বাক প্রত্যঙ্গ এবং শক্ত তালু দ্বিতীয় উচ্চারণক বাক প্রত্যঙ্গ হিসাবে ব্যবহৃত হয়। এই দুটি উচ্চারণক বাক প্রত্যঙ্গের মধ্যে একটু ফাঁক থাকে বাতাস বার করবার জন্য, যাতে আওয়াজটি বেরুতে একটু ঘষাঘষি ও তোলপাড় হয়। ইংরেজী ভাষায় যে-দুটো তালব্য দন্তমূলীয় ধ্বনি আছে সেগুলি হলো - /শ/ এবং /জ/।

দন্ত (dental) ধ্বনিগুলি উচ্চারণ এইভাবে হয়: প্রথমে জিহ্বার আগাটা ওপরের দাঁতগুলির স্পর্শ করে, তারপর ধ্বনিটা বার করতে দাঁত থেকে জিহ্বাটা সরিয়ে নেওয়া হয়। ইংরেজীতে দুটি দন্ত ধ্বনি রয়েছে। এগুলো হলো : /দ, থ/।

দন্তমূল (gum ridge) মাড়ীর চড়াই অথবা alveolar ridge হলো ওপরের দাঁতগুলির ঠিক পেছনে উঁচু করে থাকা মাড়ীর অংশটুকু। দুটো ইংরেজী ঘৃষ্ট ধ্বনি /চ/ এবং /জ/ উচ্চারণ করতে যে উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলো লাগে তাদের মধ্যে এটি একটি।

দন্তমূলীয় (alveolar) দুটি উচ্চারণক বাক প্রত্যঙ্গ দিয়ে দন্তমূলীয় ধ্বনি উচ্চারণ করা হয়, তা হলো (ক) জিহ্বার ফলা এবং (খ) দন্তমূল। ইংরেজীতে যে-দুটি দন্তমূলীয় ধ্বনি আছে তা হলো /ড/ এবং /ট/।




Fig. 4.4: স্বরযন্ত্রের উপরে অবস্থিত উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলি

দ্বৈতস্বরধ্বনি (diphthong) হয় দুটো স্বরধ্বনিকে একত্র করে। এটি একটি স্বরধ্বনি দিয়ে শুরু করে আর একটিতে পরিবর্তিত হয়। উদাহরণ: /ঐ, ঔ/।

ধ্বনি প্রত্যয়ীকরণ (conceptualisation) (Fraser, ২০০৬)-সহজ কথায় একটা ধ্বনি প্রত্যয়ীকরণ করা মানে যে আপনাকে ওই ধ্বনিটা শিখতে হবে, সেটাকে একটি আলাদা ধ্বনি হিসাবে জানতে হবে, এবং অন্য ধ্বনি থেকে তাকে আলাদা করে চিনতে হবে।

নরম তালু (soft palate) - এটির technical নাম velum। কোন নাকী ধ্বনি বার করতে নরম তালুটি ওঠানো হয় নাকের ফুটো দিয়ে বাতাস যাবার পথ করার জন্য। ইংরেজীতে দুটি ব্যঞ্জনধ্বনি /ক, গ/ উচ্চারণ করতে উচ্চারণক বাক প্রত্যঙ্গ হিসাবেও নরম তালু ব্যবহার করা হয়। (ওপরে কোমল তালু দেখুন)।

নাকী স্বর (nasal sound) ব্যঞ্জনধ্বনিও হতে পারে, স্বরধ্বনিও হতে পারে। এগুলো 'নাকী' শোনায় তার কারণ এগুলি উচ্চারণ করতে নরম তালুটি ওপরে উঠে যায়, এবং বাতাস নাসিকা গহ্বরে ঢুকে যায়, যেখান থেকে ইঙ্গিত ধ্বনিটা বার করতে নাক দিয়েই বাতাস বার করে দেয়া হয়। নাকী স্বর তৈরী করার সময় আপনি যদি আঙ্গুল দিয়ে নাক চেপে ধরেন তাহলে ধ্বনিটা বেরোবে না। ইংরেজীতে তিনটি নাকী ব্যঞ্জনধ্বনি আছে। তা হলো - /ম, ন, ঙ/।

নন নেটিভ স্পীকার (Non Native English Speaker (NNS) যাঁদের ছাড়া NS দেশের একাধিক জন্ম হন নাই তাঁদের নন নেটিভ স্পীকার বা NNS বলা হয়।

নেটিভ ইংলিশ স্পীকার (Native English Speaker) (NS) UK, USA, Canada, Australia, New Zealand ও Ireland – এই ছয়টি দেশে যাদের জন্ম তাদের কে Native English Speaker বলা হয়। যাঁদের জন্ম এই ছয়টি দেশে নয় তাঁদেরকে Non-Native English Speaker বলা হয়।

নৈকট্য ধ্বনি (approximant) যে-সব ধ্বনি বার করতে উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলি পরস্পরকে স্পর্শ করে না সেগুলিকে নৈকট্য ধ্বনি বলা হয়। তারা পরস্পরের কাছাকাছি আসে, তবে এতো কাছে নয় যে বাতাসের গতিতে কোন ব্যাঘাত অথবা তোলপাড় করে ফেলতে পারে। কোনো কোনো নৈকট্য ধ্বনির চরিত্র স্বরধ্বনির মতো, এবং এগুলিকে semi-vowel বলা হয়। ইংরেজীতে দুটি নৈকট্য ধ্বনি আছে - /w/ এবং /y/।

পশ্চাত্তালব্য ধ্বনি (velar sound) গুলি জিহ্বার গোড়া এবং নরম তালুর মধ্য দিয়ে বার করা হয়। ইংরেজীতে যে দুটি পশ্চাত্তালব্য ধ্বনি আছে সেগুলি হলো - /ক, গ/।

পুনরায় ধ্বনি প্রত্যয়ীকরণ (re-conceptualisation) এটি Fraser-এর ধ্বনির conceptualisation প্রত্যয় থেকে আসে (Fraser, 2006)। যখন কেউ দুটো আলাদা ধ্বনিকে গুলিয়ে ফেলেন এবং তাদের একই রকম মনে করে উচ্চারণ করেন তখন এদের দুটি আলাদা ধ্বনি হিসাবে নতুন করে প্রত্যয়গতভাবে বুঝতে হবে।

প্রতিলিপি (transcription) কোনো ভাষাকে কোনো বর্ণসমূহ দিয়ে লেখাটাকে প্রতিলিপি অথবা প্রতিবর্ণকরণ করা হয়।

ব্যঞ্জনধ্বনি (consonant sound) কথা বলার আওয়াজ দুই প্রকারের হয়। স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি। ব্যঞ্জনধ্বনি হলো কথা বলার ওই ধ্বনি যা বার করতে মৌখিক নালী পুরোপুরি অথবা কিছুটা বন্ধ করতে হয়, বিভিন্ন উচ্চারণ প্রত্যঙ্গ ব্যবহার করে। ইংরেজীতে ২৪টি ব্যঞ্জনধ্বনি। তা হলো: /ব, ক, ড, ট, গ, হ, জ, ল, ম, ন, প, র, স, চ, শ, থ, দ, য়, ঙ, f, v, z, 3, w/। এর প্রথম ১৯টি বাংলা ভাষাতেও আছে।

যুগ্মধ্বনি (cluster sound) দুই বা তার অধিক ব্যঞ্জনধ্বনি মিলে একটা যুগ্মধ্বনি হয়। যুগ্মধ্বনিকে সাধারণত একক ধ্বনি হিসাবে উচ্চারণ করা হয়। যেমন /থ্র্যাড/, /স্ট্রীট/ ইত্যাদি।

মধ্য-কেন্দ্রীয় স্বরধ্বনি (mid-central) – মধ্য কেন্দ্রীয় স্বরধ্বনি করতে জিহ্বার অবস্থান হয় মুখের ভেতরে, ওপর-নিচে ও সামনে-পেছনে, দুই দিকের ঠিক মাঝখানে। দুইটা ইংরেজী মধ্য-কেন্দ্রীয় স্বরধ্বনি আছে, তা হলো /ɜ:/ ও /ə/। প্রথমটা বাংলা ভাষাতেও আছে।

মহাপ্রাণিত ধ্বনি (aspirated sound) যখন কোনো মূল ধ্বনি উচ্চারণের সময় কিছু স্বরাঘাত করা হয় এবং যে সহধ্বনি বেরায় তাতে একটু /হ/ আওয়াজটা থাকে, তাকে মহাপ্রাণিত ধ্বনি বলা হয়। ইংরেজীতে যে-তিনটি মহাপ্রাণিত ধ্বনি আছে তা হলো [ক^হ, প^হ, ট^হ]।

মুখ্য শ্বাসাঘিত সিলেবল (primary stressed syllable) একাধিক সিলেবল বিশিষ্ট ইংরেজী শব্দের যেই সিলেবলে উচ্চারণের সময় প্রাথমিক ঝাঁক দিতে হবে, তাকে মুখ্য শ্বাসাঘিত সিলেবল বলা হয়।

মূল ধ্বনি (phoneme) ধ্বনি হলো ধ্বনির abstract form। একটি ধ্বনির উচ্চারণ কেমন হওয়া উচিত এটি আমাদের তা বলে। তবে বাস্তবক্ষেত্রে যখন ধ্বনিটি উচ্চারণ করা হয় এর চরিত্র বিভিন্ন রকম হয় যা নির্ভর করে শব্দের কোনখানে এটি আসে, এবং কে কী context-এ শব্দটি ব্যবহার করেন। IPA ও BPA-তে মূল ধ্বনি দেখানো হয় ধ্বনিটির চিহ্নকে দুই ধারে forward slash (/) দিয়ে ঘিরে দিয়ে।

মৌখিক নালীয় (vocal tract) – নালীয় / গহ্বর - কথা নালীয় / গহ্বর - কথা বলার ধ্বনি তৈরী করার জন্য বাকযন্ত্রের বিভিন্ন উচ্চারণক বাক প্রত্যঙ্গ ব্যবহার করা হয় যাতে বাতাস ফুসফুস থেকে অথবা মুখ থেকে গুরু করা হয় এবং তাকে মৌখিক নালীয় বা গহ্বর দিয়ে পাস করা হয়, মৌখিক গহ্বর বলতে তিনটা গহ্বর বোঝায় - তা হলো স্বরযন্ত্র গহ্বর, গলবিল গহ্বর ও অনুনাসিক গহ্বর।

শক্ত তালু (hard palate) (শক্ত তালু) হলো মাড়ীর চড়াইয়ের ঠিক নিচের অংশটুকু যেটাকে জিহ্বা দিয়ে স্পর্শ করা যায়। এই অংশটির technical নাম palato-alveolar (তালু/তালব্যদন্ত মূলীয়)।

শিসধ্বনি (fricatives) হলো ওই সকল ব্যঞ্জনধ্বনি যেগুলি বার করতে বাতাস দুটো উচ্চারণক বাক প্রত্যঙ্গের মাঝখানের ফাঁক দিয়ে বার হয়, যার ফলে

একটু ঘষাঘষি ও তোলপাড় হয়। বাংলা ভাষায় তিনটি শিস ধ্বনি আছে। এগুলো হলো : /স,শ,হ/। ইংরেজীতে আরো চারটা শিস ধ্বনি আছে। তা হলো - /f, v, z, ʒ/।

***Wi:** (schwa) এটি একটি বিশিষ্ট ইংরেজী স্বরধ্বনি যার পরিমাণ বা মাপ খুব ছোট। এই স্বর ধ্বনিটি ইংরেজী কথ্যে সবচেয়ে অধিক ব্যবহৃত হয়। IPA ও BPA-তে এর জন্য “ə” বর্ণ ব্যবহার করা হয়।

সার্বিক পদক্ষেপ (holistic approach) উচ্চারণ শেখাতে হোলিস্টিক এপ্রোচ বা সার্বিক পদক্ষেপ নেওয়া মানে ইংরেজী উচ্চারণকে আলাদাভাবে না দেখে ইংরেজী শেখার অন্যান্য উপাদানগুলো, যেমন ইংরেজী গুনা, ইংরেজী বলা, ইংরেজী পড়া ও ইংরেজী লেখা, এদের অঙ্গ ভেবে উচ্চারণ শেখা।

স্বাসাঘাত (stress) জোর বা ঝাঁক দেওয়া।

স্পর্শধ্বনি (stop/plosive) মৌখিক গহ্বর (oral tract) একেবারে বন্ধ করে দিয়ে মুখ থেকে বাতাসের নির্গমন আটকে দিলে যে আওয়াজ হয় তাকে স্পর্শধ্বনি বলে। এই আওয়াজকে plosive-ও বলা হয়।

সহধ্বনি (allophone) হলো একটি মূল ধ্বনির (phoneme) রূপান্তরিত ধ্বনি। একটা মূল ধ্বনিকে মনে করা যেতে পারে এটি একটি abstract ধ্বনি অথবা recommended ধ্বনি। একই মূল ধ্বনি, বিভিন্ন শব্দের বিভিন্ন পজিশনে ব্যবহারকালে অথবা ইংরেজীর বিভিন্ন আঞ্চলিক ভাষাতে ধ্বনিটির উচ্চারণ মূল ধ্বনির থেকে ভিন্ন হতে পারে। উদাহরণ: বিভিন্ন ইংরেজী শব্দের বিভিন্ন স্থানে “d”, “l” ও “r” থাকলে এগুলোর সহধ্বনি মূল ধ্বনি থেকে ভিন্ন হতে পারে। প্রতিলিপিতে মূল ধ্বনি থেকে সহধ্বনি আলাদা করে দেখাবার জন্য এই ধ্বনিগুলির symbol square bracket-এর মধ্যে দেখানো হয়েছে, যেমন [a]।

স্বরাঘাত (stress) – উচ্চারণের সময় জোর বা ঝাঁক দেওয়া।

স্বরতন্ত্রী (vocal chords/vocal folds) এগুলি স্বরযন্ত্রের (larynx) ভিতরের flap-এর মতো পেশীসমূহ, যা খোলে ও বন্ধ হয়। বিভিন্ন ধ্বনি বার করতে এই flap গুলি ওঠানামা করে।




Fig. 4.5: স্বরযন্ত্রের ভিতর স্বরতন্ত্রী

স্বরতন্ত্রী (intonation) – কথা বলার সময় বিভিন্ন বাক্য ও বাক্যাংশে, ওগুলির অর্থ অনুযায়ী স্বর উঠানামা করা হয় যাতে শ্রোতা কথার অর্থ ভালোভাবে বুঝতে পারেন। এরকম কথা বলাকে ইংরেজী ভাষাতে খুব গুরুত্ব দেওয়া হয়। ইংরেজীতে একে intonation বলে।

স্বরধ্বনি (vowel sound) বিভিন্ন স্বরধ্বনি বার করতে ঠোঁট দুটি খোলা থাকে, এবং জিহ্বাটিকে মুখের ভেতরে, সামনে-পিছনে ও ওপর-নিচে, বিভিন্ন অবস্থানে রাখা হয়, এবং বাতাস মুখ থেকে বেরুবার পথে কোন বাধা পায় না এবং ঘষা খায় না।

স্বরধ্বনির পরিমাণ (vowel quantity) বলতে বোঝায় একটি স্বরধ্বনি কতক্ষণ উচ্চারিত হবে। এটিকে স্বরধ্বনির মাপও বলা হয়।

স্বরধ্বনির মান (vowel quantity) বলতে বোঝায় একটি ইংরেজী স্বরধ্বনি কীভাবে উচ্চারিত হয়। ইংরেজীতে ২০টি ভিন্ন ভিন্ন ধরনের স্বরধ্বনি রয়েছে। ওগুলির সব আলাদা আলাদা মান আছে বলে ধরা হয়। মানে একটা স্বরধ্বনি অন্য একটা স্বরধ্বনি থেকে ভিন্ন।

স্বরযন্ত্র (larynx)

স্বল্প প্রাণিত ধ্বনি (unaspirated sound) - অল্প প্রাণিত ধ্বনি দেখুন।

BPA – Bengali Phonetic Alphabet = বাংলা ধ্বনি বর্ণমালা

EPDB – English Pronunciation Dictionary for Bangalis = বাঙালিদের ইংরেজী উচ্চারণের অভিধান

EPGB – English Pronunciation Guide Book = বাঙালিদের ইংরেজী উচ্চারণের গাইড বই

IPA – International Phonetic Alphabet = আন্তর্জাতিক উচ্চারণের বর্ণমালা

NBS – Native Bengali Speakers = বাঙালি

NNS – Non-native Speakers of English = যারা ইংরেজ না - যাদের UK, Ireland USA, Canada, Australia, New Zealand – এই ছটি দেশের কোনো দেশে জন্ম না

NS – Native Speakers of English = ইংরেজ - যাদের UK, Ireland USA, Canada, Australia, New Zealand - এই ছটি দেশের একটি দেশে জন্ম।

৪.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি যেগুলি বাঙালিদের প্রত্যয়িত করতে হবে

-/f, v, z, ʒ, w/

৪.২.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /f/


এটি একটি দন্তোষ্ঠ, অঘোষ, শিস, ব্যঞ্জনধ্বনি।

কিছু বাঙালি /f/-ধ্বনিটাকে বাংলা /ফ/-ধ্বনির সঙ্গে গুলিয়ে ফেলেন। কোনো কোনো অঞ্চলের লোকেরা /প/-ধ্বনিটা থেকেও /f/-ধ্বনিটা আলাদা করে বুঝতে পারেন না। এদের একটার জায়গায় আর একটা উচ্চারণ করে থাকেন। আপনি যদি এই দুটো দলের কোনোটায় পড়েন তাহলে আপনাকে /f, ফ, প/ ধ্বনিগুলিকে পুনরায় প্রত্যয়িত (reconceptualise) করতে হবে (সেকশন ৬.৩ দেখুন)।

/f/ আওয়াজটি করতে ওপরের ঠোঁট আর নিচের দাঁত, এই দুটো উচ্চারণক বাক প্রত্যয় ব্যবহার করা হয়। মনে রাখতে হবে যে এই আওয়াজটি করবার সময় ওপরের ও নিচের ঠোঁটদ্বয় একে অপরকে ছোঁবে না। আওয়াজটা করবার আগে দুটো ঠোঁট পরস্পরকে ছুঁয়ে ফেললে, যদি আপনি বাতাস বুক থেকে এনে থাকেন তাহলে যে ধ্বনিটা বার হবে সেটা হলো /ভ/; একটি ঘোষ ও স্পর্শধ্বনি। যদি আপনি বাতাস বুক থেকে টেনে না আনেন তাহলে, ঠোঁট দুইটা লেগে থাকার জন্য, যে আওয়াজটি হবে সেটা হলো /প/; একটি অঘোষ ও স্পর্শধ্বনি।

/f/ - ব্যঞ্জনধ্বনি বার করা

প্রথমে আপনার ওপরের ঠোঁট আর নিচের দাঁতগুলির মধ্যে অল্প একটু ফাঁক করুন। তারপর আপনার মুখের ভেতরকার অংশ দিয়ে কিছুটা বাতাস নিয়ে এসে তাকে আপনার ওপরের ঠোঁট আর নিচের দাঁতের মধ্যে যে ছোট ফাঁকটা রেখেছেন তার মধ্যে দিয়ে বার করে দেন। বাতাসটুকু এইভাবে মুখ দিয়ে বার হতে গিয়ে উচ্চারণক বাক প্রত্যয় দুটোর গায়ে ঘষা খাবে যাতে একটু তোলপাড় হয়ে /f/ ধ্বনি তৈরী হবে। এবার এই কায়দায় এই নতুন আওয়াজটা করতে চেষ্টা করুন।



উপরের ঠোঁট ও নিচের দাঁতের
মাঝের ফাঁক

Fig.4.6: /f/ - উচ্চারণক বাক প্রত্যয়গুলির অবস্থান

Vocal exercise – “মোমবাতি নিভাবার” exercise

আওয়াজটা কেমন করে করতে হয়, এটা বুঝতে যদি আপনার অসুবিধা হয় তাহলে মনে করুন যে আপনাকে আপনার জন্মদিনের কেকের ওপরে রাখা সব কয়টা মোমবাতি ফু দিয়ে নিভাতে হবে। এই কাল্পনিক জন্মদিনের মোমবাতিগুলি নিভাবার চেষ্টা করুন। আপনার সামনে একটা আয়না রাখুন, আর খুব ভালো করে লক্ষ্য করুন আপনার মুখ আর উচ্চারণক বাক প্রত্যয় দুটো, এবং ওপরের ঠোঁট আর নিচের দাঁতের মাঝের ফাঁকে কী ঘটনা ঘটছে। এটাকে আমি “মোমবাতি নিভাবার” exercise বলি।

/f/ ধ্বনি কোনো ইংরেজী শব্দে যখন আপনাকে উচ্চারণ করতে হবে তখন আপনি এই মোমবাতি নিভাবার exercise দিয়ে শুরু করে /f/ আওয়াজটি বার করে প্রক্রিয়াটি শেষ করতে পারেন।

অডিও ও ভিডিও উদাহরণ

এই আওয়াজটি কী করে বার করবেন তার audio আর video বর্ণনা পাবেন নিচের দুটো link-এ ও EPGB গাইড বইয়ের ডিস্কটোতে:

- <https://soundcloud.com/zamosc/lesson-2-f-the-consonant-faw> (audio)
- <https://www.youtube.com/watch?v=K9-fxk1DKTg> (video)

প্র্যাকটিস করবার জন্য শব্দাবলী

আপনারা নিচের টেবিলে দেয়া ইংরেজী শব্দগুলি উচ্চারণের প্র্যাকটিস করতে পারেন। যদি /f/ চিহ্নটা দেখবেন, তখন ওপরে আলোচিত মোমবাতি নিভাবার exercise দিয়ে শুরু করে প্রক্রিয়াটা শেষ করুন।

/f/ ধ্বনিটি বার করা শিখবার সময় এক টুকরা কাগজে BPA দিয়ে Table 4.1-এর কলাম ১ ও ৩-এর ইংরেজী শব্দগুলির উচ্চারণ লিখে রাখুন। অর্থাৎ আপনি ১৯টা ব্যঞ্জনধ্বনি, যা ইংরেজী ও বাংলা দুই ভাষাতেই আছে, সেগুলোর জন্য প্রতিলিপি হিসাবে বাংলা ব্যঞ্জনবর্ণ, /f/ ধ্বনির জন্য “ফ” চিহ্ন ও স্বরধ্বনির জন্য বাংলা স্বরবর্ণ ও ডাইয়াক্রিটিক ব্যবহার করবেন। এখানে কেবল “ফ” চিহ্নটাই নূতন। এই চিহ্ন দিয়ে আমরা নূতন ইংরেজী ধ্বনি, /f/, যা বাংলাতে নেই, তা লিখব।

Table 4.1: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জন ধ্বনি /f/ আছে

Word	BPA	Word	BPA
fabric	ফ্যাব রিক	face	ফেস
fame	ফেইম	fan	ফ্যান
fat	ফ্যাট	fax	ফ্যাক্স
fed	ফেড	feint	ফেইন্ট
felt	ফেল্ট	fetch	ফেচ
fifty	ফিফ্টি	fist	ফিস্ট
film	ফিল্ম	fit	ফিট
flabby	ফ্ল্যাব্‌ই	flag	ফ্ল্যাগ
flame	ফ্লেইম	flesh	ফ্লেশ
flight	ফ্লাইট	fling	ফ্লিং
flip flop	ফ্লিপ ফ্লপ	folly	ফলি
folks	ফোল্ক	fond	ফন্ড
font	ফন্ট	foot	ফুট
footlight	ফুট লাইট	footstep	ফুট স্টেপ
forest	ফর ইস্ট	foreign	ফর ইন
frank	ফ্র্যাঙ্ক	freight	ফ্রেইট
french	ফ্রেন্‌চ	fresh	ফ্রেশ
friend	ফ্রেন্ড	Friday	ফ্রাই ডেই
fringe	ফ্রিঞ্জ	full	ফুল
full scale	ফুল স্কেইল	full time	ফুল টাইম

Bold = মুখ্য শ্বাসাঘিত সিলেবল

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- আমরা এখানে একটিমাত্র নতুন চিহ্ন, “f”, ব্যবহার করেছি।
- ইংরেজী শব্দ “frank” - উচ্চারণে তিনটি যুগ্ম ধ্বনি আছে। আপনার যদি তা উচ্চারণ করতে অসুবিধা হয় তবে একটা ধ্বনি বাদ দিয়ে এটাকে দুই ধ্বনি যুক্ত শব্দ হিসাবে উচ্চারণ করতে পারেন; যেমন - /ফ্র্যাঙ্ক/।

৩। বাংলা ডাইয়াক্রিটিক /f/ ধ্বনির সঙ্গে ব্যবহার করা হয়েছে।

৪। /f/ ও /ল/ - এই দুই ধ্বনির যুগ্ম উচ্চারণ, যুক্তাক্ষর চিহ্ন /ল/ দিয়ে দেখানো হয়েছে।

৫। /f/ ও /র/ - এই দুই ধ্বনির যুগ্ম উচ্চারণ, যুক্তাক্ষর চিহ্ন /ফ/ দিয়ে দেখানো হয়েছে।

৬। একাধিক সিলেবলবিশিষ্ট শব্দগুলির ক্ষেত্রে space character দিয়ে সিলেবলগুলো পরস্পর থেকে আলাদা করে লেখা হয়েছে। মুখ্য শ্বাসাঘিত সিলেবলটিকে **bold** দেখানো হয়েছে।


৪.২.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /v/

এটি একটি দন্তোষ্ঠ, ঘোষ, শিশ ও ব্যঞ্জনধ্বনি।

এটির উচ্চারণ বাংলা /ভ/ থেকে ভিন্ন। কোনো কোনো অঞ্চলের বাঙালিরা এই আওয়াজটি /শ/ থেকে আলাদা করে দেখেন না, এবং /v/ ও /ব/ ধ্বনি দুটি একটার জায়গায় আর একটা উচ্চারণ করে থাকেন। আপনি যদি এই দলে থাকেন তাহলে আপনাকে প্রথমে /v/ এবং /ব/ ধ্বনি দুটোর মধ্যে পার্থক্য বুঝতে হবে। /v/ ধ্বনি প্রত্যয়িত করতে হবে ও /ব/ ধ্বনিকে পুনরায় প্রত্যয়িত করতে হবে।

/v/ - ব্যঞ্জনধ্বনি বার করা

এই ধ্বনিটি উচ্চারণ করতে ওপরের ঠোঁট এবং নিচের দাঁত, এই দুটি উচ্চারণক বাক প্রত্যঙ্গ ব্যবহার করা হয়। এই দুটি উচ্চারণক বাক প্রত্যঙ্গ /f/ ধ্বনিটি উচ্চারণ করতেও ব্যবহৃত হয়। এই ধ্বনিটা বার করতে আপনাকে ওপরের ও নিচের ঠোঁট পরস্পরকে স্পর্শ করবে না।



ফুসফুস থেকে বাতাস আগমন

Fig.4.7: /v/- উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান

/f/ ধ্বনি থেকে /v/ ধ্বনিটার মূল পার্থক্য হলো এই যে আপনি /v/ ধ্বনিটা বার করবেন প্রথমে আপনার ফুসফুসে কিছুটা বাতাস জড়ো করে তারপর সেই বাতাসটুকু আপনার স্বরতন্ত্রী দিয়ে ওপরে আপনার মুখে গঙ্গরে পাঠাবেন। ওপরের ঠোঁট আর নিচের দাঁতগুলির মাঝখানে যে ছোট ফাঁকটি আছে তার মধ্যে দিয়ে বাতাসকে বার করবেন। এই ছোট জায়গা দিয়ে বাতাস বার হওয়ার সময় একটু ঘর্ষণ হবে এবং ফলে বাতাসের একটু তোলপাড় হবে। যার ফলে /v/ ধ্বনিটা বার হবে।

Vocal Exercise – “স্টীমারের হর্ন বাজানো” exercise

এই আওয়াজটি বার করতে আপনি এভাবে প্র্যাকটিস করবেন:

প্রথমে আপনার ওপরের ঠোঁট আর নিচের দাঁতের মাঝে অল্প একটু ফাঁক রাখবেন। তারপরে ফুসফুস থেকে বাতাস শুরু করে ওই ফাঁকের মধ্য দিয়ে বাতাসটা মুখের বাইরে জোর করে বার করে দিন। এতে যে-কম্পনটা হবে তাতে /v/ এর মতো আওয়াজ বেরোবে। এ-আওয়াজটা শোনাতে বাংলাদেশের নদীতে একটা স্টীমার হর্ন বাজালে যে আওয়াজ হয় তার মতো। এজন্য আমি এটাকে “স্টীমারের হর্ন বাজানো” exercise বলি।

এই আওয়াজটি বার করতে প্র্যাকটিস করবার সময় আয়নায় উচ্চারণ বাক প্রত্যঙ্গগুলির অবস্থান এবং নড়াচড়া লক্ষ্য করবেন। প্রথম দিকে আপনি এই “স্টীমারের হর্ন বাজানো” exercise দিয়ে /v/ ধ্বনিটা উচ্চারণ করুন এবং তার পরে তার পরের আওয়াজগুলি বার করুন।

Audio/Video-এ উদাহরণ

এই আওয়াজটি কী করে বার করবেন তার audio আর video বর্ণনা পাবেন নিচের দুটো link-এ ও EPGD গাইড বইয়ের ডিস্কটাতে।

- <https://soundcloud.com/zamosc/lesson-3-v-the-consonant-vaw> (audio)
- <https://www.youtube.com/watch?v=ZhsTLVSnLd0> (video)

Video clipটাতে আপনি দেখতে পাবেন এই আওয়াজটি করবার সময় আপনার মুখ কেমন দেখাবে। আপনার ওপরের ঠোঁট আর নিচের দাঁতের পাটির মধ্যে অল্প একটু ফাঁক থাকবে।

প্র্যাকটিস করবার জন্য শব্দাবলী

নিচের tableটাতে দেয়া শব্দগুলি দিয়ে প্র্যাকটিস করুন।

Table 4.2: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জন ধ্বনি /v/ আছে

Word	BPA	Word	BPA
vac	ব্যক	vague	ভেইগ
vail	ভেইল	vain	ভেইন
valet	ভ্যাল এই	valid	ভ্যাল ইড
vamp	ভ্যাম্প	van	ভ্যান
vault	বল্ট	veg	ভেজ
veggie	ভেজ ঙ	veil	ভেইল
venge	ভেঞ্জ	verify	ভের ঙ পিই
vest	ভেস্ট	vestige	ভেস টিজ
vet	ভেট	vex	ভেব্র
vibrate	ভাই ব্রেইট	vice	ভাইস
vide	ভিড এই	vigil	ভিজ ইল
village	ভিল ইজ	vindicate	ভিন ডি কেইট
vindictive	ভিন ডিক টিভ	vine	ভাইন
viscount	ভাই কাউন্ট	vitiate	ভিশ ই এইট
vitric	ভিট রিক	vivisect	ভিভ ই সেক্ট
voice	ভেইস	voicemail	ভেইস মেইল
void	ভেইড	voile	ভেইল
volley	ভল ঙ	vomit	ভম ইট
vouch	ভাউচ	voyage	ভো ইজ

Bold = মুখ্য শ্বাসাঘিত সিলেবল

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- ১। নতুন BPA-বর্ণ যেটি এখানে আনা হয়েছে তা হলো “v”।
- ২। এই নতুন বর্ণ “v” এর সঙ্গে বাংলা ডাইয়াক্রিটিক ব্যবহার করা হয়েছে।
- ৩। “vault” শব্দ উচ্চারণের BPA প্রতিলিপি হলো /বল্ট/। এটির মধ্যে /অ/ স্বরধ্বনিটি অন্তর্নিহিত আছে বলে এটির কোন ডাইয়াক্রিটিকের প্রয়োজন হয় না।

৪। “volley” শব্দটির BPA হলো /vল ঙ্গ/, যেখানে /v/ উচ্চারণে স্বরধ্বনি /অ/ শব্দটি রয়ে গেছে।

৫। একাধিক সিলেবলবিশিষ্ট শব্দগুলির জন্য space দিয়ে সিলেবলগুলি পরস্পর থেকে আলাদা করে দেখানো হয়েছে। মুখ্য স্বাসাযিত সিলেবলগুলি **bold** করে দেখানো হয়েছে।


৪.২.৩ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /z/

এটি একটি দন্তমূলীয়, শিশ, ঘোষ ও ব্যঞ্জনধ্বনি।

বাংলা ভাষায় /z/ ধ্বনিটা নাই বলে কোনো কোনো বাঙালি /z/ ধ্বনির জায়গায় /জ/ ধ্বনিটা ব্যবহার করেন। আপনিও যদি এরকম করেন তাহলে আপনাকে এই নতুন ও অতি গুরুত্বপূর্ণ ইংরেজী ধ্বনিটার উচ্চারণ শিখতে মন দিয়ে চেষ্টা করতে হবে। আপনি যদি ইংরেজী “z” কে /জ/ বলে উচ্চারণ করেন এবং আপনার শ্রোতা যদি বাঙালি না হন, তাহলে তিনি আপনাকে নাও বুঝতে পারেন। দুটো বহুল ব্যবহৃত ইংরেজী শব্দ যাদের মধ্যে “z” আছে এবং যেগুলি বহু বাঙালিরা অশুদ্ধভাবে উচ্চারণ করেন সেগুলি হলো “zoo” আর “zero”। প্রথমেই এই দুটি শব্দ ঠিকভাবে উচ্চারণ করতে শিখে নিন।

/z/- ব্যঞ্জনধ্বনি বার করা

এই ধ্বনিটা বার করতে আপনি আপনার জিহ্বার আগা দন্তমূলের নিচে এমনভাবে স্থাপন করবেন যাতে এই দুটো উচ্চারণক বাক প্রত্যঙ্গের মধ্যে ছোট একটু ফাঁক থাকে। যেহেতু এটি একটি ঘোষ ধ্বনি আপনি বুক থেকে বাতাস শুরু করবেন এবং স্বরতন্ত্রী মধ্য দিয়ে তাকে ওপরে পাঠাবেন। যখন বাতাস আপনার দন্তমূলের আর জিহ্বার মধ্যকার ছোট ফাঁকটা দিয়ে বের হবে তখন একটু ঘষাঘষি ও তোলপাড় হবে যার ফলে এই /z/ আওয়াজটি হবে।



দন্ত মূল ও জিহ্বার মাঝের ফাঁক

Fig. 4.8: /z/ - উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান

ফুসফুস থেকে বাতাস আগমন

Vocal exercise – “ভোমরা” exercise

/z/ ধ্বনিটা শিখবার সময় কল্পনা করুন যে একটি ভোমরা যে-রকম আওয়াজ করে আপনি সেরকম আওয়াজ করছেন। আমি এটাকে “ভোমরা” exercise বলি।

নিচের table-এ আপনি আরো উদাহরণ পাবেন। একটি আয়নার সামনে দাঁড়িয়ে শব্দগুলি স্পষ্ট করে এবং জোরে জোরে উচ্চারণ করুন। লক্ষ্য রাখুন যে উচ্চারণক বাক প্রত্যঙ্গ দুটোর (দন্তমূল এবং জিহ্বার আগার ওপরের অংশ) মধ্যে যেন ফাঁক থাকে।

Audio/Video উদাহরণ

এই আওয়াজটি কী করে বার করবেন তার audio আর video বর্ণনা পাবেন নিচের দুটো link-এ ও EPGB গাইড বইয়ের ডিস্কটোতে:

- <https://soundcloud.com/zamosc/lesson-4-z-the-consonant-zaw> (audio)
- <https://www.facebook.com/video.php?v=10205978263278142&set=vb.1307114722&type=2&theater> (video)

ইংরেজী শব্দ উচ্চারণের বেলায় আপনি যখন ঠিক করছেন ধ্বনিটা কী /z/ না /জ/, তখন মনে রাখবেন:

- ১। অক্ষরটি যদি “g”, “j” অথবা “d” হয় তাহলে তার উচ্চারণ /z/ হতে পারে না। উদাহরণস্বরূপ, (ক) “gentleman”, (খ) “jack”, আর (গ) “gradual”। এই শব্দগুলির bold করা অক্ষরগুলির উচ্চারণ /জ/ হবে।
- ২। অক্ষরটি যদি “z”, “s”, অথবা “x”, হয়, তাহলে ধ্বনিটা /জ/ হতে পারে না। উদাহরণ: (ক) “zone”, (খ) “rose”, আর (গ) “xylophone”। Bold করা অক্ষরগুলির উচ্চারণ /z/ হবে।

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

Table 4.3: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /z/ আছে

Word	BPA	Word	BPA
as	অ্যাড	ads	অ্যাডড
capsize	ক্যাপ সাইড	crazy	ক্রাই ডী
daisy	ডেই ডী	dizzy	ডিজি ডি
glazed	গ্লেইড	fizzy	ফিজি ডি
hazy	হেই ডী	lazy	লেই ডী
maze	মেইড	maize	মেইড
oxidise	অক সি ডাইড	prize	প্রাইড
razing	রেই ডিং	size	সাইড
zed	ডে (Z)	zany	জেই নী
zap	ড্যাপ	size	সাইড
zen	ডেন	zest	ডেস্ট
zilch	ডিল্চ	zip	ডিপ

Bold = মুখ্য স্বাসাধিত সিলেবল্

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- এই Table-এ দেয়া BPA প্রতিলিপিতে একটিমাত্র নতুন বর্ণ ব্যবহার করা হয়েছে। তাহলো “z”.
- এই নতুন বর্ণ “z”টির জন্যে বাংলা ডাইয়াক্রিটিক ব্যবহার করা হয়েছে।
- যুগ্ম ধ্বনিগুলির প্রতিলিপি করা হয়েছে বাংলা ও নতুন BPA বর্ণ, এক সাথে মিলিয়ে, একটা যুক্তাক্ষর ব্যবহার করে - যেমন “ads” এবং “glazed” শব্দ দুইটাতে করা হয়েছে। ইংরেজীতে /z/ ধ্বনির সঙ্গে অন্যান্য ব্যঞ্জনধ্বনি মিলিয়ে অনেক নতুন যুগ্ম ধ্বনি বানানো যায়।
- একাধিক সিলেবল্ বিশিষ্ট শব্দগুলির জন্য space character দিয়ে সিলেবল্গুলি পরস্পর থেকে আলাদা করে দেখান হয়েছে। মুখ্য স্বাসাধিত সিলেবল্গুলি **bold** করে দেখানো হয়েছে।

8.2.8 ইংরেজী ব্যঞ্জনধ্বনি /z/


এটা একটা তালব্য দন্তমূলীয়, শিস, ঘোষ ও ব্যঞ্জনধ্বনি।

ইংরেজীতে এই ধ্বনিটি খুব বেশী ব্যবহার হয় না। তবুও এই ধ্বনিটাকে আপনাদের শেখা উচিত। অনেকে /z/-কে বাংলা /ঝ/-এর মতো করে উচ্চারণ করেন, যেটা ঠিক নয়। কোনো কোনো বাঙালি এটাকে /z/ করে উচ্চারণ করেন। কোনো শব্দে /z/ ধ্বনিটা থাকলে সেটা /z/ করে উচ্চারণ করলে সেটা বোঝা যেতে পারে, তবুও এই নতুন ইংরেজী ধ্বনিটা আপনাদের শেখা উচিত।

/z/ - ব্যঞ্জনধ্বনি বার করা

এই ধ্বনিটা বার করতে আপনি প্রথমে জিহ্বার ওপরের ফলকটার মাঝখানের অংশ আপনার তালব্য দন্তমূলীয়র ঠিক নিচে রাখবেন। এই দুটো উচ্চারণক বাক প্রত্যঙ্গ একে অপরকে ছুঁবে না। দুটার মাঝে একটু ফাঁক থাকবে। আপনি আপনার ফুসফুস থেকে বাতাস শুরু করবেন। বাতাস স্বরতন্ত্রী পার করে মুখের গহ্বরে পাঠাবেন। তারপরে দুটো উচ্চারণক বাক প্রত্যঙ্গের মাঝের ফাঁক দিয়ে বাতাসটা বার করে দেবেন। বাতাস ফাঁক দিয়ে বের করার সময় যে ঘর্ষণ হবে ও বাতাসের তোলপাড় হবে, তাতে এই ধ্বনি বার হবে।

Fig. 4.9: /z/ - উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান



জিহ্বার blade এর মাঝখান ও তালব্য দন্ত মূলীয়র মাঝের ফাঁক

ফুসফুস থেকে বাতাস আগমন

Vocal exercise - “রাগী ভোমরা” exercise

এই ধ্বনিটা আপনি এভাবে বার করতে শিখতে পারেন:

কল্পনা করুন যে আপনি একটি রাগী ভোমরা। কেউ আপনাকে উত্যক্ত করছে এবং আপনি তার ওপর ছল বসাতে চান। আপনার মুখটা ভয়ঙ্কর করে ফেলুন, এবং সজোরে এমনভাবে /z/-ধ্বনিটা বার করুন যাতে আশে-পাশের সবাই ভয় পেয়ে যায়। আমরা এটিকে “রাগী ভোমরা” exercise বলবো।

আপনি যদি এই ধ্বনিটির সঙ্গে পরিচিত না থাকেন এবং ইংরেজী বলতে কখনো এটা ব্যবহার না করে থাকেন তাহলে আপনার জন্য এটা প্রত্যয়িত করা একটু কঠিন হতে পারে। আপনাকে এটা প্র্যাক্টিস্ করে যেতে হবে।

Audio/Video উদাহরণ

/z/-ধ্বনিটা কী করে বার করবেন তার audio আর video বর্ণনা পাবেন নিচের দুটো link-এ ও EPGB গাইড বইয়ের ডিস্কটোতে:

- <https://soundcloud.com/zamosc/lesson-5-zh-the-consonant-zhaw>

প্র্যাক্টিস্ করবার জন্য শব্দাবলী

Table 4.4: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /z/ আছে

Word	BPA	Word	BPA
Asia	এই ৩০	aversion	০ vɜ: ৩ ^ন
beige	বেই ৩	casual	ক্যু ৩ ০ল
collision	ক০ লি ৩ ^ন	conversion	ক০ন vɜ: ৩ ^ন
decision	ডি সি ৩ ^ন	delusion	ডি লু ৩ ^ন
disclosure	ডি স্ক্ল০উ ৩০ ^র	diversion	ডাই vɜ: ৩ ^ন
enclosure	ইন ক্ল০উ ৩০ ^র	exclusion	ইক স্ক্লু ৩ ^ন
excursion	ইক স্ক্যু: ৩ ^ন	invasion	ইন ৩ই ৩ ^ন
leisure	লে ৩ ^র	measure	মে ৩ ^র
persuasion	প০ ৩ ^র Wই ৩ ^ন	perversion	প০ vɜ: ৩ ^ন
revision	রি ৩ ^ন ৩	television	টেল ই ৩ ^ন ৩
treasure	ট্রে ৩ ^র	vision	৩ ৩ ^ন

Bold = মুখ্য স্বাসাধিত সিলেবল

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- এই table-এ “beige” শব্দটা ছাড়া আর সব শব্দের জন্য “০”-চিহ্নটি রয়েছে যেটা আমি এখনো আলোচনা করি নাই। আমরা এটাতে পরে আসবো। এটা খুব ছোট মাপের একটা স্বরধ্বনি নির্দেশ করে যেটাকে **schwa** (“wɜ:”) বলে, যেটা ইংরেজী বলার সময় সবচেয়ে বেশী ব্যবহৃত হয়।

- এই লিষ্টের কোন শব্দের জন্যই বাংলা ডাইয়াক্রিটিক দরকার হয়নি। তার কারণ এদের সবকয়টি শব্দেই “wɜ: (schwa) ব্যবহার করা হয়েছে।

৪.২.৫ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /w/

এটি একটি উভয়ৌষ্ঠ্য, নৈকট্য, ব্যঞ্জনধ্বনি।

এটি আপনি উচ্চারণ করবেন একটি স্বরধ্বনির মতো করে, আগাগোড়া আপনার মুখ খোলা রেখে। এই ধ্বনি করবার সময় উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির (দুই ঠোঁট) মধ্যে সংযোগ হয় না বলে এটাকে আধা স্বরধ্বনিও বলা হয়।

/w/ - ব্যঞ্জনধ্বনি বার করা

প্রথমে আপনার ঠোঁটগুলি গোল করে ফেলুন যেন আপনি “o” –স্বরবর্ণটি উচ্চারণ করতে যাচ্ছেন। আপনার জিহ্বা পেছনে নরম তালুর দিকে ঠেলে দিন। তারপর, শব্দটা বার করার জন্য, হঠাৎ আপনার ঠোঁট দুটো আরো খুলে দিন ও মুখ দিয়ে কিছু বাতাস বার করে দিন। এই আওয়াজটা শেখার জন্য দুইটা শব্দ দিয়ে প্র্যাক্টিস্ করতে পারেন - “wool” ও “wonderful”।

অনেক বাঙালি এই ধ্বনিটাকে ভুল করে একটা একক স্বরধ্বনি অথবা দ্বৈত স্বরধ্বনি হিসাবে ব্যবহার করেন। তাঁরা ইংরেজী শব্দ, “water” “wet” এবং “wool”, যথাক্রমে [অটার], [ওএট] ও [উল] উচ্চারণ করে থাকেন। কেউ কেউ লোকের নামও এভাবে ভুল উচ্চারণ করেন যেমন - “Wali”, “Wasim এবং Wajid”-কে যথাক্রমে [ওলি], [অসীম] ও [অজিদ] বলেন। আপনি যদি এই নামগুলিকে এভাবে ভুল উচ্চারণ করেন তাহলে আপনার /w/ উচ্চারণে সমস্যা রয়েছে এবং আপনাকে এই নতুন ইংরেজী ধ্বনিটা প্রত্যয়িত করতে হবে।




Fig. 4.10: /w/ - উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান

Vocal Exercise – “বমি করবার” exercise

ওপরে দেয়া পদ্ধতি দিয়ে যদি আপনি ধ্বনিটা করতে না পারেন, তাহলে আপনার জিহ্বা একেবারে পেছনে রেখে এই আওয়াজটা বার করবার জন্য ভান করুন যে আপনি বমি করছেন। আমরা এটাকে “বমি করবার” exercise বলবো।

অডিও/ভিডিও উদাহরণ

নিচের link-এ ও disc-এ আপনি এই ধ্বনি করার audio ও video বর্ণনা পাবেন:

- <https://soundcloud.com/zamosc/lesson-6-w-the-consonant-waw> (AUDIO)
- <https://www.facebook.com/groups/525938710788205/> (VIDEO)

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

Table-এর /w/ ধ্বনি বিশিষ্ট শব্দগুলি উচ্চারণের চেষ্টা করুন।

Table 4.5: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /w/ আছে

Word	BPA	Word	BPA
wad	ৱড	wade	ৱেইড
wag	ৱ্যাগ	wail	ৱেইল
waist	ৱেইস্ট	waiting	ৱেই টিং
waive	ৱেইভ	wake	ৱেইক
wallet	ৱল ইট	wane	ৱেইন
was	ৱজ	wasabi	ৱ্যাস অ্যাব ই
wash	ৱশ	washed-out	ৱশ্ট আউট
washing	ৱশ ইং	waste	ৱেইস্ট
watch	ৱচ	watchdog	ৱচ ডগ

Word	BPA	Word	BPA
watt	ৱট	wave	ৱেইভ
wavelength	ৱেইভ লেন্থ	way	ৱেই
well	ৱেল	went	ৱেন্ট
wept	ৱেপ্ট	wet	ৱেট
wick	ৱিক	width	ৱিড্থ
wi-fi	ৱাই ফি	wigwam	ৱিগ ৱ্যাম
wiki	ৱিক ই	will	ৱিল
wine	ৱাইন	win	ৱিন
wipe	ৱাইপ	wife	ৱাইফ
wit	ৱিট	wise	ৱাইজ
wool	ৱুল	wood	ৱুড

Bold = মুখ্য শ্বাসাঘিত সিলেবল্

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- ১। এই tableটিতে যে নতুন বর্ণ ব্যবহার করা হয়েছে সেটি হলো “w”।
- ২। এই বর্ণের সঙ্গে বাংলা ডাইয়াক্রিটিক ব্যবহার করা হয়েছে।
- ৩। লক্ষ্য করুন কেমন করে “wad”, “was”, “wash”, “watch” ইত্যাদি শব্দের BPA লেখা হয়েছে। “w” বর্ণে কোনো ডাইয়াক্রিটিক না থাকায় /w/ ধ্বনির সঙ্গে /অ/ উচ্চারিত হবে।

৫

নূতন ইংরেজী স্বরধ্বনি প্রত্যয়ীকরণ- /ə, ʌ/

ইংরেজী ভাষায় পাঁচটি স্বরবর্ণ রয়েছে- (a, e, i, o, u)। কিন্তু ইংরেজী কথা বলতে ২০টি স্বরধ্বনি ব্যবহার করা হয়। তাদের মধ্যে কয়েকটা দ্বৈতস্বরধ্বনিও রয়েছে। বাংলা ভাষায় এই ২০টি ইংরেজী স্বরধ্বনির ১৮টি রয়েছে। বাংলা ভাষায় যে দুটি ইংরেজী স্বরধ্বনি নেই সেগুলোর একটা হলো বহুল ব্যবহৃত একটি স্বরধ্বনি যাকে schwa (ʷi:) বলা হয়। দ্বিতীয়টি হলো “uh” স্বরধ্বনি যেটা “but”, “shut”, “cut” ইত্যাদি ইংরেজী শব্দে ব্যবহার হয়।

IPA-তে ইংরেজী ʷi:-ধ্বনিতাকে /ə/ করে এবং “uh” স্বরধ্বনিতাকে /ʌ/ করে দেখানো হয়। এই স্বরধ্বনিগুলির জন্য নতুন স্বরবর্ণীয় চিহ্ন এবং ডাইয়াক্রিটিক উদ্ভাবন না করে আমরা BPA-তে এই চিহ্ন দুটোই ব্যবহার করবো।

তাহলে, এই দুটো চিহ্ন, /ə, ʌ/ যোগ করে আমাদের আরো দুটো স্বরধ্বনির পরিমাণ বা দৈর্ঘ্য হলো। “আ”এর জন্য একটি “ছোট” পরিমানের স্বরধ্বনি /ʌ/, এবং একটি “খুব ছোট” পরিমানের স্বরধ্বনি, /ə/। এগুলিকে বিভিন্ন স্বরধ্বনি উচ্চারণের জন্য এককভাবে এবং যুগ্মভাবে ব্যবহার করা যায়। তা আমরা পরে দেখবো।

IPA-তে আরো একটা চিহ্ন, /:/:, ব্যবহার করা হয় যা স্বরধ্বনিকে দীর্ঘায়িত করে। একটি “বেশ লম্বা” স্বরধ্বনিকে “ভীষণ লম্বা” করতে এটি ব্যবহৃত হয়। “heart”, “sheep” ও “rude” - এরকম শব্দগুলির IPA প্রতিলিপিতে তা দেখা যায়। আমরা BPA-তেও /:/: চিহ্নটি ব্যবহার করবো, যাতে আমরা BPA-তে এই শব্দগুলির উচ্চারণ যথাক্রমে /হা:ট/, /শী:প/ ও /রু:ড/ করে দেখাতে পারি। এই তিন শব্দতে /আ/, /ঈ/ ও /উ/, এই তিনটি স্বরধ্বনির মাপ দীর্ঘায়িত করার চিহ্ন /:/: দিয়ে “বেশ লম্বা” স্বরধ্বনিকে “ভীষণ লম্বা” করা হয়েছে।

পরবর্তী সেকশনগুলিতে আমরা এই তিনটি নতুন স্বরধ্বনি পরিমানের চিহ্ন ব্যবহার করবো।

৫.১ ইংরেজী স্বরধ্বনি /ə/

“খুব ছোট” পরিমানের স্বরধ্বনি উচ্চারণ দেখাতে যে-চিহ্নটা ব্যবহার করা হয় তা হলো /ə/। এটাকে schwa (ʷi:) বলা হয়। এই স্বরধ্বনিটা উচ্চারণ করতে ঠোঁটদুটো “গোল” হবে না। জিহ্বার অবস্থান, ওপর-নিচে এবং সামনে-পেছনে, দুই দিকেই মুখের মাঝখানে হবে।

বাংলা বর্ণমালায় এই নতুন ইংরেজী স্বরধ্বনিটা নির্দেশ করবার জন্য কোনো চিহ্ন নেই, আমরা BPA-তে এই স্বরধ্বনির উচ্চারণ দেখাতে IPA-চিহ্ন, /ə/, ব্যবহার করবো।

এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি স্বরধ্বনি, কারণ এটি ইংরেজী বলাতে সবচেয়ে বেশী ব্যবহৃত হয়। বিভিন্ন ইংরেজী শব্দে পাঁচটি ইংরেজী স্বরবর্ণ “a”, “e”, “i”, “o”, “u” এবং এদের বিভিন্ন combination-এ এই স্বরধ্বনি ব্যবহার হয়। (নিচের টেবিলে দেখুন)। তাই ইংরেজ ও অন্যান্য অবাঙালিদের ইংরেজী কথা বুঝতে হলে, এবং আপনি ইংরেজীতে কথা বললে ইংরেজ ও অন্যান্য অবাঙালি যাতে আপনাকে বুঝতে পারে তার জন্য আপনাকে এই ধ্বনিটার সঙ্গে পরিচিত হতেই হবে এবং এর উচ্চারণ করতে শিখতেই হবে।

এই স্বরধ্বনিটা উচ্চারণ করতে শিখবার একটা ভালো পদ্ধতি হলো ইংরেজী শব্দ যাতে /ə/ স্বরধ্বনিটা রয়েছে, সেগুলি জোরে জোরে উচ্চারণ করুন। আপনার এই উচ্চারণগুলি রেকর্ড করুন, তারপর এই রেকর্ডিং playback করুন এবং শুনুন। লক্ষ্য করুন, আপনি /ə/ আওয়াজটির উচ্চারণের মাপ কোনো জায়গায় লম্বা করেছেন কি না। এইভাবে এই শব্দগুলি পড়তে/বলতে প্র্যাকটিস করতে থাকুন যতক্ষণ না আপনি ওই পর্যায়ে আসবেন যে আপনাকে আর এই আওয়াজটির মাপ সম্বন্ধে চিন্তা করতে হবে না। এটি আপনা-আপনিই আপনার কাছে এসে যাবে।

/ə/ - স্বরধ্বনি বার করা

এই স্বরধ্বনির মান কী রকম হবে এই ব্যাপারে তেমন কিছু আসে যায় না, যেহেতু এটি বিভিন্ন একক স্বরধ্বনি অথবা স্বরধ্বনি সমষ্টির জন্য ব্যবহার করা যায়। কিন্তু স্বরধ্বনিটির মাপের ব্যাপারটা ঠিক রাখতে হবে। একটা ইংরেজী

শব্দের BPA প্রতিলিপিতে যখন /ə/ চিহ্ন দেখবেন, তখন শব্দটা উচ্চারণ করার সময় ঠিক জায়গায় এসে *Wɪ: (schwa) উচ্চারণ করবেন খুব অল্প সময়ের জন্য, যেন এটাকে শুধু একটু মাত্র স্পর্শ করতে চান এটার পাশ দিয়ে যাবার সময়। এটাতে না থেমে, এর পরের ব্যঞ্জনধ্বনিতে চলে যাবেন। ব্যাপারটা আর একটু পরিষ্কার করবার চেষ্টা করি কয়েকটা উদাহরণ দিয়ে, যেখানে /ə/ ধ্বনিটা ইংরেজী শব্দের শুরুতে, মাঝখানে এবং শেষে আছে।

উদাহরণ ১ : “about” - এই শব্দটার উচ্চারণ দেখি। এটার BPA প্রতিলিপি হলো /ə বাউট/। এর প্রথম অক্ষরটা একটি *Wɪ: ধ্বনি হয়ে উচ্চারিত হবে। আমরা *Wɪ: স্বরধ্বনিটা একটু সময়ের জন্য উচ্চারণ করবো যেন একে শুধুমাত্র স্পর্শ করছি, আর তারপর দ্বিতীয় সিলেবল্ “bout” কে /বাউট/ বলে উচ্চারণ করবো।

উদাহরণ ২ : এবার “enemy” শব্দটা নেওয়া যাক। এটার BPA প্রতিলিপি হলো /এন ə মী/। এর বেলায় schwa স্বরধ্বনিটা আসে দ্বিতীয় সিলেবলে “e” অক্ষরটার বদলে তার জায়গায়। প্রথমে আমরা প্রথম সিলেবল্ /এন/, উচ্চারণ করব। তারপরে তৃতীয় সিলেবলে /মী/ উচ্চারণ করার আগে খুব কম সময়ের জন্য schwa ধ্বনি উচ্চারণ করব। শব্দটি /এন মী/ শোনাতে পারে, যেন শব্দের মধ্যে কোনো স্বরধ্বনি নেই।

উদাহরণ ৩ : এবার একটা শব্দ উচ্চারণ করবার চেষ্টা করা যাক যার বেলায় schwa-স্বরধ্বনিটা শেষে আসে, যেমন “gallon” শব্দটিতে। এর BPA প্রতিলিপি হলো /গ্যাল əন/ আমরা প্রথমে এর প্রথম সিলেবল্, /গ্যাল/, উচ্চারণ করবো। তারপরে /ন/ উচ্চারণ করার আগে খুব ছোট schwa ধ্বনি দিয়ে- /əন/-ধ্বনিটা উচ্চারণ করব। যখন আপনি কোনো ইংরেজের “gallon” শব্দটার উচ্চারণ শুনবেন আপনার মনে হতে পারে যে তিনি ব্যঞ্জনধ্বনি /ল/ এবং /ন/ এর মধ্যে কোনো স্বরধ্বনি ব্যবহার করেন নি, শুধু মুখ্য স্বাসাধিত সিলেবল্ /গ্যাল/-এর ওপর ঝাঁক দিয়ে /ন/ উচ্চারণে চলে গেছেন।

প্র্যাকটিস্ করবার জন্য শব্দাবলী

Table 5.1: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী-স্বরধ্বনি /ə/ আছে

Word	BPA	Word	BPA
a bash	ə ব্যাশ	a bate	ə বেইট
abd o men	অ্যাব ডə মəন	a bility	ə বিল ə টী
a bout	ə বাউট	advant a geous	অ্যাড ʌন টেই জəস
a ffect	ə ফেই	a gain	ə গেন
a head	ə হেড	a like	ə লাইক
air a il	এə মেইল	air	এə
a way	ə ʌই	bank e r	ব্যাং কə
dair y	ডেə রী	de p osit	ডə পɜ ইট
de p uty	ডেপ যə টী	di a logue	ডাই ə লগ
em p athy	এম পə থী	em p h a sis	এম fə সিস
en e my	এন ə মী	est i mate (noun)	এস টি মəট
eth a nol	এথ ə নল	gall o n	গ্যাল əন
ging h am	গিং əম	gastr o nome	গ্যাস ট্র নəউম
in absent i a	ইন অ্যাব সেনটী ə	ide a l	আই ডিəল
in c ongru e nt	ইন কং গ্রু əন্ট	in c lement	ইন ক্রেম əন্ট
kin l ess	কিন লəস	in w ard	ইন wəড
pit e ous	পিট ঙ্গəস	port r ait	পো ট্রিəট
prom o te	প্রə মəউট	pers u e	পə স্যু:
seld o m	সেল ডəম	prest i gious	প্রেস টিজ əস

Bold = মুখ্য স্বাসাধিত সিলেবল্

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

১। এই table-এ যে-নূতন প্রতীকটি ব্যবহার করা হয়েছে তা হলো “ə” যা schwa স্বরধ্বনি নির্দেশ করে।

- ২। এটি ইংরেজী কথা বলায় খুব ছোট মাপের একটি স্বরধ্বনি উচ্চারণ।
- ৩। ইংরেজী কথাতে এই স্বরধ্বনি সবচেয়ে বেশী সময় পাওয়া যায়।
- ৪। “ə” স্বরবর্ণের কোন ডাইয়াক্রিটিক নেই। কাজেই এটি যখন কোনো ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হয় schwa প্রতীকটি ব্যঞ্জনবর্ণের পরে লিখতে হবে।
- ৫। এটিতে কখনো বোঁক দেয়া হয় না, এবং এটি কোনো শ্বাসাঘিত সিলেবলে আসে না।

৫.২ ইংরেজী স্বরধ্বনি /ʌ/

এই স্বরধ্বনির উচ্চারণটা আসে - “cup”, “shut”, “but” এই ধরনের ইংরেজী শব্দে। এই স্বরধ্বনিটা বাংলা ভাষায় নেই বলে এটার জন্য কোন বাংলা স্বরবর্ণ অথবা ডাইয়াক্রিটিক নেই। কাজেই আমি এটার জন্য IPA প্রতীক /ʌ/-টা ব্যবহার করবো।

এটি একটি “ছোট” স্বরধ্বনি। এর দৈর্ঘ্য অন্যান্য ছোট ইংরেজী স্বরধ্বনি যা আমরা “hit”, “but”, “hat”, “put” ও “cat” ইত্যাদি শব্দ উচ্চারণ করবার সময় ব্যবহার করি, তাদের সমান। BPA-তে আমরা এই নতুন স্বরবর্ণীয় প্রতীকটা যোগ করবো যাতে আমরা স্বরধ্বনি “uh” টা “hut”, “cut” ইত্যাদি ধরনের শব্দের মাপ BPA-প্রতিলিপিতে দেখাতে পারি। এই শব্দগুলি /হাট/ এবং /কাট/-এর মতো “লম্বা” করে উচ্চারিত হবে না। এগুলি “ছোট” স্বরধ্বনি /ʌ/ দিয়ে উচ্চারিত হবে, এবং এইজন্য BPA-তে যথাক্রমে /হাট/ ও /কাট/ হিসাবে লেখা হবে।

আগের একটি সেকশনে আমি উল্লেখ করেছি যে যদিও বাংলা বর্ণমালায় “ছোট” ও “লম্বা” স্বরধ্বনি উচ্চারণের জন্য ভিন্ন ভিন্ন বর্ণ রয়েছে, যা বাংলা লিখবার সময় ব্যবহার করা হয়, বাংলা কথা বলার সময় এই নিয়মগুলি অনুসরণ করা হয় না। কিন্তু, ইংরেজী বলার সময় স্বরধ্বনির মাপ সব সময় ঠিক দিতে হবে, না হলে শ্রোতা কথা বুঝতে নাও পারেন।

Vocal Exercise - “বিরক্তি প্রকাশের” exercise

ধরুন আপনি কোনো কাজে খুব ব্যস্ত আছেন এবং তখন কেউ আপনাকে কোনোভাবে বিরক্ত করছে। তখন আপনি কথায় না বলে “uh” বলে বিরক্তি প্রকাশ করেন। /ʌ/-র আওয়াজটা কিছুটা সেই রকম। তাই আমি এটাকে “বিরক্তি প্রকাশ” exercise বলি।

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

কোনো কোনো বাঙালিদের প্রবণতা রয়েছে যে এক সিলেবলবিশিষ্ট ইংরেজী শব্দ, যাদের স্বরধ্বনির পরিমাণ “ছোট”, তাদের “লম্বা” করে উচ্চারণ করা। তাই এই সমস্যা সম্বন্ধে আপনার সচেতন হওয়া প্রয়োজন, এবং “ছোট” স্বরধ্বনি আছে এরকম ইংরেজী শব্দ উচ্চারণ করতে আপনাকে বিশেষ যত্নবান হতে হবে। Table 5.2 থেকে এক সিলেবলবিশিষ্ট শব্দগুলি নিয়ে প্র্যাক্টিস করুন। এদের একটার পর একটা শব্দ খুব তাড়াতাড়ি উচ্চারণ করুন। মনে রাখবেন যে এগুলোতে “ছোট” পরিমানের স্বরধ্বনি ব্যবহার করতে হবে।

Table 5.2: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী - স্বরধ্বনি /ʌ/ আছে

Word	BPA	Word	BPA
<u>bun</u>	বʌন	bus	বʌস
<u>but</u>	বʌট	blood	ব্লʌড
<u>come</u>	কʌম	cut	কʌট
<u>done</u>	ডʌন	front	ফ্রʌন্ট
<u>fun</u>	ফʌন	glove	গ্লʌভ
<u>gun</u>	গʌন	luck	লʌক
<u>month</u>	মʌন্স	nun	নʌন
<u>once</u>	wʌন্স	one	wʌন
<u>rough</u>	রʌফ	run	রʌন
<u>suck</u>	সʌক	sun	সʌন
<u>tongue</u>	টʌং	touch	টʌচ
<u>tough</u>	টʌফ	truck	ট্রʌক
<u>won</u>	wʌন	worry	wʌর ঈ
<u>among</u>	ə মʌং	another	ə নʌদ ə
<u>company</u>	কʌম পʌ নী	country	কʌন ট্রী
<u>honey</u>	হʌন ঈ	London	লʌন ডʌন
<u>money</u>	মʌন ঈ	Monday	মʌন ডেই
<u>monkey</u>	মʌং কী	Sunday	সʌন ডেই

Bold = মুখ্য শ্বাসাঘিত সিলেবল, underline = /ʌ/ উচ্চারণ হবে

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- ১। এই table-এ যে নূতন প্রতীকটি ব্যবহার করা হয়েছে সেটা হলো “^”।
- ২। এটি একটি “ছোট” স্বরধ্বনি উচ্চারণ নির্দেশ করে।
- ৩। “^” যখন কোনো ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয় তখন সেই ব্যঞ্জনবর্ণের পরে এটি লিখতে হবে।

৬

ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ

৬.১ পুরনো ও নূতন ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ - /চ, স, শ, জ, z/

আমরা আগেই বলেছি যে ইংরেজী ভাষার ১৯টা ব্যঞ্জনধ্বনি বাংলা ভাষাতে রয়েছে। এগুলো হলো:

/ক, গ, চ, জ, ট, ড, থ, দ, ন, প, ব, ম, র, ল, শ, স, হ, য়, ঙ/

যদি সকল বাঙালি এগুলো বাংলা ভাষার উচ্চারণের **standard** অনুযায়ী উচ্চারণ করতেন তাহলে কোন সমস্যা ছিল না। কিন্তু দুঃখের বিষয় যে তা হয় না। তার কারণ, শুধু বাংলাতেই নয়, সব ভাষাতেই, বিভিন্ন আঞ্চলিক উপভাষাতে বিভিন্ন ধ্বনির উচ্চারণে আঞ্চলিক রূপান্তর রয়েছে। কিছু কিছু উচ্চারণের তারতম্য গ্রহণ করা যায় এবং বোঝা যায়। বিশেষ করে একই অঞ্চলের অন্যরা তা বুঝতে পারেন, যেহেতু ওই অঞ্চলের লোকেরা একটি ধ্বনির আঞ্চলিক উচ্চারণের সঙ্গে পরিচিত। কিন্তু সমস্যা হয় যদি অন্য কোন অবাঙালিদের সঙ্গে কথা বলার সময় এরকম উচ্চারণ করা হয়। এরকম পরিবর্তিত ইংরেজী উচ্চারণ বুঝতে ইংরেজ এবং অন্যান্য অবাঙালিদের অসুবিধা হবে। কাজেই, যদি কোনো ইংরেজী ধ্বনি বাংলা ভাষাতে থাকা সত্ত্বেও আঞ্চলিক তারতম্যের জন্য উচ্চারণের সময় আপনি তার জায়গায় এক বা একাধিক ধ্বনি, যেগুলি কোন অঞ্চলে প্রচলিত সেগুলির সঙ্গে বদল করেন, তখন বিদেশী শ্রোতারা আপনাকে বুঝবেন না। তখন আপনাকে এদের প্রত্যেকটি ধ্বনিকে পৃথক পৃথক ধ্বনি হিসাবে পুনরায় প্রত্যয়িত করে নিতে হবে যাতে আপনি যখন ইংরেজী বলবেন তখন এগুলির মধ্যে তারতম্য বুঝতে পারবেন এবং এগুলি শুদ্ধ করে ব্যবহার করতে পারবেন।

পরবর্তী সেকশনে আমরা এরকম কয়েকটি ধ্বনি চিহ্নিত করবো এবং তাদের পুনরায় প্রত্যয়িত করবো।

৬.২ Group 1: ব্যঞ্জনধ্বনি - /চ, স, শ/ - পুনরায় প্রত্যয়ীকরণ

৬.২.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /চ/

এটা একটি তালু দন্তমূলীয়, অঘোষ, ষ্ট্র, ব্যঞ্জনধ্বনি।

ইংরেজীতে এই ধ্বনিটা আছে একটা ষ্ট্র ধ্বনি হিসাবে। “chin”, “child”, “catch”, “match” ইত্যাদি ধরনের শব্দে এই ধ্বনিটা পাওয়া যায়।

বহু বাঙালি, ইংরেজী বলার সময় প্রায়ই এই ধ্বনিটার বদলে ইংরেজী শিস ধ্বনি /স/-টা ব্যবহার করেন। তাঁরা ওপরের শব্দগুলিকে উচ্চারণ করেন যথাক্রমে [সিন], [সাইন্ড], [ক্যাস], এবং [ম্যাস]। আপনিও যদি এই দলে পড়েন তাহলে আপনাকে /চ/ আর /স/, এই দুটো ধ্বনি পুনরায় প্রত্যয়িত করতে হবে। আপনাকে এই দুটোর মধ্যে প্রভেদ বুঝতে হবে এবং জানতে হবে কখন কোন ধ্বনিটা ব্যবহার করবেন। এই সেকশনে আমরা প্রথমে /চ/-ধ্বনিটা দেখব। /স/-ধ্বনিটা আমরা পরবর্তী সেকশনে আলোচনা করবো।

/চ/-ব্যঞ্জনধ্বনিটা করতে যে-দুটি উচ্চারণক বাক প্রত্যঙ্গ ব্যবহার করা হয় সেগুলি হলো:

- (ক) ওপরের দাঁতগুলির পেছনকার তালুদন্ত মূলীয়, এবং
- (খ) জিহ্বার ফলকের ওপরের অংশ।

/চ/-ধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ

আপনি প্রথমে আপনার ওপরের দাঁতের পাটির ঠিক পেছনের তালু আপনার জিহ্বার ওপরকার ত্রিভুজাকার অংশ দিয়ে স্পর্শ করবেন। তারপর হঠাৎ করে তালু থেকে আপনার জিহ্বা সরিয়ে আনুন, এবং একই সঙ্গে আপনার মুখ থেকে বাতাস বাইরে বার করে দিন। এই exercise-এর গুরুত্বপূর্ণ কাজটা হলো দুটো উচ্চারণক বাক প্রত্যঙ্গদের মধ্যে প্রথম ছোঁয়াটুকু। আপনি যদি জিহ্বা দিয়ে আপনার তালু স্পর্শ না করেন তাহলে দুটো উচ্চারণক বাক প্রত্যঙ্গের মধ্যে ফাঁক থেকে যাবে এবং এই ফাঁক দিয়ে বাতাস বেরিয়ে পড়বে যার ফলে একটু ঘষা লাগবে। এর ফলে ইঙ্গিত আওয়াজের বদলে /স/-আওয়াজটা হবে। এ ব্যাপারে উচ্চারণক বাক প্রত্যঙ্গ দুটির যথাযথ ব্যবহার নিশ্চিত করতে একটি আয়না নিয়ে check করুন, যে ধ্বনিটা যখন শুরু করছেন তখন আপনার জিহ্বা তালুকে যেন স্পর্শ করে।




Fig. 6.1: /চ/ - উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান

Vocal Exercise – “সহানুভূতি প্রকাশ” exercise

যখন আপনি কারো কোনো দুঃসংবাদ বা দুর্ঘটনার কথা শুনের, তখন আপনি খবরটা শুনে আপনার মুখ দিয়ে /tch.. tch... tch/ - আওয়াজ করে আপনার সহানুভূতি প্রকাশ দেখাতে পারেন। এটি সেই ধ্বনি। আমরা এটিকে বলবো “সহানুভূতি প্রকাশ” exercise.

প্র্যাকটিস্ করবার জন্য শব্দাবলী

Table 6.1 এ দেখুন।

লক্ষ্য করার বিষয়সমূহ

- ১। এই আওয়াজটি শিস ধ্বনি /স/ থেকে ভিন্ন।
- ২। এই ধ্বনিটা বার করবার আগে আপনার জিহ্বার পাত এবং তালু, এই দুটো উচ্চারণক বাক প্রত্যঙ্গ, পরস্পরকে ছুঁতেই হবে।

৬.২.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি - /স/

এই আওয়াজটা ইংরেজীতে একটি অস্বাভাবিক, দন্তমূলীয়, শিস ও ব্যঞ্জনধ্বনি।

কোনো কোনো বাঙালি এই ধ্বনিটিকে আর দুটো ধ্বনির সঙ্গে ফেলেন তা হলো ঘৃষ্ট ধ্বনি /চ/ আর তালব্য দন্তমূলীয় শিস ধ্বনি /শ/।

/স/- ধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ

আপনি এই ধ্বনিটি উচ্চারণ করতে প্রথমে জিহ্বার সামনের ভাগ, ওপরের দাঁতের ঠিক নিচে স্থাপন করে, আপনার দাঁতগুলি ও জিহ্বার মধ্যে ছোট একটা ফাঁক রাখবেন। তারপর এই ছোট ফাঁকের মধ্য দিয়ে কিছুটা বাতাস ঠেলে বার করে দেবেন। এতে একটু ঘর্ষণ ও বাতাসের কিছু তোলপাড় হবে যা /স/-ধ্বনিটা দেবে। আপনার জিহ্বা যদি সামনে না থেকে একটু পিছনে থাকে, শব্দ তালুর ঠিক নিচে, তাহলে /স/- আওয়াজ না বেরিয়ে /শ/ আওয়াজ বেরাবে।




Fig. 6.2: /স/ উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান

Table 6.1-এ শব্দগুলো যদৃচ্ছভাবে সাজানো হয়েছে। যেই পর্যায়ক্রমে শব্দগুলি দেয়া আছে সেই অনুযায়ীই প্রত্যেকটা শব্দ উচ্চারণ করুন। শব্দগুলি বলবার সময় আপনি কাউকে বলতে পারেন যে আপনার শব্দগুলির ব্যঞ্জনধ্বনির উচ্চারণ ঠিক হচ্ছে কী না চেক করতে। অথবা আপনি আপনার পড়াগুলি রেকর্ড করতে পারেন, এবং পরে এগুলি শুনতে পারেন এবং প্রয়োজন মতো নিজেকে শোধরাতে পারেন।

Table 6.1: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী /চ, স, শ/ ধ্বনিগুলি আছে

Word	BPA	Word	BPA
chap	চ্যাপ	<u>s</u> it	সিট
<u>s</u> end	সেন্ড	ch ain	চেইন
<i>sh</i> ave	শেইব	ma ch	ম্যাচ
<u>s</u> in	সিন	<i>sh</i> ort	শো:ট
ch at	চ্যাট	ch it	চিট
hash	হ্যাশ	bush	বুশ
<u>b</u> est	বেস্ট	<u>s</u> ail	সেইল
ch illy	চিল ঈ	<i>fish</i>	ফিশ
ch imney	চিম নী	<u>s</u> end	সেন্ড
<i>sh</i> all	শ্যাল	<u>s</u> at	স্যাট
ch ip	চিপ	<i>ba</i> sh	ব্যাশ
<u>ro</u> ast	রওউস্ট	ch it	চিট
<i>sh</i> ip	শিপ	be nc	বেন্চ
<u>mi</u> ss	মিস	<u>s</u> ix	সিক্স
be lch	বেল্চ	<i>ga</i> sh	গ্যাশ
<u>ga</u> s	গ্যাস	ch est	চেস্ট

Bold = /চ/, underline = /স/, *italic* = /শ/

৬.৩ Group 2: ব্যঞ্জনধ্বনি - /জ, Z/ পুনরায় প্রত্যয়ীকরণ

৬.৩.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি - /জ/

এটি একটি তালু-দন্তমূলীয়, ঘৃষ্ট, ঘোষ, ব্যঞ্জনধ্বনি।

অনেক বাঙালি ধরে নেন যে এটি এবং ইংরেজী শিস ধ্বনি /Z/, দুটো একই ধ্বনি। /Z/ ধ্বনি আছে এরকম দুটো বহুল ব্যবহৃত ইংরেজী শব্দ, যেগুলি অনেক বাঙালি ভুল উচ্চারণ করেন, সেগুলি হলো “zero” আর “zoo”। এই দুই ক্ষেত্রেই তাঁরা এই দুটো শব্দতে /Z/-ধ্বনির বদলে /জ/-ধ্বনি করে উচ্চারণ করেন। আবার অন্যদিকে “digital”, “general”, “village” ইত্যাদি শব্দের বেলায় তাঁরা /জ/-এর বদলে /Z/ উচ্চারণ করেন।

/জ/- ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ

আপনি বাতাস শুরু করবেন আপনার ফুসফুস থেকে, এবং তাকে আপনার স্বরতন্ত্রী মধ্য দিয়ে ওপরে নিয়ে তারপর আপনার মুখের মধ্যে নিয়ে যাবেন। বাতাস যখন আপনার মুখের মধ্যে আসবে, তখন যেন আপনার জিহ্বার ওপরের অংশটা শক্ত তালু স্পর্শ করে। তারপর হঠাৎ করে শক্ত তালু থেকে জিহ্বা সরিয়ে আনবেন যাতে বাতাসটা বেরিয়ে যায়। এতে দুইটা উচ্চারণক বাক প্রত্যয়ের মধ্যে যে ঘষাঘষি হয় তাতে এই ধ্বনিটা সৃষ্টি হয়। যদি জিহ্বার ওপরের অংশ শক্ত তালু স্পর্শ না করে এবং তাদের মাঝে কোনো ফাঁক থাকে, তাহলে /জ/-ধ্বনি না হয়ে /Z/-ধ্বনি বের হবে।




Fig.6.4: /জ/ - উচ্চারণক বাক প্রত্যয়গুলির অবস্থান

Vocal Exercise – “পাখী তাড়ানো” exercise

মনে করেন যে আপনি খোলা বারান্দায় খেতে বসেছেন। তখন একটা পাখী আপনার খাবার খেতে এসেছে অথবা খুব কাছে এসেছে, যাতে আপনার অসোয়াস্তি হচ্ছে। আপনি তখন “যা, যা”- বলে পাখিটা তাড়ানোর জন্য যে

আওয়াজটা করেন এই ধ্বনিটা তারই মতন। আমি এটাকে “পাখী তাড়ানো” exercise বলবো।

Audio/video উদাহরণ

Link = [https:// sound cloud.com/zamorsc/lesson-8-difference-between](https://soundcloud.com/zamorsc/lesson-8-difference-between)

লক্ষ্য করবার পয়েন্টসমূহ:

- এই ধ্বনিটা /z/-ধ্বনি থেকে ভিন্ন।
- এটি একটি ঘৃষ্ট ধ্বনি। এটা একটি স্পর্শধ্বনি হিসাবে শুরু হয় যখন উচ্চারণকৃত বাক্য প্রত্যক্ষ দুটো পরস্পরকে স্পর্শ করে, আর তারপর তারা আলাদা হয়ে যায়, যাতে তাদের ফাঁকের মধ্য দিয়ে বাতাসটা বেরিয়ে যায়।
- এটি একটি ঘোষ ব্যঞ্জনধ্বনি, বাতাসটা ফুসফুস থেকে আসবে, এবং আপনার স্পন্দিত স্বরতন্ত্রী মধ্য দিয়ে মুখের গহ্বরে উঠবে।

৬.৩.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /z/

সেকশন ৪.৩.৩ এ আমরা /z/ ধ্বনি সম্বন্ধে আলোচনা করেছি।

আপনি যদি /জ/ আর /z/, এই দুটি ধ্বনি, একটার সঙ্গে আর একটা গুলিয়ে ফেলেন, তাহলে আপনার ইংরেজী উচ্চারণে বেশ একটা সমস্যা আছে, যা আপনার শোধরাতে হবে। যদি শোধরানোর কোনো ব্যবস্থা না করেন, তাহলে আপনি যখন ইংরেজী কথা বলার সময় ইংরেজী শব্দে এই দুটো ধ্বনির একটার বদলে আরেকটা ব্যবহার করেন, তাহলে আপনার শ্রোতারা, যদি তাঁরা অবাঙালি হন, আপনাকে নাও বুঝতে পারেন। কাজেই এই দুটো ধ্বনিকে পরস্পর থেকে আলাদা করে উচ্চারণ করতে শিখবার জন্য আপনাকে সিরিয়াস ও নাছোড়বান্দা হয়ে চেষ্টা করতে হবে। আমি আশা করি যে আপনি এর মধ্যে /z/ ধ্বনিটা প্রত্যয়িত করতে শিখেছেন যা আমি সেকশন ৪.৩.৩-এ আলোচনা করেছি এবং সেকশন ৬.৩.১ থেকে /জ/ ধ্বনিটা পুনরায় প্রত্যয়িত করতে শিখেছেন।

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

এখন আপনি নিচের table-টাতে দেয়া শব্দগুলি উচ্চারণ করতে চেষ্টা করতে পারেন। শব্দগুলি যদৃচ্ছাভাবে সাজানো হয়েছে। আপনি /জ/ এবং /z/-ধ্বনির,

একটা থেকে আর একটাতে যাওয়া প্র্যাক্টিস করতে পারেন। আপনি /জ/ এবং /z/-ধ্বনিবিশিষ্ট ইংরেজী শব্দ জোরে জোরে উচ্চারণ করুন। আপনার উচ্চারণ কোন বন্ধু বা শিক্ষককে শোনান, এবং ভুল হলে আপনার সমস্যাটা কোথায় তাঁকে বলে দিতে বলুন ও তা আপনি নোট করুন। আপনার শব্দগুলো পড়া রেকর্ডও করতে পারেন। তারপর নিজেই তা শুনুন এবং যেখানে আপনার মনে হয় ভুল হচ্ছে সেটা নোট করুন।

Table 6.2: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী - /z/, জ/ ধ্বনিগুলি আছে

Word	BPA	Word	BPA
zone	z@উন	jail	জেইল
jig	জিগ	village	বিল ইজ
digital	ডিজ ই টোল	general	জেন ৩র ৩ল
zigzag	জিগ জাগ	hose	হওউZ
jade	জেইড	just	জাস্ট
maze	মেইZ	journal	জ্য: নওল
jazz	জ্যাজ	size	সাইZ
hazy	হেই Zী	gaze	গেইZ
jazy	জ্যাজ ই	object	অব জেট
jacuzzi	জ@ কু: Zী	quiz	কিWZ
jumbo	জাম বওউ	exalt	ইগ Zপ্ট
cosy	কওউ Zী	jetty	জেট ই
kanji	ক্যান জী	jump	জাম্প
gauze	গো:Z	zip	জিপ
dizzy	ডিজ ডী	jet	জেট

Underline = /z/, italic = /জ/, Bold = মুখ্য শ্বাসাঘিত সিলেবল

৬.৩.৩ ইংরেজী ব্যঞ্জনধ্বনি - /জ, z/ - সারাংশ

বিশেষ করে মনে রাখবেন যে আপনি /জ/-ধ্বনিটা ব্যবহার করবেন শুধুমাত্র ওই ইংরেজী শব্দগুলিতে যাতে “j”, “g” অথবা “d” আছে - যেমন “jail”, “digital”

এবং "gradual"। ইংরেজী শব্দে এই বর্ণগুলির কোনোটি থাকলে কখনোই সেগুলি /z/ দিয়ে উচ্চারিত হবে না। /z/ দিয়ে যদি উচ্চারণ করেন তাহলে খুব ভুল হবে, এবং আপনার শ্রোতারা আপনাকে হয়তো বুঝতে পারবেন না। যে তিনটা ইংরেজী শব্দ অনেক বাঙালি ভুলভাবে উচ্চারণ করেন তা হলো "general", "digital" আর "village"। তাঁরা এরকম ইংরেজী শব্দ উচ্চারণ করার সময় /জ/ এর জায়গায় /z/ উচ্চারণ করে থাকেন। আপনিও তা করলে প্রথমে সেগুলি ঠিকভাবে উচ্চারণ করতে চেষ্টা করুন।

আপনাকে আরো জানতে হবে যে /z/ ধ্বনির জন্য ইংরেজী বর্ণমালার বিশেষ কয়েকটি অক্ষরমাত্র ব্যবহার করা যায়, যথা "s" – "rose" এ, "z" – "zero"-তে এবং "x" – "xylophone" শব্দটিতে। যে সকল ইংরেজী শব্দে "s", "z" বা "x" আছে তা কখনই /জ/ দিয়ে উচ্চারিত হবে না। প্রথমে এইসব শব্দ ঠিকভাবে উচ্চারণ করতে চেষ্টা করুন।

৬.৪ Group 3: ব্যঞ্জনধ্বনি - /f, প/ - পুনরায় প্রত্যয়ীকরণ

কোনো কোনো আঞ্চলিক বাংলা ভাষাতে /f/ আর /প/, এই দুটি ধ্বনি, একই বলে ধরা হয়। তাঁরা ইচ্ছামতো এ দুটোর একটার জায়গায় আর একটা ব্যবহার করেন, যা স্থানীয় লোকদের বুঝতে কোন অসুবিধা হয় না। উদাহরণস্বরূপ, কেউ কেউ ইংরেজী শব্দ "পেন"কে [ফেন] উচ্চারণ করেন। আপনিও যদি এই দলের হন তাহলে আপনাকে /f/ আর /প/-কে দুটি সুস্পষ্ট ভিন্ন ধ্বনি হিসাবে পুনরায় প্রত্যয়িত করতে হবে এবং শুদ্ধভাবে এই ধ্বনি-বিশিষ্ট ইংরেজী শব্দে উচ্চারণ করতে হবে। তাছাড়া, এ দুটো ধ্বনির কোনোটার সঙ্গেই বাংলা ধ্বনি /ফ/, যেটা ইংরেজী ভাষায় নেই, গুলিয়ে ফেলা যাবে না। এরকম করলে অবাঙালি শ্রোতারা আপনাকে বুঝতে পারবেন না।

৬.৪.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /f/

/f/ ধ্বনিটা কেমন করে উচ্চারণ করতে হয় তা আমরা আগেই সেকশন ৪.৩.১-এ আলোচনা করেছি। আপনি ওই সেকশনটা revise করতে পারেন, এবং Table 4.1-এ দেয়া অনুশীলনগুলি করতে পারেন এবং সেখানকার শব্দগুলি উচ্চারণ করবার অভ্যাস করতে পারেন। /প/ ধ্বনিটা পুনরায় প্রত্যয়িত করবার জন্য আপনি নিচের সেকশন পড়ুন।

৬.৪.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /প/

এটি একটি উভয়োষ্ঠ, অঘোষ, স্পর্শ ব্যঞ্জনবর্ণ ধ্বনি।

এই ধ্বনিটা, বাংলা ও ইংরেজী, দুই ভাষাতেই আছে। তবে বাঙালিদের জানা দরকার যে ইংরেজী /প/ ধ্বনিটা ইংরেজী /f/ ধ্বনি থেকে ভিন্ন। ইংরেজী বলার সময় এদের একটার বদলে আর একটা কখনোই ব্যবহার করা যাবে না।

/প/ - ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ

আপনাকে শুরু করতে হবে প্রথমে মুখ বন্ধ করে আর ঠোঁট দুটো এগিয়ে রেখে, যাতে দুটো ঠোঁটের সামনের ভাগ পরস্পরকে স্পর্শ করে। ঠোঁট দুটার মাঝখানে কোন ফাঁক থাকবে না। তারপর হঠাৎ ঠোঁট দুটো ফাঁক করে /প/-ধ্বনিটা বার করবেন। ঠোঁট দুটো ফাঁক করবার সময় মুখ দিয়ে কোনো অতিরিক্ত বাতাস ছাড়বেন না। এটা করলে আপনি বাংলা /ফ/-ধ্বনিটা পাবেন, যে ধ্বনি ইংরেজী ভাষাতে নেই। আপনি এরকম অতিরিক্ত বাতাস ঠেলে বার করছেন কিনা সেটা পরীক্ষা করতে পারেন আপনার মুখের সামনে হাতের তালুটা রেখে। যদি হাতে গরম বাতাস অনুভব করেন তাহলে বুঝবেন যে অতিরিক্ত বাতাস বের হচ্ছে ও /প/-ধ্বনি ঠিক হচ্ছে না; আবার চেষ্টা করুন।



Fig.6.5: /প/ - উচ্চারণক বাক প্রত্যয়গুলির অবস্থান

Vocal Exercise-“ফুটা হওয়া পানির কল থেকে পানি পড়া” exercise

যখন একটা leak-ওয়ালা পানির কল থেকে একটা ভরা পানির বালতিতে পানি টিপটিপ করে পড়ে তখন যে রকম আওয়াজ হয় এই আওয়াজটা সেরকম। এজন্য এটাকে আমরা “ফুটা হওয়া কল থেকে পানি পড়া” exercise বলবো।

Audio/Video

Link = <https://soundcloud.com/zamore/learn-6-difference-between>

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

নিচের Table-টাতে দেওয়া শব্দগুলি উচ্চারণ করে প্র্যাক্টিস করুন।

৭

অন্যান্য ইংরেজী ধ্বনি যেগুলি সম্বন্ধে বাঙালিদের সচেতন থাকতে হবে

৭.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি - /য/

ইংরেজী /য/-ধ্বনিটা বাংলাতেও রয়েছে। তবে ইংরেজীতে যেমন "year", "you", "yes" ইত্যাদি শব্দে /য/-ধ্বনিটা শব্দের প্রথমে আসে বাংলাতে সেরকম হয় না। বাঙালিরা (আমিসহ) এসব শব্দ উচ্চারণ করতে শুরুতে /ই/-স্বরধ্বনিটা যোগ দেন। অর্থাৎ আমরা এই শব্দগুলিকে যথাক্রমে [ই০র], [ইউ] এবং [ইএস] করে উচ্চারণ করি। তবে আপনার কাছে এই শব্দগুলিকে /য়০র/, /য়/ আর /য়েস/ করে উচ্চারণ শিখা খুব কঠিন মনে হলে এতে আপনার বেশী সময় ব্যয় করার প্রয়োজন নাই। শুধু /ই/ আওয়াজটা খুব ছোট মাপের করুন, তাহলেই আপনার উচ্চারণ ঠিক হবে।




Fig. 7.1: /য/ - উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান

Vocal Exercise – “ya” exercise

এই ধ্বনিটা ঠিকমতো বোঝা যায় যখন আপনি “yes”-এর American বা German version ব্যবহার করেন - যথা, “ya”। আপনি নিজে এভাবে উচ্চারণ করে, অথবা আর কেউ যখন “ya” বলেন, তখন ভালোভাবে উচ্চারণটা লক্ষ্য করুন। দেখবেন যে গোড়ার /ই/-টা বাদ গেছে। আমরা এজন্য এটাকে “ya” exercise বলবো।

Audio/Video উদাহরণ

ডিস্কে পাবেন।

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

Table 7.1: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /য/ আছে

Word	BPA	Word	BPA
yacht	য়ট	yield	য়ী:ল্ড
yahoo	য়া: হু:	yoga	য়০উ গ০
yak	য়্যাক	yogurt	য়গ ০ট
yam	য়্যাম	yoke	য়০উক
yard	য়া:ড	yolk	য়০উক
yarn	য়া:ন	yonder	য়ন ড০
yawn	য়ো:ন	yore	য়ো:
yearn	য়:ন	yorker	য়ো: ক০
yeast	য়ী:স্ট	you	য়ু
yell	য়েল	young	য়০ং
yellow	য়েল ০উ	your	য়ো:
yelp	য়েল্ল	yourself	য়ো: সে ^{sf}
yen	য়েন	youth	য়ু:থ

Bold = মুখ্য শ্বাসাঘিত সিলেবল্

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ:

- এই ধ্বনিটা বাংলা ভাষাতেও রয়েছে, তবে বাংলা শব্দের প্রথম দিকে এটা থাকে না।
- যখন কোনো ইংরেজী শব্দের প্রথমেই এটি থাকে, উচ্চারণের শুরুতে একটি /ই/-যোগ করলেও উচ্চারণ বোঝা যাবে।

৭.২ অতিরিক্ত ছোট পরিমানের ইংরেজী স্বরধ্বনি - /ʊ/

BPA-প্রতিলিপিতে /ə/ চিহ্নটা একটা “খুব ছোট” পরিমানের স্বরধ্বনি নির্দেশ করে। কিন্তু কোনো কোনো সময় একটা স্বরধ্বনির পরিমান আরো ছোট হতে পারে, অর্থাৎ “অতিরিক্ত ছোট”, যেন দুটো ব্যঞ্জনধ্বনির মধ্যে কোন স্বরধ্বনি নেই। এই “অতিরিক্ত ছোট” স্বরধ্বনির উচ্চারণ দেখাতে superscript

হিসাবে **schwa** চিহ্নটি দেয়া হয়। উদাহরণস্বরূপ, নিচের **table**-এ, “**acceptance**” শব্দটা লেখা হয়েছে এভাবে - /əক সেপ টপ্স/। /ট/ আর /স/-এর মধ্যকার /ə/-টা লক্ষ্য করুন। এই স্বরধ্বনির পরিমাণ “অতিরিক্ত ছোট” নির্দেশ করে। একইভাবে, “বয়ু: টি প্ল” শব্দটার উচ্চারণে /f/ ও /ল/-এর ম্যবোর স্বরধ্বনির পরিমাণ “অতিরিক্ত ছোট”। এটা অতি স্বল্প সময়ের জন্য উচ্চারিত হবে।

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

এবার **Table 7.2**-এ দেয়া শব্দগুলি উচ্চারণ করা প্র্যাক্টিস করুন।

Table 7.2: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী স্বরধ্বনি /ə/ আছে

Word	BPA	Word	BPA
acceptance	এক সেপ টপ্স	agreeable	এ গ্রী: এ বপ্ল
beautiful	বয়ু: টি প্ল	cattle	ক্যাট প্ল
cavalry	ক্যা vপ্ল রী	celebrant	সে লি ব্রপ্লন্ট
convertible	কপন vয়: টি বপ্ল	doggerel	ডগ প্ল প্ল
eventful	ই vপ্ল প্ল	figurative	ফিগ প্ল এ টিv
impractical	ইম প্র্যাক টিক প্ল	indifferent	ইন ডিফ প্ল প্ল
intellect	ইন টপ্ল এক্স	mention	মেন শপ্লন

Bold = মুখ্য শ্বাসাঘিত সিলেবল্

৭:৩ ইংরেজী ব্যঞ্জনবর্ণ “r” উচ্চারণ

বিভিন্ন **Native English Speakers (NS)**-দের দেশে ইংরেজী “r” অক্ষরটা বিভিন্নভাবে উচ্চারণ করা হয়। আমেরিকানরা আর স্কটিশরা এটাকে খুব জোর দিয়ে উচ্চারণ করে থাকেন। ব্রিটিশরা খুব হালকাভাবে উচ্চারণ করেন, আর অস্ট্রেলিয়ানদের উচ্চারণে ধ্বনিটা প্রায় শোনাই যায় না। আপনার কাছে যে উচ্চারণ স্বাভাবিকভাবে আসে, আপনি সেই রকম উচ্চারণ করতে পারেন। তবে আমরা যেহেতু এই গাইড বইতে **BrE (British English)** উচ্চারণ ব্যবহার করছি, আমরা “r”-এর উচ্চারণ যেখানে খুব হালকা করতে হবে, সেটা BPA-তে /r/ দিয়ে দেখাবো। তার মানে /r/-টা খুব হালকা, স্বরধ্বনির মতো, উচ্চারিত হবে।

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

এখন **Table 7.3**-দেয়া শব্দগুলি নিয়ে প্র্যাক্টিস করুন।

Table 7.3: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী ব্যঞ্জনধ্বনি /r/ আছে

Word	BPA	Word	BPA
are	আ:র	bare	বেএর
beer	বিএর	car	কা:র
care	কেএর	dare	ডেএর
dear	ডিএর	deer	ডিএর
ear	ইএর	fair	ফেএর
fare	ফেএর	fear	ফিএর
fire	ফিইএর	hare	হেএর
hair	হেএর	rare	রেএর
roar	রো:র	share	শেএর

লক্ষ্য করবার জন্য পয়েন্ট

/r/-ধ্বনিটা (ক) স্পষ্টভাবে উচ্চারণ করলে (খ) হালকাভাবে উচ্চারণ করলে অথবা (গ) একেবারে উচ্চারণ না করলেও চলে। আপনি যে উচ্চারণে আরামপ্রদ মনে করেন এবং স্বচ্ছন্দে করতে পারেন তা করলেই চলবে।

৭.৪ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /ট/ এবং /ড/

অধিকাংশ **Non-Native English Speakers (NNS)**-রা ইংরেজী বলবার সময় তাদের নিজ নিজ ভাষার কিছু চরিত্র ইংরেজী কথায় নিয়ে আসেন। যেমন ফরাসীরা কণ্ঠনালীয় /r/-ধ্বনি ব্যবহার করেন। ফরাসী, ইতালীয় এবং স্প্যানিসরা ইংরেজী বলবার সময় দন্ত মূলীয় [ত], [দ]-ধ্বনি ব্যবহার করেন। একইভাবে ভারতীয় উপমহাদেশের অনেকে বেশ জোর দিয়ে ইংরেজী /ট/ আর /ড/ উচ্চারণ করেন, যেভাবে তাঁদের নিজ নিজ ভাষায় ওই ধ্বনিগুলি তাঁরা উচ্চারণ করে থাকেন। এই দুটো ধ্বনির এরকম জোর দিয়ে /ট/ আর /ড/-বিশিষ্ট ইংরেজী শব্দের উচ্চারণ কারো কখনো বুঝতে কোন অসুবিধা হয় না। কিন্তু ইংরেজী ভাষীরা এরকম উচ্চারণকে খুব কৌতুককর মনে করেন, এবং জনপ্রিয় ইংরেজী TV-serial-এ এরকম উচ্চারণকারী চরিত্র রাখা হয় দর্শকদের আমোদ দেবার জন্য। আমার মনে হয় না যে কোনো দর্শক এতে কখনো আপত্তি জানিয়েছেন।

যেহেতু কোনো শ্রোতা, NS বা NNS, /ট/ আর /ড/-এর এরকম উচ্চারণ বুঝতে অসুবিধা হয় না তাই আপনি যেভাবে এই ধ্বনি দুইটা উচ্চারণ করেন সেভাবেই করে যেতে পারেন। তবে যদি এ রকম উচ্চারণ শুনে কোনো NS আপনার সামনে বা পিছনে আপনার উচ্চারণ নিয়ে হাসাহাসি করেন ও তাতে আপনি খারাপ অনুভব করেন তাহলে আপনি এই ধ্বনিগুলিকে একটু হালকা করে উচ্চারণ করতে পারেন।


/ট/ আর /ড/ - ব্যঞ্জনধ্বনি বার করা

এই দুটোই দন্তমূলীয় ধ্বনি। এদের মধ্যে /ট/ একটি অঘোষ ধ্বনি আর /ড/ একটি ঘোষ ধ্বনি। এদের দুটো উচ্চারণক বাক প্রত্যঙ্গ হলো:

(ক) জিহ্বার আগা ও

(খ) ওপরের দাঁতের পাটির পেছনের মাড়ী বা দন্তমূল।

এই ধ্বনিগুলি বার করতে আপনি প্রথমে জিহ্বার সামনের অংশ দিয়ে দন্তমূল ছুঁয়ে, তারপর হঠাৎ করে দন্তমূল থেকে জিহ্বা সরিয়ে আনবেন। আমরা কেউ কেউ এই ধ্বনিটা খুব জোরে করে ফেলি, কারণ আমরা জিহ্বাটা দিয়ে দন্তমূল খুব জোরে স্পর্শ করি। ধ্বনিটা একটু হালকা করতে চাইলে জিহ্বা দিয়ে দন্তমূলকে খুব হালকাভাবে স্পর্শ করুন। এই প্রয়োগ কৌশলটি বিভিন্ন ইংরেজী শব্দ, যেগুলিতে /ট/ ও /ড/ শব্দের বিভিন্ন অবস্থানে আছে তা দিয়ে প্র্যাক্টিস করুন। প্রথম দিকে আপনাকে একটু সচেতন হয়ে এই প্র্যাক্টিস করতে হবে। বারে বারে অভ্যাস করবার পর আপনি এক সময় অবচেতনভাবেই এই ধ্বনিগুলি হালকা করে উচ্চারণ করতে পারবেন।



জিহ্বার সঙ্গে দন্ত মূলের স্পর্শ

Fig. 7.2: /ট/ ও /ড/ - উচ্চারণক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

এখন Table 7.4-এ দেয়া শব্দগুলি নিয়ে প্র্যাক্টিস করুন।

Table 7.4: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী /ট/ বা /ড/ আছে

Word	BPA	Word	BPA
add	অ্যাড	adder	অ্যাড ঠ
and	অ্যান্ড	baptise	ব্যাপ টাইজ
bed	বেড	bend	বেন্ড
buddy	ব্যাড্‌ই	but	ব্যাট
caddy	ক্যাড্‌ই	candy	ক্যান ডী
cut	ক্যাট	don't	ডাউন্ট
duct	ডাক্ট	dust	ডাস্ট
dizzy	ডিজ্‌ই	handyman	হ্যান ডি ম্যান
hot-headed	হট হেড হেড	jetty	জেট্‌ই
jolt	জাউল্ট	pet	পেট
pot	পট	potato	পাটেই টাউ
red	রেড	ride	রাইড
sad	স্যাড	shut	শ্যাট
suddenly	স্যান্ড্‌লী	tackle	ট্যাক্‌ল
taxi	ট্যাক্‌সী	tent	টেন্ট
test	টেস্ট	tight	টাইট
toffee	টফ্‌ই	tomato	টা মা টাউ
tuck	টাক	type	টাইপ

Bold = মুখ্য স্থাসাধিত সিলেবল্

৭.৫ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /^hw/

এটা একটি ওষ্ঠ, নরম তালুয়, অঘোষ, ব্যঞ্জনধ্বনি।

বেশির ভাগ ক্ষেত্রে ইংরেজী শব্দ যখন “q” দিয়ে শুরু হয়, ও “q”-এর পরে স্বরবর্ণ “u” অথবা আধা স্বরবর্ণ “w” থাকে, তখন /ক/ আর /w/, এই দুইটি ধ্বনি মিলিয়ে একটি যুগ্মধ্বনি /^hw/ উচ্চারিত হয়। খুব কম সময়ে “q” এর অন্য রকম উচ্চারণ হয়।

/^hw/ ধ্বনি বার করা

প্রথমে আপনার মুখ খুলুন এবং “q” এর পরে যে স্বরবর্ণ আছে তার অনুযায়ী ঠোঁট দুটোর আকৃতি করুন, যেমন “এ”, “ও”, “উ” বা “ই”। তারপর আপনার

জিহ্বা পেছনে আল জিহ্বার সামনে দিন। এর পরে আপনার জিহ্বার পেছনটা দিয়ে হালকা একটু সামনে ঠেলা দিন এবং একই সঙ্গে ঠোঁট দুটো আরো ফাঁক করে আওয়াজটা বার করুন।

আমরা অনেকে, আমি সহ, ইংরেজী শব্দ যেমন “queen”, “quick” ও “quota”-কে যথাক্রমে [কুই:ন], [কুইক] এবং [কো:টো] বলে উচ্চারণ করি। এরকম উচ্চারণ বুঝতে কারো কোনো অসুবিধা হয় না। তবুও আপনার /^{kw}/ ধ্বনিটা উচ্চারণ করতে শেখা প্রয়োজন। তবে বাংলাতে যেহেতু /w/ ধ্বনিটা নাই আর এই ধ্বনিটাকে প্রত্যয়িত করতে আপনার একটু অসুবিধা হতে পারে, সেই জন্য এই ধ্বনিটা শেখা আপনি একটু পিছিয়ে দিতে পারেন। প্রথম দিকে অন্য জরুরী ইংরেজী ধ্বনি কয়েকটা প্রত্যয়িত করতে মনোনিবেশ করুন। পরে, যখন আপনি মনে করবেন যে আপনি /w/-ধ্বনিটা পুরোপুরি শিখে নিয়েছেন তখন এটাতে ফিরে আসতে পারেন।

Vocal Exercise “কাকের কা-কা ডাক” exercise

কাকের কা-কা ডাক নকল করতে চেষ্টা করুন, তাহলেই আপনি /^{kw}/ ধ্বনিটা পেয়ে যাবেন। আমরা এটাকে “কাকের কা-কা ডাক” exercise বলবো।

প্র্যাক্টিস করার জন্য শব্দাবলী

Table 7.5: BPA-তে ইংরেজী শব্দ, যাতে শুরুতে “q” আছে

Word	BPA	Word	BPA
quiche	কী:শ	quack	^{kw} য়াক
quadrant	^{kw} ড রওন্ট	quartz	^{kw} ই:টস
quash	^{kw} ই:শ	quasi	^{kw} ই জাই
quality	^{kw} ল ই টী	queen	^{kw} ই:ন
quench	^{kw} শ্চ	question	^{kw} স চওন
queue	^{kw} ই:	quorum	^{kw} ই: রওম
quota	^{kw} ই: টো	qwetzal	কেটস ওল
qwerty	^{kw} ই: টী	quick	^{kw} ইক

Bold = মুখ্য স্থাসাধিত সিলেবল

লক্ষ্য করার জন্য পয়েন্টসমূহ:

- ১। বেশীর ভাগ ক্ষেত্রে এই ধ্বনিটা /ক/ ও /w/-এর একটা যুগ্মধ্বনি।
- ২। খুব অল্প কয়েকটি ক্ষেত্রে, যেমন- “quiche”, “queue” ও “qwetzal” শব্দগুলির বেলায় কোনো /w/ ধ্বনি হয় না।

৮

ইংরেজী শব্দে দ্বিগুণিত অক্ষর ও BPA-তে যুক্তাক্ষর

৮.১ ইংরেজী শব্দে দ্বিগুণিত অক্ষর

অনেক ইংরেজী শব্দে একই অক্ষর পর পর দুবার থাকে। আপনার মনে হতে পারে যে, ওগুলি যুগ্মধ্বনি হিসাবে উচ্চারণ করতে হবে। আসলে তা হয় না। ইংরেজী শব্দে duplicate letters একটি একক ধ্বনি হিসাবে উচ্চারিত হয়। যথা, আপনি মনে করতে পারেন যে ইংরেজী শব্দ “common” এর উচ্চারণ [কম্মওন] হবে। কিন্তু আসলে এই শব্দটা একটা /ম/ ধ্বনি দিয়ে উচ্চারণ করা হয়; শব্দটির উচ্চারণ হলো /কম ওন/।

Table 8.1: BPA-তে ইংরেজী শব্দ যাতে duplicate letters আছে

Word	BPA	Word	BPA
rab <u>bb</u> it	র্যাব ইট	acc <u>oo</u> unt	ও কাউন্ট
ru <u>dd</u> er	রড ও ^r	aff <u>aa</u> ir	ও ফে ^r
so <u>gg</u> y	সগ ঙ	haj <u>jj</u> i	হ্যাজ ঙ
trek <u>kk</u> ing	ট্রেক ইং	spell <u>ll</u> ing	স্পেল ইং
hum <u>mm</u> ing	হাম ইং	run <u>nn</u> er	রান ও ^r
happ <u>pp</u> y	হ্যাপ ঙ	car <u>rr</u> y	ক্যার ঙ
dismiss <u>ss</u> al	ডিস মিস ওল	nut <u>tt</u> y	নট ঙ
skiv <u>vv</u> y	স্কি ^v ঙ	blizz <u>zz</u> ard	ব্লি ^z ওড

underline = duplicated letters

Bold = মুখ্য স্থাসাধিত সিলেবল

Table 8.1-এ আমি বিভিন্ন duplicate letters-বিশিষ্ট কয়েকটা ইংরেজী শব্দ দিয়েছি। এদের প্রত্যেকটার মধ্যে একটা ব্যঞ্জনবর্ণ শব্দতে পর পর দুবার আছে। এগুলো যুগ্মধ্বনি নয়, একক ধ্বনি হিসাবে উচ্চারণ করতে হবে।

লক্ষ্য করুন যে, যখন একটি অক্ষর দুবার আসে তখন duplicate letters-এর ব্যঞ্জনধ্বনি দিয়ে একটি সিলেবল শেষ হয়। পরবর্তী সিলেবল একটি স্বরধ্বনি দিয়ে শুরু হয়। ইংরেজীতে বিদেশী শব্দের বেলাতেও ওই নিয়ম মানা হয়, যদিও বিদেশী ভাষাতে ওই শব্দটা যুগ্মধ্বনি সহ উচ্চারিত হয়। উদাহরণস্বরূপ, "sunni"- শব্দটা আরবী ও অন্যান্য ভাষাতে [সুন্নী] উচ্চারণ করা হয়, কিন্তু ইংরেজীতে এটার উচ্চারণ হয় [সুন ঙ্গ]।

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

এবার tableটিতে দেয়া শব্দগুলি উচ্চারণ প্র্যাক্টিস করুন। প্রত্যেকটা শব্দের মধ্যে duplicated letters আছে যেগুলি যুগ্মধ্বনি হিসাবে উচ্চারিত হবে না।

৮.২ BPA-তে যুক্তাক্ষর

একাধিক ধ্বনি মিলে যুগ্মধ্বনি (cluster sound) হয়, অর্থাৎ দুই বা ততোধিক ধ্বনি একসঙ্গে একটা একক ধ্বনি হিসাবে উচ্চারিত হয়। IPA-তে যুগ্মধ্বনি দেখানো হয় একাধিক ব্যঞ্জনবর্ণকে একটার পরে একটা লিখে। কিন্তু বাংলায় যুগ্মধ্বনি দেখানো হয় একাধিক ব্যঞ্জনবর্ণগুলিকে একটি যুক্তাক্ষর হিসাবে প্রতিলিপি করে। বাংলা ভাষায় বিভিন্ন যুগ্মধ্বনি দেখাবার জন্য বিশেষ বিশেষ যুক্তাক্ষর রয়েছে। BPA-তে আমরা ইংরেজী যুগ্মধ্বনিগুলো প্রতিলিপি করতে একই পদ্ধতি ব্যবহার করবো।

উদাহরণস্বরূপ, BPA-তে "best" শব্দটা /বেষ্ট/ হিসাবে প্রতিলিপি করা হয় যেখানে দুটো ব্যঞ্জনধ্বনি - /স/ আর /ট/-কে একটি একক যুগ্মধ্বনির প্রতিলিপি /ষ্ট/ দিয়ে দেখানো হয়। যেহেতু BPA-তে আমাদের পাঁচটা নতুন ব্যঞ্জনধ্বনি রয়েছে- /f, v, z, ʒ, w/, আমাদের দুটো বা ততোধিক ইংরেজী ও বাংলার যুগ্মধ্বনি দেখাতে BPA-তে নতুন যুক্তাক্ষর দরকার। এগুলি হলো:

/ʃ, ট, ʃ, স, ল, ল্, ʒ, টw, ডz, নz, ডz, লz, মz, শw, দz, ডz, ʒz, ʒ, ঙ, ঙ্, ʒz, ʒz/

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

নিচের tableটিতে আপনি ইংরেজী শব্দ পাবেন যেগুলি BPA-তে ওপরের যুক্তাক্ষরগুলি দিয়ে লেখা হবে।

Table 8.2: BPA-তে ইংরেজী শব্দ যাতে যুগ্মধ্বনি আছে

BPA conjunct symbol	English word	BPA	BPA conjunct symbol	English word	BPA
ʃw	queen	ʃwী:n	ʒz	anguish	অ্যাং ʃwশ
ʒz	eggs	এ ʒz	সz	lungs	লʌ ʒz
টw	twin	টwন	টz	blitz	ব্লি ʒz
ডw	dwel	ডেwল	ডz	aids	এই ʒz
থw	thwart	থেwা:ট	দz	breathes	ব্রী: ʒz
নz	lines	লাইনz	ডz	amends	এ মেন্ডz
বz	Arabs	অ্যার এ ʒz	শ্ফ	lymph	লিম্ফ
মz	alms	আ: মz	ʒz	airs	এএ ʒz
গw	Gwen	গেwন	শw	schwa	শw:
শ্ফ	self	সে ʃ্ফ	শv	resolve	রি ʒ ʃv
শz	annals	অ্যান এ ʃz	শ্ফ	sphere	স্ফি়ের
শw	sweet	শwী:ট	ʃw	square	স্কেwে ʃ
ংz	surroundings	সএ রাউন ডি ʒz	টি	loft	ল'ট
ডি	laughed	লা: ʃডি	য়	refute	রি ʃ্ফু:ট
লি	afflict	এ লি ʃ্ফি	ʃ	freight	ফ্রেইট

Bold = যুগ্মধ্বনি সহ ইংরেজী শব্দ ও BPA-তে যুক্তাক্ষর

লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ

- ১। "amends" আর "square", এই দুটো শব্দই তিন ধ্বনিবিশিষ্ট যুগ্মধ্বনি

৯

ইংরেজী উচ্চারণে /ক/, /প/ ও /ট/ ধ্বনি মহাপ্রাণতা

আমি যেসব ইংরেজী ডিকশনারি দেখেছি তাদের অধিকাংশই শব্দের মূল ধ্বনিয় উচ্চারণ IPA-তে দিয়েছে। কিন্তু আপনি হয়তো দেখবেন যে ইংরেজীভাষীরা, IPA-তে যেভাবে উচ্চারণ লেখা আছে তার থেকে ভিন্নভাবে কোনো কোনো ইংরেজী শব্দ কখনো কখনো উচ্চারণ করেন। এটাকে বলা হয় সহধ্বনিয় উচ্চারণ।

উদাহরণস্বরূপ, ইংরেজী শব্দ যার মধ্যে কোনো অবস্থানে /ক/, /প/ বা /ট/-ধ্বনি রয়েছে, তা ইংরেজীভাষী বক্তারা যথাক্রমে [ক্শ] [প্শ] ও [ট্শ] উচ্চারণ করেন, অর্থাৎ তাঁরা শব্দটার /ক/, /প/ বা /ট/- ধ্বনি করবার সময় মুখ দিয়ে কিছুটা বাতাস বার করেন। তাতে একটা মৃদু /শ্/ ধ্বনি বের হয় যেটা /ক/, /প/ বা /ট/-ধ্বনিটার সঙ্গে যোগ হয়ে মহাপ্রাণিত ধ্বনি হিসাবে বার হয়। যদি আপনি কোনো সময় এই তিনটা ইংরেজী ধ্বনি মহাপ্রাণিত না করেন তাহলে কিছু ইংরেজীভাষী, বা বিশেষ করে ইংরেজ শিশুরা, যারা কোনো বিদেশীর কাছ থেকে ইংরেজী শুনতে অভ্যস্ত নয়, এদের আপনাকে বুঝতে অসুবিধা হতে পারে। তখন তারা হয়তো বলতে পারেন [প্শঃ ডপ্ন?] (pardon)।

কখন /ক/, /প/ বা /ট/-ধ্বনিটাকে মহাপ্রাণিত করতে হবে আর কখন হবে না-এর নিয়ম নিয়ে আমি এখানে বিস্তারিত আলোচনায় যাব না। যা আমি আপনাদের বলতে চাচ্ছি তা হলো এই, যে যখন ইংরেজী শব্দের বিশেষ বিশেষ জায়গায় এই তিনটা মূল ধ্বনি থাকে তখন ইংরেজীভাষীরা এগুলিকে মহাপ্রাণিত করেন। আপনি যখন কোনো ইংরেজীভাষীর ইংরেজী কথা বলা শুনবেন তখন এরকম মহাপ্রাণিত ধ্বনির জন্য কান খাড়া করে রাখবেন, লক্ষ্য করবেন কখন তাঁরা [ক্শ] [প্শ] ও [ট্শ] সহধ্বনি উচ্চারণ করেন।

আপনাদের কাছে আমার পরামর্শ হবে যে ইংরেজী উচ্চারণ শিখবার প্রথম দিকে /ক/, /প/ ও /ট/ ধ্বনিগুলো মহাপ্রাণিত করে উচ্চারণের অভ্যাস না করতে। এর কারণ বাংলা ভাষায় তিনটা ধ্বনি - /খ/, /ফ/, আর /ঠ/ - রয়েছে, যা ইংরেজী ভাষায় নেই। এগুলি যথাক্রমে /ক্শ/, /প্শ/ ও /ট্শ/ থেকে একেবারে ভিন্ন ধ্বনি। আপনি এদের মধ্যে পার্থক্যটা পুরোপুরি উপলব্ধি না করতে পারলে

/ক্শ/, /প্শ/ ও /ট্শ/ ধ্বনির বদলে আপনি বাংলা ধ্বনি /খ/, /ফ/, আর /ঠ/ ব্যবহার করতে শুরু করতে পারেন, যা ঠিক হবে না। মনে রাখবেন যে ইংরেজী ভাষাতে /খ/, /ফ/, আর /ঠ/ ধ্বনিগুলি নাই, এবং আপনি কখনো ইংরেজী নাম "Thomas"-কে [ঠম ঠস] বলে উচ্চারণ করবেন না; [ট্শম ঠস] উচ্চারণ করবেন।

আপনি এই ধ্বনিগুলি সম্বন্ধে সবসময় সচেতন থাকলেও ইংরেজী ভাষীর এই ধ্বনিগুলির উচ্চারণ যদি মনোযোগ দিয়ে লক্ষ্য করেন, তাহলে আসতে আসতে আপনি ও এই তিনটা ধ্বনি ঠিক জায়গাতে মহাপ্রাণিত ধ্বনি হিসাবে ব্যবহার করবেন।

এখানে প্র্যাক্টিস করার জন্য শব্দের তালিকা দিচ্ছি না। আপনারা নিজেই শব্দের তালিকা বানিয়ে তা দিয়ে প্র্যাক্টিস করবেন। শব্দগুলি নিজে জোরে জোরে উচ্চারণ করবেন ও একে অপরকে শুনাবেন। কারো সঙ্গে ইংরেজীতে কথা বলবার সময় আপনি যদি /ক/, /প/ ও /ট/ ধ্বনিগুলো মহাপ্রাণিত না করেন তাহলে কিছু আসে যায় না। আপনাকে শিশুরা ছাড়া সবাই বুঝতে পারবেন। আশা করি এতে কোন দোষ ধরা হবে না, কারণ আমি নিজেও অনেক সময় এই ধ্বনিগুলি মহাপ্রাণিত করি না। আর এজন্য কখনো কেউ আমার দোষ ধরেননি।

ইংরেজী উচ্চারণে অখণ্ডাত্মক চরিত্র

আমরা আগের সেকশনগুলিতে প্রধানত ইংরেজী ভাষার বিভিন্ন ধ্বনি সম্বন্ধে আলোচনা করেছি, যাকে উচ্চারণের খণ্ডাত্মক চরিত্র বলা হয়। যদিও আমি এই গাইড বইটা তৈরী করেছি আপনাদের BPA-র সঙ্গে পরিচিত করার জন্য যাতে আপনারা ইংরেজী উচ্চারণের ডিকশনারী (EPDB) ব্যবহার করতে পারবেন। আমি মনে করলাম যে এটাতে আপনাদের ইংরেজী উচ্চারণের আর একটা গুরুত্বপূর্ণ দিক সম্বন্ধেও কিছু সংকেত দেই। তা হলো উচ্চারণের অখণ্ডাত্মক চরিত্র। উচ্চারণের অখণ্ডাত্মক চরিত্র, ধ্বনির খণ্ডাত্মক চরিত্রের উপরের বা বাহিরের চরিত্র।

১০.১ উচ্চারণের অখণ্ডাত্মক চরিত্রের সাথে পরিচয়

ইংরেজী ভাষী দেশে যখন শিশুদের ও বড়দের ইংরেজী উচ্চারণ শেখানো হয় তাদের প্রথমে, informally অথবা formally, উচ্চারণের অখণ্ডাত্মক চরিত্রের সঙ্গে পরিচিত করানো হয়, এই মনে করে যে এতে তাদের ইংরেজী কথার ও বাক্যের অর্থ স্পষ্টতর হবে। শিশুদের ছড়া ও গান শিখিয়ে শব্দে ও বাক্যাংশে ঝাঁক দেয়া, ছন্দ ও স্বর উঠানামা শিক্ষা দেয়া যেতে পারে। ইংরেজী ভাষীদের জন্য এই পদ্ধতি ঠিকই আছে, কারণ তাঁরা ইংরেজী ধ্বনিগুলি শুনে অভ্যস্ত যেহেতু সবসময় আশে-পাশে এগুলি শুনে যাচ্ছেন, আর যথাসময়ে প্রত্যেক ধ্বনির সঙ্গে formally পরিচিত হতে পারেন। কিন্তু বাঙালিদের বেলায় এই পদ্ধতি খাটবে না। তাঁরা তাঁদের দৈনন্দিন জীবনে ইংরেজী কথা খুব কমই শোনেন, এবং অনেক ইংরেজী ধ্বনির সঙ্গেই তাঁদের পরিচয় নাই। তাই তাঁদের ইংরেজী উচ্চারণের অখণ্ডাত্মক চরিত্র শিখবার আগে ইংরেজী ধ্বনিগুলোর উচ্চারণ ভালো করে শেখা দরকার।

এই গাইড বইটিতে আমি উচ্চারণের অখণ্ডাত্মক চরিত্র সম্বন্ধে কিছু কিছু বলেছি। উদাহরণস্বরূপ, আমি আপনাদের ইংরেজী শব্দের সিলেবলের সঙ্গে পরিচিত করিয়েছি এবং একাধিক সিলেবলযুক্ত শব্দের বেলায় আমি space দিয়ে সিলেবলগুলি আলাদা করে দেখিয়েছি। ইংরেজী উচ্চারণের আর একটা গুরুত্বপূর্ণ ব্যাপার হলো এই যে, একাধিক সিলেবলযুক্ত শব্দগুলির কোনো কোনো সিলেবলের ওপর জোর দেওয়া হয়। এদের বলে মুখ্য স্বাসাঘাতের জোর দেওয়ার সিলেবল্ ও গৌণ স্বাসাঘাতের জোর দেওয়ার সিলেবল্। আপনারা

দেখেছেন যে আমি আগের সেকশনগুলিতে বিভিন্ন শব্দের মুখ্য স্বাসাঘাতের জোর দেওয়ার সিলেবলগুলি **bold** অক্ষরে দেখিয়েছি, যেগুলি উচ্চারণ করতে আপনাদের একটু বেশী ঝাঁক দিতে হবে।

আমি ইচ্ছা করেই গৌণ স্বাসাঘাতের জোর দেওয়ার সিলেবলগুলি চিহ্নিত করি নাই, এই মনে করে যে নতুন শিক্ষার্থীদের এগুলো শেখার প্রয়োজন নাই। এগুলি এখনি তাদেরকে দেওয়া বেশী বাড়াবাড়ি হয়ে যেতে পারে। তাছাড়া, শব্দের ভিতর মুখ্য স্বাসাঘাতের জোর দেওয়ার সিলেবল্ এবং গৌণ স্বাসাঘাতের জোর দেওয়ার সিলেবল্গুলি সবসময় fixed থাকে না। কারণ ইংরেজীর বিভিন্ন আঞ্চলিক উচ্চারণে বক্তারা একই শব্দে বিভিন্ন সিলেবলে ঝাঁক দেন। আমি এও স্বীকার করবো যে ব্যক্তিগতভাবে আমি ইংরেজদের আর অন্যান্য অবাঙালিদের সঙ্গে ইংরেজী বলার সময় গৌণ স্বাসাঘাত সিলেবল্গুলি নিয়ে মাথা ঘামাই না, এবং এই অভ্যাস নিয়ে আমি এ-পর্যন্ত এসেছি।

আর একটা উচ্চারণের চরিত্র আমরা আলোচনা করেছি সেটা হলো স্বরধ্বনির পরিমাণ বা মাপ।

আমি কখনো ইংরেজী উচ্চারণের ওপর কোনো কোর্স নেইনি যেখানে নিচের বিষয়গুলি শেখানো হয়েছে :

- ক) বাক্যের বা বাক্যাংশের বিশেষ বিশেষ শব্দের ওপর জোর দেয়া;
- খ) একটা শব্দসমষ্টি অথবা বাক্যের শব্দগুলির প্রাথমিক সিলেবল্গুলি ছন্দের সঙ্গে উচ্চারণ করা;
- গ) উচ্চারণের সময় বিভিন্ন pitch (কম্পাঙ্ক)-এ স্বর নেয়া, সুর করা ও স্বর উঠানো ও নামানো এবং
- ঘ) কথা বলতে যেয়ে একটা শাব্দিক গতিময়তা রক্ষা করা, যথা একটু থেমে যাওয়া, কথা বলবার গতি বা ওজন বদলানো, শ্রোতাদের কাছে কথাগুলি আরো অর্থবহ করবার জন্য।

একটা self-study গাইড বই দিয়ে এ সমস্ত প্রক্রিয়া শেখানো কঠিন; এ সমস্ত বিভিন্ন প্রত্যয় বোঝানো, শেখানো, বিশেষ করে যাঁরা নতুন ইংরেজী শিখছেন, তাঁদেরকে। যাঁরা ইংরেজী ধ্বনিগুলি শিখবার জন্য ধস্তাধস্তি করছেন, ইংরেজী vocabulary তৈরী করছেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে, অর্থাৎ সপ্তাহে তিন থেকে পাঁচ ঘন্টার ইংরেজীর ক্লাসে, এই বিদেশী ভাষায় কথা বলতে শেখার চেষ্টা করছেন, তাঁদেরকে এসব প্রথমেই বই দিয়ে শিখানো সম্ভব নয়। তারচেয়ে আমি নিম্নে দেয়া ইনফরমাল প্রশিক্ষণের পক্ষপতি।

১০.২ ইংরেজী উচ্চারণের অখণ্ডাত্মক চরিত্র শেখার সহজ পথ

এ সমস্ত বিষয়ে শিক্ষার্থীদের সাহায্য করবার জন্য এই বইয়ের সঙ্গে দুইটা ডিস্ক দিয়েছি। প্রথম ডিস্কে আমি বইয়ের টেবিলগুলিতে দেয়া ইংরেজী শব্দগুলি পড়েছি। দ্বিতীয় ডিস্কে আমি কয়েকটি বিশিষ্ট ইংরেজী ধ্বনি উচ্চারণ করার video বর্ণনা, ও কিছু ইংরেজী কবিতা আবৃত্তি ও বিখ্যাত বক্তৃতা দিয়েছি।

এখানে একথাও বলা প্রয়োজন যে, যে-সব কবিতা ও বক্তৃতা disc-এ দিয়েছি সেগুলিতে আমার দৃষ্টিভঙ্গিই প্রতিফলিত হয়েছে। কোন কোন শব্দে জোর দিতে হবে, বিভিন্ন জায়গায় কী করে উচ্চারণ করতে হবে, কোথায় থামতে হবে, এবং বক্তৃতা ও আবৃত্তিগুলির অর্থ বোঝাবার জন্য কোথায় জোরে বা আন্তে বলতে হবে এই সমস্ত প্রশ্নে। অন্য কোনো ব্যক্তি, একজন ইংরেজ বা অবাঙালি, বক্তৃতা ও আবৃত্তিগুলি একেবারে অন্যভাবে করতে পারেন। তিনি নিজে কবিতা ও বক্তৃতার অর্থ যা বোঝেন সেই অনুযায়ী ওগুলি আবৃত্তি করতে পারেন।

আপনি ইচ্ছা করলে Youtube, Vimeo, Soundcloud, এসব থেকে অন্য লোকদের আবৃত্তি ও বক্তৃতা রেকর্ড করতে পারেন। যেই রেকর্ডিং-ই আপনি ব্যবহার করেন, আপনার সুযোগ হলেই এরকম audio/visual রেকর্ডিং শুনবেন এবং লক্ষ্য করবেন কী করে বক্তা উচ্চারণ করছেন, কোথায় কতক্ষণ থামছেন, কোন শব্দে জোর দিচ্ছেন, ইত্যাদি। যদি আপনি আপনার ইংরেজী উচ্চারণ উন্নত করতে চান তাহলে আপনি একই রেকর্ডিং, যা আপনার পছন্দ হয়, সেগুলি বারে বারে শুনবেন, এবং নিচে দেয়া কাজগুলি করবেন :

- আপনার সামনে text-টা রেখে রেকর্ডিং-টা শুনুন, এবং নোট করুন যে বক্তা কোথায় তাঁর গলা চড়াচ্ছেন বা নামাচ্ছেন, কোন শব্দে তিনি বিশেষ গুরুত্ব দিচ্ছেন, কোন শব্দতে বা শব্দাংশে তিনি volume বাড়াচ্ছেন বা কমাচ্ছেন, কোথায় তিনি থামছেন, ইত্যাদি।
- text-টা আপনার সামনে রেখে রেকর্ডিং-টা শুনুন, এবং বক্তার সঙ্গে সঙ্গে আপনিও কথাগুলি বলুন। এটা বারে বারে করুন যতক্ষণ না আপনি নিশ্চিত ও সন্তুষ্ট হবে যে আপনি বক্তার মতো সব শব্দ, বাক্যাংশ ও বাক্যগুলি বলতে পারেন।
- এবার রেকর্ডিংটা ছাড়াই জোরে জোরে text-টা বারে বারে পড়ুন, যতক্ষণ না আপনি সন্তুষ্ট হবেন।
- একটি রেকর্ডিং যন্ত্র দিয়ে এবার আপনার পড়াটা রেকর্ড করুন।

- আপনার রেকর্ডিংটা শুনুন এবং যেসব জায়গায় আপনার মনে হয় আপনার পড়াটা ঠিক হয়নি সেগুলি চিহ্নিত করুন।
- text-টা মুখস্থ করে ফেলতে পারলে যখন সুযোগ পাবেন সেটা আবৃত্তি করবেন।

ইংরেজী উচ্চারণের ছান্দসের সঙ্গে ভালো করে পরিচিত হবার জন্য রেডিও শুনতে পারেন, এবং/অথবা টেলিভিশনে ইংরেজী সংবাদ, ইংরেজী বক্তৃতা, ইংরেজী খেলাধুলার ধারাবাহিক, এবং ইংরেজী নাটক ও সিনেমা দেখতে পারেন। এভাবে আপনি যতো সময় ব্যয় করবেন ততো তাড়াতাড়ি আপনি ইংরেজী উচ্চারণে উন্নতি করবেন।

নিচে আমি একটি কবিতা আবৃত্তির তিনটি উদাহরণ দিচ্ছি যা আশা করি আপনাকে ছান্দস ব্যবহার করবার এক ধাপ থেকে তার পরের ধাপগুলোতে নিয়ে যাবে। আপনি বুঝতে পারবেন আপনি বর্তমানে কোথায় আছেন এবং সেখান থেকে পরের ধাপে যাবার চেষ্টা করতে পারবেন।

প্রথম উদাহরণটা দেখাচ্ছে ইংরেজীর একজন beginning level learner কেমন করে কবিতাটা আবৃত্তি করতে পারেন। তিনি শব্দের প্রত্যেকটা সিলেবলে, থেমে থেমে, আলাদা করে উচ্চারণ করে পড়তে পারেন।

দ্বিতীয় উদাহরণটা দেখাচ্ছে কেমন করে একজন ইংরেজী শিক্ষার্থী, যিনি পরের ধাপে উঠেছেন ও একাধিক সিলেবলবিশিষ্ট শব্দগুলি চিনতে শিখেছেন, মুখ্য স্বাসাঘিত সিলেবলগুলিতে ঝাঁক দিতে পারেন এবং কবিতাটি আবৃত্তি করতে পারেন।

তৃতীয় উদাহরণটা দেখাচ্ছে একজন একটু advanced learner, যিনি মোটামুটি fluently ইংরেজী বলতে পারেন এবং পাশাপাশি শব্দগুলিকে উচ্চারণের সময় যোগ করে কবিতাটি আবৃত্তি করতে পারেন। অবশ্য সব শিক্ষার্থীই, যারা এই তৃতীয় ধাপে পৌঁছেছেন, তাঁরা আমার মত শব্দগুলি যোগ নাও করতে পারেন।

Table 10.1: Beginning level ইংরেজী শিক্ষার্থীর ইংরেজী উচ্চারণের BPA-প্রতিলিপি

Out of the night that covers me	আউট অফ দী: নাইট দ্যাট কভার্স মে:
Black as the pit from pole to pole	ব্ল্যাক অ্যাস দী: পিট ফ্রম পোল টু পোল
I thank whatever gods may be	আই থ্যাংক ওয়ট্‌ইভার গড্‌স্‌ মে: বি
For my unconquerable soul	ফর মাই অনকংকরাবল সোল

নোট করবার জন্য পয়েন্টসমূহ:

১. একাধিক সিলেবলবিশিষ্ট শব্দাবলী - “covers”, “whatever” এবং “unconquerable” – এ প্রত্যেকটি সিলেবল আলাদা উচ্চারণ করা যায়।
২. নতুন শিক্ষার্থীরা কেমন করে “of”, “that”, “as”, “there”, “to”, “from”, এবং “for” শব্দগুলি উচ্চারণ করতে পারেন।
৩. Sound lengthener /:/ ব্যবহার করে কেমন করে “pole”, “soul”, এবং “may” শব্দগুলির দ্বৈত স্বরধ্বনিকে একক স্বরধ্বনি করে উচ্চারণ করা যায়।

Table 10.2: Medium level ইংরেজী শিক্ষার্থীর ইংরেজী উচ্চারণের BPA-প্রতিলিপি

Out of the night that covers me	আউট অফ দী: নাইট দ্যাট কভার্স মী:
Black as the pit from pole to pole	ব্ল্যাক অ্যাস দী: পিট ফ্রম পোল টু পোল
I thank whatever gods may be	আই থ্যাংক ওট এভ এর গড্‌স দেও'স মে: বী
For my unconquerable soul	ফর মাই এন কংকো'র এ বোল সোল

নোট করবার জন্য পয়েন্টসমূহ:

১. একাধিক সিলেবলবিশিষ্ট শব্দাবলী – “covers”, “whatever” এবং “unconquerable”-এ একাধিক সিলেবলবিশিষ্ট শব্দগুলির মুখ্য স্বাসাধিত সিলেবলে জোর দেয়া হয়েছে।

Table 10.3: Advanced level ইংরেজী শিক্ষার্থীর ইংরেজী উচ্চারণের BPA-প্রতিলিপি

Out of the night that covers me	আউটঅফদোনাইট দোটকভার্সমী
Black as the pit from pole to pole	ব্ল্যাকএডপিট ফ্রম পোলটুপোল
I thank whatever gods may be	আইথাংকওটএভ গড্‌সদেও'সমীবী
For my unconquerable soul	ফরমাই এনকংকো'রএবোল সোল

নোট করবার জন্য পয়েন্টসমূহ:

১. ইংরেজী কথা বলার সময় পাশাপাশি শব্দ কেমন করে যুক্ত হয় এবং BPA-তে তা কীভাবে লেখা যায়।

২. Connected speech-এ কেমন করে “of”, “that”, “as”, “there”, “to”, “from”, এবং “for” শব্দগুলির উচ্চারণ বদলে যায়।
৩. “pole”, “there” ও “may” শব্দগুলি কেমন করে দ্বৈত স্বরধ্বনি হিসাবে উচ্চারিত হয়।

১০.৩ ইংরেজী শেখার সার্বিক পদক্ষেপ

ইংরেজী উচ্চারণ আলাদা করে শেখা ঠিক না। শুধু খুব ভালো ইংরেজী উচ্চারণ করতে পারলেই আপনি ভালো ইংরেজী জানেন তা বলা যায় না। ইংরেজী উচ্চারণ, ইংরেজী শেখার দুটো অঙ্গের অংশ, ইংরেজী শুনা ও ইংরেজী বলার। এই দুইটার জন্যই ইংরেজী উচ্চারণ জানা প্রয়োজন। আমি পরামর্শ দেব যে আপনি ইংরেজী উচ্চারণ শেখাটাকে, ইংরেজীর যে আরো দুটো অঙ্গ আছে, ইংরেজী পড়া ও ইংরেজী লেখা, তাদেরও অংশ হিসাবে মনে করবেন, এবং তার জন্য নিম্নলিখিত পদ্ধতি ব্যবহার করবেন :

ইংরেজী পড়ায় দক্ষতা বাড়ানো

ইংরেজী উচ্চারণ শিখতে শিখতে আপনি অনেক নতুন ইংরেজী শব্দ ও ইংরেজী বাক্যাংশের সঙ্গে পরিচিত হবেন। তাদের অর্থগুলো শিখে ফেলবেন। আপনার ইংরেজী শব্দতালিকাতে এই নতুন শব্দগুলি যোগ করে ফেলুন, এবং আপনার ইংরেজী বাক্যাংশের সংকলনও বাড়িয়ে যাবেন। তার মধ্যে শুধু British English না, অন্যান্য দেশের ইংরেজী বাক্যাংশও জমা করবেন। কোনো ইংরেজী বক্তৃতা অথবা কবিতা আবৃত্তি শুনলে, তার ভেতরকার মূলটি বোঝবার চেষ্টা করবেন। কোনো সংবাদপত্র বা গল্পের বই পড়লেও তা করবেন। ওগুলো জোরে জোরে পড়বেন যাতে উচ্চারণের প্র্যাক্টিস হয়। আস্তে আস্তে আপনার উচ্চারণে উন্নতি আপনি নিজেই বুঝতে পারবেন। কোনো নতুন শব্দ বা বাক্যাংশ পেলে তা নোট করে রাখবেন। তাদের উচ্চারণ এবং অর্থ শিখে নিবেন। এভাবে আপনার ইংরেজী পড়বার দক্ষতা বাড়বে।

ইংরেজী লিখবার দক্ষতা বাড়ানো

একইভাবে, কোনো ইংরেজী শব্দের উচ্চারণ শিখতে যেয়ে আপনি যে নতুন ইংরেজী শব্দ অথবা বাক্যাংশ শিখবেন সেগুলি আপনার বিভিন্ন informal লেখায়, যথা email-এ ও FB-তে ব্যবহার করুন।

আপনার বিভিন্ন formal লেখাতেও, যেমন আপনার study assignment-এ, কোম্পানী রিপোর্টে, অথবা সামাজিক বা ব্যবসাগত বক্তৃতায়,

এগুলো ব্যবহার করতে পারেন। একবার ইংরেজীতে কিছু লিখলে সেটা কেমন শোনায় তা বোঝবার জন্য সেটা জোরে জোরে পড়বেন। কোনো ভুল পেলে তা শুধরে নিবেন। কিছু লিখলে তা কিছুদিনের জন্য রেখে দিবেন। কিছুদিন পরে লেখাটা নিয়ে পড়বেন, অন্যের লেখা পড়ছেন মনে করে। পড়ে দেখুন যে অন্য মানুষ সেজে আপনি লিখাটায় messageটা পান কিনা।

এরকম একটা সার্বিক পদক্ষেপ (holistic approach) নিলে আপনি ইংরেজী উচ্চারণ শিখতে আনন্দ পাবেন, আর এই প্রক্রিয়া আপনাকে কোথায় নিয়ে যেতে পারে তা কেউ জানেনা।

১০.৪ উপসংহার

আমরা এখন আমাদের এই কাল্পনিক কর্মশালার শেষ প্রান্তে এসে গেছি। আপনি যদি সমস্ত কর্মশালাটায় উপস্থিত থেকে থাকেন, তাহলে দেখে থাকবেন যে আপনাকে কোনো কোনো সেকশনে বেশি সময় দিতে হয়েছিল, আপনার সেসব সেকশনে দেয়া নতুন শব্দ আর/অথবা প্রত্যয়গুলি ভালো করে শেখার জন্য। আপনি ওইসব সেকশনে আবার ফিরে যেতে পারেন ও সেকশনটি আবার পড়বেন। সেকশনটি একাধিকবার পুনরায় পড়তে থাকবেন যতক্ষণ না আপনি সম্পূর্ণ নিশ্চিত হবেন যে আপনি সেকশনে দেয়া বিষয়গুলি আয়ত্ত্ব করেছেন।

এ পর্যন্ত আসবার পর আপনি এও হয়তো দেখবেন যে আপনি ইংরেজী উচ্চারণ সম্বন্ধে, আপনার নিজের এবং অন্যদের উচ্চারণে, আগের চেয়ে অধিক সচেতন হয়েছেন। আমি আগেই বলেছি যে আপনাকে একজন ইংরেজের মতো করে ইংরেজী বলতে হবে না। আপনার লক্ষ্য হবে যে আপনি এমনভাবে ইংরেজী বলবেন যেন আপনাকে বুঝতে অন্যদের অসুবিধা না হয়। আপনি উদ্দেশ্য করবেন যে প্রত্যেকটা ইংরেজী ধ্বনি আপনি সঠিক উচ্চারণ করতে পারেন। আপনি একাধিক সিলেবল্‌বিশিষ্ট শব্দগুলির মুখ্য স্বাসাধিত সিলেবলের ওপর বোঁক দেন, ইংরেজী উচ্চারণের ছান্দস সম্বন্ধে সচেতন হয়েছেন এবং তাদের ঠিকমতো ব্যবহার করেন। শ্রোতাদের কাছে আপনার বক্তব্য বোধগম্য করতে পারেন। এভাবে এগুলোই আপনি ঠিক পথে চলবেন।

আপনি মাঝে-মাঝে কর্মশালাটাতে পুনরায় ফিরে আসতে পারেন। ছয় মাসে বা বৎসরে একবার করে এর বিষয়গুলো পুনরালোচনা করতে পারেন। তাছাড়া, যে কথা আমি আগে বলেছি, আমি এই গাইড বইটা তৈরী করেছি যাতে আপনারা EPDB ব্যবহার করতে পারেন। যখনই আপনি কোনো ইংরেজী শব্দের উচ্চারণ জানতে বা চেক করতে চান তখন ডিকশনারিটা ব্যবহার করবেন।

ইংরেজী বলতে কোন উচ্চারণ standard অনুসরণ করতে হবে সে সম্বন্ধে কোন জাতীয় নির্দেশিকা না থাকায় এই গাইড বইতে আমি বেশীর ভাগ উদাহরণগুলিতে BrE উচ্চারণ ব্যবহার করেছি। EPDB-তেও আমি শুধু ইংরেজী শব্দের BrE উচ্চারণের প্রতিলিপি দিয়েছি। যদি দরকার হয় অন্য উচ্চারণ, যেমন GA বা যখন এশিয়ার, উপমহাদেশী বা বাংলাদেশ কোনো standard হবে, তাও দেয়া যাবে। এই মুহূর্তে বলা যায় না এগুলি কবে প্রয়োজন হবে। এ নির্ভর করবে এই বিষয়ে কোনো গবেষণামূলক কাজের ফলাফলের উপর যখন নুতন কোন standard সংহিতাবদ্ধ হবে। তা যতক্ষণ না হয়, EPGB-তে ও EPDB-তে বর্তমানে দেয়া উচ্চারণই ব্যবহার করে যেতে পারি।

আপনারা এই গাইড বইয়ের সঙ্গে দেয়া অডিও/ভিডিও রেকর্ডিং যখন ইচ্ছা ব্যবহার করতে পারেন।

শেষ কথা

এই গাইড বইয়ের বিষয়বস্তু আপনাদের মুখস্থ করার জন্য আমি দেই নাই; আমি আপনাদের শেখার জন্য দিয়েছি, যেন আপনি বিষয়গুলি বুঝে তা সম্বন্ধে চিন্তা করেন, সবার সাথে আলাপ করতে পারেন ও অন্যদের প্রশিক্ষণ দিতে পারেন।

তবে মনে রাখবেন যে একটা নুতন বিষয়, যা সম্বন্ধে আপনি গাইড বইয়ে পড়েছেন, তা পুরোপুরি না বুঝে অন্যকে শেখাতে যাবেন না। যেমন, একটা ধ্বনি, যেটি আপনি পুরোপুরি প্রত্যয়িত বা পুনরায় প্রত্যয়িত করেন নাই, তা অন্যদের শেখানোর চেষ্টা করবেন না। যেই বিষয় সম্বন্ধে আপনার কোনো সন্দেহ নাই তা শেখাতে পারেন।

এমনও হতে পারে যে অনেক বিষয় আমি ঠিকভাবে না বুঝিয়ে থাকতে পারি অথবা যথেষ্ট উদাহরণ দেই নাই। তা যদি হয়ে থাকে বা আপনার যদি অন্য কোনো মন্তব্য থাকে তা আমাকে ইমেইল করে জানাবেন। আমি প্রায় ৫৫ বছর পরে বাংলা ভাষায় লিখছি। আমার লেখাতে অনেক বানান ভুল থাকতে পারে ও আমি ভুল শব্দ, শর্তাবলী ও বাক্যাংশ ব্যবহার করে থাকতে পারি। তা আমাকে জানালে আমি কৃতজ্ঞ হব। আমার ইমেইল ঠিকানা হলো: aminrahman43@gmail.com।

পুস্তক বিবরণী

- Bangla Academy. (2015). *Bangla Academy English-Bengali Dictionary (Second Edition)*, Dhaka, Bangladesh: Bangla Academy.
- Biswas, S. (1995). *Samsad Bengali-English Dictionary (Second Edition)*, Calcutta, West Bengal: Shishu Sahitya Samsad.
- Crystal, D. (2008). *A Dictionary of Linguistics and Phonetics*, Oxford, UK, Blackwell Publishing.
- Dalton, C. and Seidelhoefer, B. (1994). *Pronunciation (A scheme for Teacher Education)*. Oxford, UK: Oxford University Press.
- Dev, A. (1993). *Students' Favourite Dictionary (24th Edition)*, Savar, Bangladesh: New Royal Press.
- Cuttendon, A. (2014). *Gimson's Pronunciation of English*. (eighth ed.). Oxford, U:K, Routledge.
- Fraser, H. (2000). *Teaching Pronunciation: A Handbook for Teachers and Trainers*, Sydney, NSW: Department of Education Training and Youth Affairs DETYA.
- Fraser, H. (2006). "Helping teachers help students with pronunciation: A cognitive approach", *Prospect*, 21(1): 80-96.
- Jenkins, J. (1998). Which pronunciation norms and models for English as an International Language? *ELT Journal*, 52(2), 119-126).
- Jenkins, J. (2000). *The Phonology of English as a Lingua Franca*. Oxford, UK: Oxford University Press.
- Jenkins, J. (2002). A Sociolinguistically Based, Empirically Researched Pronunciation Syllabus for English as an International Language. *Applied Linguistics*, 23(1): 83-103.
- Jenkins, J. (2005). Implementing an International Approach to English Pronunciation: The Role of Teacher Attitude and Identity. *TESOL Quarterly*, 39(3), 535-546.
- Jenner, B. (1989). Teaching Pronunciation: the common core. *Speak Out!*, 4:2-4.

- Jones, D. (2011). *Cambridge English Pronunciation Dictionary*. Cambridge, UK: Cambridge University Press.
- Kenworthy, J. (1988). *Teaching English Pronunciation*. Essex, England: Longman Group UK Limited.
- Kirkpatrick, A. (2012). Intelligibility and Phonological Features of English as an Asian Lingua Franca, Pronunciation Symposium, ACTA, July 2012.
- Levis, J. (1999). Intonation in Theory and Practice: Revisited. *TESOL Quarterly*, 33(1), 37-63.
- Murcia, M., Brinton D.M., Goodwin, J.M. (2007). *Teaching Pronunciation: A Reference for Teachers of English to Speakers of Other Languages*. Cambridge, UK: Cambridge University Press.
- Roach, P. (1998). *English Phonetics and Phonology: A Practical Course*. Cambridge, UK: Cambridge University Press.
- Roach, P. (1998a). *English Phonetics and Phonology: Glossary*. Cambridge, UK: Cambridge University Press.
- Shockey, L (2003). *Sound Patterns of Spoken English*, Oxford, UK: Blackwell.
- Underhill, A (2005). *Sound Foundations: Learning and teaching Pronunciation*. Oxford, UK: Macmillan.
- Walker, R. 2010. *Teaching the Pronunciation of English as a Lingua Franca*. Oxford, UK: Oxford University Press.
- Wells, J. C. (2008). *Collins English Pronunciation Dictionary*. Essex, England: Pearson Education Limited.



Amin Rahman is a 1966 BUET graduate with a background in ICT and Technology Management. He has lived and worked in Pakistan, Scotland, Bangladesh, Iraq, Venezuela, Australia, Zimbabwe and Kuwait while on assignments with the government, universities and private organisations.

He is currently working as a Freelance Applied Linguist, based in Melbourne in Australia, and researching on (a) English Pronunciation for Non-Native Speakers of English and (b) English as a Lingua Franca. He developed the Bangla Phonetic Alphabet (BPA), the main tool in this English Pronunciation Guide Book (EPGB), which he hopes will help improve the English Pronunciation of Bangalis. Later in the year, he plans to publish the English Pronunciation Dictionary for Bangalis (EPGB) which will contain about 30,000 English words and phrases commonly used by Bangalis.

Amin is also researching towards the development of an "intelligible" and "acceptable" English Pronunciation standard for Bangladesh by simplifying Jennifer Jenkins' Lingua Franca Core (LFC) model for English Pronunciation.

He takes part in the annual Asian TEFL International conference where he presents his research findings. He also gives seminars and conducts workshops on English Pronunciation in Bangladesh for all levels of learners of English.

প্রাকটিক্যাল গাইড বই

পশাদার ব্যক্তি, বিভিন্ন ধরনের কর্মচারী,
লন্ডন- যারা বোম্বা ইংরেজী উচ্চারণ
দেশীদের সাথে কথা বলতে চান, এই

)-এর সাথে প্রাথমিক পরিচয়

/f, v, z, 3, w/

, N

য়ীকরণ - /চ, স, শ, জ, ফ, প, ব, ব/

র সচেতন থাকতে হবে - /য়/, /^o/, /^u/.

ত যুক্তাকর

মহাপ্রাণতা

রিত্র

র উচ্চারণ প্রত্যঙ্গগুলির প্রাথমিক

al exercises

র জন্য শব্দাবলী এবং audio/video

video clips (DVD 2)

রিত্র শেখার জন্য audio/video clips

4 0223 3



12233

ইংরেজী উচ্চারণের গাইড বই

আমিন রহমান

ইংরেজী উচ্চারণের গাইড বই

আমিন রহমান

ENGLISH
PRONUNCIATION
GUIDE BOOK FOR
NATIVE BENGALI
SPEAKERS

Amin Rahman